আমাদের ইংরেজী শেখা ও শেখানো

শ্রীতারাপদ ভৌমিক

আমাদের ইংরেজী শেখা ও শেখানো

॥ প্রাথমিক স্তর ॥

বাণীপুর স্নাতকোত্তর বুনিয়াদী শিক্ষণ মহাবিদ্যালয়ের
ইংরেজী ও সাধারণ পদ্ধতির সহকারী অধ্যাপক
শ্রীতারাপদ ভৌমিক, এম. এ., বি. টি.

প্রাপ্তিস্থান :

মডার্ণ বুক এজেন্সী
প্রাইভেট লিমিটেড
১০ বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট
কলিকাতা-১২

হাবড়া বুক সেণ্টার
হাবড়া
২৪ পরগণা

প্রেসিডেন্সী লাইব্রেরী
১৫ কলেজ স্কোয়ার
কলিকাতা-১২

প্রকাশক :
শ্রীসুধীরচন্দ্র ভৌমিক
ধূপগুড়ি, জলপাইগুড়ি

মুদ্রণ :
হাবড়া আর্ট প্রেস
হাবড়া, ২৪ পরগণা

প্রথম সংস্করণ :
ফেব্রুয়ারী, ১৯৬৩

প্রাপ্তিস্থান :
প্রেসিডেন্সী লাইব্রেরী
১৫, কলেজ স্কোয়ার,
কলিকাতা-১২

হাবড়া বুক সেণ্টার
হাবড়া, ২৪ পরগণা

মডার্ণ বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড,
১০, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট,
কলিকাতা-১২

মূল্য ২·৭৫ নঃ পঃ

বাংলার শিক্ষক ও শিক্ষিকাদের
হাতে—

বাবা-মা'র স্মৃতির উদ্দেশে—

তারাপদ

ভূমিকা

ইংরেজী শিক্ষাদান-পদ্ধতি সম্পর্কে ইংরেজীতে লেখা বইয়ের অভাব নেই। কিন্তু ঠিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের উপযোগী কোন ইংরেজী পদ্ধতির বই আছে বলে জানি না। ইংরেজীকে বিদেশী ভাষা হিসেবে পড়ানোর জন্য ইংরেজ লেখকের বহু পুস্তক আছে। Dr. Palmer, Dr. West, A. S. Hornby, A. W. Frisby. F. G. French, C. C. Fries; Thompson & Wyatt, প্রভৃতি শিক্ষাবিদগণের পুস্তক যে কোন ইংরেজী শিক্ষকের অবশ্য পঠনীয়। কিন্তু আজ পশ্চিমবঙ্গে যাঁদের হাতে ইংরেজী শিক্ষার গোড়াপত্তন হবে, তাঁদের পক্ষে ঐ সকল পুস্তক সহজ প্রাপ্য নয়, কিছুটা দুর্বোধ্যও বটে। কিন্তু ঐ সকল শিক্ষাবিদ্গণের বক্তব্যগুলি যদি মাতৃভাষায় মাঝে মাঝে তাঁদের উদ্ধৃতি সহ গ্রন্থন করা যায়, তবে সর্ব্বশ্রেণীর শিক্ষকের পক্ষেই সেটি উপকারী হতে পারে। Technical jargon অর্থাৎ যে কোন বিষয়ের বক্তব্যকে দুর্ব্বোধ্য করার জন্য যে বিশেষ একপ্রকার জটিল শব্দজাল বিস্তার করা হয়,—তা বাদ দিলে অনেক বিষয়ই অনেকের কাছেই অনেক সরল হয়ে দাঁড়ায়—এটা আমি বিশ্বাস করি। এবং বিশ্বাস করি বলেই এই পুস্তিকা রচনায় সাহসী হয়েছি।

দীর্ঘকাল ইংরেজী পঠন-পাঠনের সাথে যুক্ত থেকে এইটুকু বুঝেছি যে আজকের ইংরেজী ভাষায় আমাদের ছাত্রদের কাঁচা থাকার কারণ তাদের কাঁচা বুনিয়াদ। অন্যান্য অনেক কারণই অবশ্য আছে, কিন্তু প্রথমদিকে অবহেলা করে মাধ্যমিক স্তরে কিংবা তারও পরে যদি ইংরেজী জ্ঞানের স্বল্পতার জন্য আফ্‌শোষ করতে বসি, তবে সেটা অযৌক্তিক হবে। একথা ঠিক, ইংরেজ আমলে ইংরেজীর যে গুরুত্ব ছিল, আজ আর তা নেই, থাকা উচিতও নয়। আর তা যদি হয়, তবে প্রথম থেকেই একে যতটা সম্ভব সহজ করে, সহজ পদ্ধতিতে পড়ানোর দিকে দৃষ্টি দিতে হবে, নতুবা সময় এবং শক্তির অপচয় ঘটবে।

বর্ত্তমানে Structural Approachকেই প্রথম শিক্ষার্থীর পক্ষে সবচেয়ে উপযোগী পদ্ধতি বলে স্বীকার করা হয়েছে। সেই অনুসারে প্রথম শিক্ষার্থীর উপযোগী পুস্তকও রচিত হয়েছে। এই পদ্ধতি শিক্ষাবিজ্ঞানসম্মত হলেও অনেক শিক্ষকের পক্ষে এই প্রকারে আরম্ভ করা অসুবিধাজনক মনে হতে পারে। এই অসুবিধা দূরীকরণের জন্য এই পুস্তিকাতে প্রচুর উদাহরণ দেওয়া হয়েছে।

সরাসরি পুস্তক হাতে দেওয়ার পূর্ব্বে প্রথম বর্ষের ছেলেদের কথোপকথনের মধ্য দিয়ে কিছুটা ইংরেজী শেখানোর কথা প্রত্যেক শিক্ষাবিদই বলে থাকেন।

কি ভাবে মুখে মুখে কতকগুলি প্রয়োজনীয় ইংরেজী structure শিখিয়ে তারপর পুস্তক হাতে দেওয়া যেতে পারে সে সম্বন্ধে প্রামাণ্য পুস্তক থেকে উদ্ধৃতি ও উদাহরণ দেওয়া হয়েছে। নিজের শিক্ষকতাকালীন অভিজ্ঞতাও তার সাথে যুক্ত করেছি।

যাঁদের বই থেকে উদ্ধৃতি কিংবা উদাহরণ দিয়েছি, কৃতজ্ঞচিত্তে তাঁদের কাছে আমার ঋণ স্বীকার করছি, যথাস্থানে তাঁদের উল্লেখ করেছি।

বহু সহকর্মী বন্ধু এবং প্রিয় ছাত্র এই পুস্তক রচনায় আমাকে উৎসাহিত করেছিলেন। তাঁদের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি।

বন্ধুবর অধ্যাপক শ্রীসুবোধকুমার সেনগুপ্ত ও অধ্যাপক শ্রীভগবান দাস গাঙ্গুলীর সক্রিয় সহযোগিতা ভিন্ন এই পুস্তক রচনা অসম্ভব ছিল। মুদ্রণকার্যে অযাচিতভাবে সাহায্য করেছেন সোদরপ্রতিম শ্রীপ্রণব গাঙ্গুলী। এঁদের কাছে আমার ঋণ অপরিশোধনীয়।

ইংরেজী উচ্চারণ সম্পর্কে যে ক্ষুদ্র অধ্যায়টি সংযোজিত হয়েছে, অনেকের কাছে সেটি অপ্রয়োজনীয় কিংবা অবাস্তব মনে হতে পারে। কিন্তু যাঁদের এদিকে কিছুমাত্র আগ্রহ আছে তাঁদের ঔৎসুক্যকে জাগ্রত করার জন্যই অধ্যায়টি সংযোজিত হয়েছে। বাংলা ধ্বনি দ্বারা ইংরেজী ধ্বনিকে সম্পূর্ণ প্রকাশ করা যায় না সত্য, কিন্তু কোন কোন ক্ষেত্রে যেখানে বাংলা চিহ্ন দিলে অনেকটা আভাস দেওয়া যায় সেখানে তারই চেষ্টা করা হয়েছে মাত্র, পরিপূর্ণ শুদ্ধতার দাবী না করে। যাঁরা Phonetics প্রভৃতি শাস্ত্র পড়ার সুযোগ পাবেন না, এতে তাঁদের সামান্য উপকার হলেও আনন্দিত হব।

প্রথম মুদ্রণে কিছু মুদ্রাকর প্রমাদ রয়ে গেল। এর জন্য আমি অংশতঃ দায়ী। পরিশেষে একটি শুদ্ধিপত্র সংযোজন করে দিলেও মুদ্রণ প্রমাদের ফলে পাঠকালে বিরক্ত হওয়া স্বাভাবিক। মুদ্রক শ্রীকৃষ্ণপদ ভট্টাচার্য্যকে স্বল্পকালের মধ্যে পুস্তকখানির মুদ্রণ কার্য্য শেষ করতে হয়েছে; তাঁর অকুণ্ঠ শ্রমের জন্য তাঁকে আমার আন্তরিক ধন্যবাদ।

যাঁদের জন্য পুস্তকখানি রচিত হ'ল তাঁরা এই পুস্তক পাঠে যদি কিছুমাত্র উপকৃত হন, তবেই আমার শ্রম সার্থক।

স্নাতকোত্তর বুনিয়াদী শিক্ষণ মহাবিদ্যালয়
বাণীপুর
পোঃ বাইগাছি (২৪ পরগণা)
১লা ফেব্রুয়ারী, ১৯৬৩।

বিনীত
তারাপদ ভৌমিক

সূচী

বর্ত্তমান পরিস্থিতি	১—৫
ইংরেজীর আরম্ভ	৬—১২
মৌখিক স্তর	১৩—২১
Structural Approach	২২—৩২
Some Structures Illustrated	৩৩—৩৮
Content Words	৩৯—৫৬
পড়তে শেখানো	৫৭—৮১
The Phonic Method	
The Word Method	
The Sentence Method	
The New Method	
The Direct Method	
The Structural Appoach	
Substitution Tables	৮২—৮৬
ইংরেজী ব্যাকারণ	৮৬—৮৯
হাতের লেখা	৯০—৯৩
ইংরেজী বানান	৯৪—৯৬
ইংরেজী পরীক্ষা	৯৭—১০৫
ইংরেজী উচ্চারণ	১০৬—১১০
কতকগুলি শিক্ষোপকরণ	১১৯—১২৩
ইংরেজী শিক্ষকের প্রতি	১২৪—১৩১

আমাদের ইংরেজী শেখা ও শেখানো

॥ বর্তমান পরিস্থিতি ॥

ইংরেজী নিয়ে আজ সারা দেশে নানা মুনি নানা মত প্রকাশ করেছেন। কেউ বল্‌ছেন—ইংরেজীকে একেবারে বাদ দিতে হবে (লোহিয়া), কেউ বলছেন—প্রাক-বিশ্ববিদ্যালয় স্তর পর্য্যন্ত সব কিছু মাতৃভাষায় (আঞ্চলিক ভাষায়) পড়তে হ'বে (শ্রীমালী), জাতীয় অধ্যাপক সত্যেন্দ্রনাথ বল্‌ছেন সর্ব্বস্তরের শিক্ষা মাতৃভাষায় দিতে হ'বে। অনেকের মতে ইংরেজী এখন বিশ্বভাষার পর্য্যায়ে এসে গেছে এবং এটি-ই একমাত্র বিদেশী ভাষা যা আমরা ভারতবাসীরা কিছুটা জানি (কৃষ্ণমাচারী), সুতরাং এ.ক বিদায় দিলে বিদেশের সাথে ভাবের আদান প্রদানে এবং বৈদেশিক জ্ঞান আহরণে আমাদের বিশেষ অসুবিধা হ'বে। অন্য আরেক দলের মতে ভারতের সংহতি বিধানে ইংরেজী ভাষার অবদানের কথা স্মরণ করে ইংরেজী পঠন-পাঠনে অধিকতর গুরুত্ব দেওয়া উচিত। ইংরেজীকে বাদ দিলে ভারতীয় সংহিত ব্যাহত হতে পারে। ইংরেজীর স্থান গ্রহণ করতে পারে এমন কোন সর্বভারতীয় ভাষা নাই ; হিন্দী রাষ্ট্র ভাষার মর্য্যাদা পেলেও সর্বভারতীয় ভাষা হিসাবে সর্বজন-গৃহীত হয় নাই। জোর করে হিন্দী চাপানোর বিরুদ্ধে দক্ষিণ ভারতীয় মত সোচ্চার এবং অন্যান্য কতকগুলি রাষ্ট্র কিছুটা দ্বিধাগ্রস্ত।

১৯৬৫ সালে ইংরেজীকে শিক্ষার সর্বস্তর কিংবা প্রশাসনিক ব্যাপার থেকে বিতাড়িত করা সম্ভব হবে না বলেই অনেকে মনে করেন। প্রধান মন্ত্রী জওহরলালজী ইংরেজী বিতাড়নের কোন সময়-রেখা টেনে দিতে চান্‌নি।

পশ্চিমবঙ্গে ইংরেজী পঠন পাঠন চল্‌ছে এবং আরও বহুদিন ধরে চলবে বলে মনে হয়। মনে হওয়ার কারণ স্বাধীনতা লাভের পর পঞ্চমশ্রেণী থেকে ইংরেজী পাঠ যেখানে সুরু হ'ত আজ আবার তৃতীয় শ্রেণী থেকে তার সুরু হবার নির্দ্দেশ পাওয়া গেছে। মাধ্যমিক শেষ পরীক্ষায় ইংরেজীর নম্বর কমেছে ; ২৫০ থেকে ২০০ নম্বর হয়েছে ; বাঁধা ধরা পুস্তক উঠে গেছে সত্য কিন্তু তাতে করে পরীক্ষার ফলের কিংবা শিক্ষার মানের কোনটিরই উন্নতি হয় নি। কারণ পুস্তক থাক বা না থাক, নম্বর কমুক কিংবা বাড়ুক, ভুল ইংরেজী লিখলেও ছাত্রকে পুরো নম্বর দিতে হবে, মাধ্যমিক বোর্ড কিংবা বিশ্ববিদ্যালয় কিন্তু এমন নির্দ্দেশ দেন না। ফলে ছাত্রের

ইংরেজীতে ফেল করছে বেশী— অনাবশ্যকরকম বশী, ভয়ানক ভাবে বেশী—এবং কৃপাঙ্ক দ্বারা তাদের পাশ করাতে হচ্ছে। অন্যান্য সব বিষয়ে পাশ করেও শুধু ইংরেজীর জন্যই ফেল করা ছাত্রের সংখ্যা সবচেয়ে বেশী। এর কারণ কি, প্রতিকারই বা কোথায় ?

কারণ খুঁজতে হলে একটু পশ্চাদ্‌পদ হওয়া দরকার অর্থাৎ ব্রিটিশ আমলের ইংরেজী পঠন-পাঠন এবং বর্ত্তমান দিনের পঠন-পাঠনের একটু তুলনামূলক বিচার প্রয়োজন। ১৯৩৫ এর পূর্ব পর্যন্ত—আমরা সকলেই জানি—সব বিষয়ই ইংরেজীতে পড়ান হত ; ইতিহাস ভূগোল অঙ্ক বিজ্ঞান ইত্যাদি সব বিষয়। বাংলা সর্বোচ্চস্তরে পাঠ্য বিষয়রূপে পরিগণিত হয় স্যার আশুতোষের আমলে। রবীন্দ্রনাথ দুঃখ করে একে বললেন—'বিলেতী যন্ত্রের সাথে একটা দিশী হাতল'। বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষার অধ্যয়ন অধ্যাপনের ব্যবস্থা করলেন আশুতোষ আর সর্বস্তরে বাংলার মাধ্যমে পঠন-পাঠনের ব্যবস্থা করলেন শ্যামাপ্রসাদ। বাংলা ভাষা ও বাঙ্গালী জাতি পিতা পুত্র উভয়ের নিকটেই সমান ঋণী।

বাংলাকে এই গুরুত্ব দানের পশ্চাতে সাহিত্যিক-রাজনীতিক-শিক্ষাবিদ্‌গণের যে সংযুক্ত প্রচেষ্টা ছিল সে কথা সর্বজনবিদিত। 'শিক্ষার বাহন', 'শিক্ষার হেরফের' প্রভৃতি প্রবন্ধে, নানা বক্তৃতায় এবং বিশ্বভারতীয় শিক্ষায় বাংলাকে সর্বোত্তম মর্য্যাদা দিয়ে রবীন্দ্রনাথ বাংলা ভাষাকে এবং বাঙ্গালীকে ভাষা-গৰ্ব্বী করে তুললেন। তাই ভাষার ব্যাপারে আমাদের আত্ম-সচেতনতা কতখানি বেশী, তা পাকিস্তানী বাঙ্গালীদের ভাষা-আন্দোলন, পুরুলিয়ার ভাষা আন্দোলন, প্রবাসী বঙ্গ সাহিত্য সম্মেলন, সারা বিশ্বে রবীন্দ্রজয়ন্তী অনুষ্ঠানের দ্বারাই প্রমাণিত হয়।

অর্থাৎ আমরা স্বাধীনতা প্রাপ্তির সাথে সাথে মাতৃভাষার—একটি সমৃদ্ধ ভাষার—শ্রীবৃদ্ধির জন্য প্রযত্ন করব বলে দৃঢ় সঙ্কল্প নিলাম। স্বদেশী যুগে বিদেশী পণ্যের সাথে সাথে বিদেশী ভাষাও সর্বত্র বর্জনীয় ছিল। বিদেশী শাসনের অবসানের সাথে সাথে সাধারণভাবে এবং অত্যন্ত স্বাভাবিক ভাবে এই কথাই সকলের মনে হয়েছিল যে ইংরেজ ও ইংরেজী দুই-ই 'ইণ্ডিয়া কুইট' করল।

এই চিন্তাধারার মূলে 'জাতীয় শিক্ষা', 'গোলামী শিক্ষা', 'কেরাণীগিরির শিক্ষা,' 'দাস মনোবৃত্তি' প্রভৃতি কথা বহুজন-প্রচারিত, বহু সভা-সমিতি-নিনাদিত, বহু পত্র-পত্রিকা বিজ্ঞাপিত হয়ে সাধারণ মানুষের মধ্যে ইংরেজ ও ইংরেজী শিক্ষার প্রতি একটা বিরুদ্ধ মনোভাব সৃষ্টি করেছিল। গান্ধীজী (যাঁর নিজের ইংরেজী বাইবেলীয় সরলতা এবং সুস্পষ্টতার জন্য বিখ্যাত) স্বাধীনতা প্রাপ্তির পূর্বেই নূতন এক শিক্ষাব্যবস্থার প্রবর্ত্তন চাইলেন—যেখানে ইংরেজীর প্রবেশ নিষিদ্ধ।

সর্বভারতীয় ভাষার সন্ধান সুরু হল এবং হিন্দীকে সেই মর্য্যাদা দেওয়া হল। এদিকে প্রাদেশিক ভাষা অনুযায়ী রাষ্ট্রের পুনর্গঠন হ'ল। আঞ্চলিক ভাষাগুলি (১৪টি) নিজ নিজ সমৃদ্ধি বৃদ্ধির চেষ্টা করতে সুরু করল এবং হিন্দী-বিরোধী একটি মনোভাবেরও সৃষ্টি হ'ল। এ সবই অত্যাধুনিক ব্যাপার।

ফলে আজ রাষ্ট্রনায়কেরা বাইবেল বর্ণিত ব্যাবেল সহরের কর্মীদের অবস্থায় এসে পড়েছেন ; দেবতার অভিশাপে তারা নাকি কেউ কারো কথা বুঝতে না পেরে স্বর্গের সিঁড়ি আর শেষ করতে পারল না। আজ জাতীর অভীপ্সার স্বর্গ-সিঁড়ি ভাষার বহুলতার জন্যই কি শেষে অসমাপ্ত থেকে যাবে ?

যা হোক্, ইংরেজীটা সব প্রদেশের মানুষই কিছু কিছু বুঝত ; এখনও তার পঠন-পাঠন চলছে ; প্রশাসনিক ব্যাপারে, লোকসভা, রাজ্যসভা, বিধান পরিষদে আজও ইংরেজীই চালু। ইংরেজী বিজ্ঞানের ভাষা, আধুনিক জ্ঞান-বিজ্ঞানের ভাষা, পাশ্চাত্য ভাবধারার বাহন, একমাত্র এই একটি ভাষা কষ্টে-সৃষ্টে আয়ত্ত করতে পারলে—লক্ষ্মী-সরস্বতীর অনেক দুয়ার খুলে যায়। সুতরাং আজকে আবার চিন্তা করতে হচ্ছে—'ইংরেজীটা থাকলে মন্দ হ'ত না ; তবে আগের মত অত উঁচু স্তরের ইংরেজী না হলেও চলবে, মোটামুটি কাজ চালানো গোছের ইংরেজীটা জানা চাই'।

মনে হয় আমাদের ইংরেজী শিক্ষার আজকের লক্ষ্য—এবং সেটা অত্যন্ত ন্যায়সঙ্গত ভাবেই—তাই হওয়া উচিত। সাহিত্যের ইংরেজী নয়, বিজ্ঞানের ইংরেজী ; বলার জন্য ততটা নয়, যতটা পড়ে অর্থোপলব্ধির জন্য ইংরেজী ; ইংরেজের মত ইংরেজী লেখার জন্য নয়, ইংরেজী লেখা মোটামুটি ভাবে বুঝবার জন্য ইংরেজী। এটাই হওয়া উচিত সাধারণভাবে ইংরেজী শেখার লক্ষ্য ; যাঁরা আরও ভাল করে শিখতে চান, তাঁদের জন্য অবশ্য অন্য ব্যবস্থা।

আজকের স্কুল-কলেজের দিকে দৃষ্টি দিলে, সাধারণভাবে ইংরেজী শেখানো ছাড়া অসাধারণ একটা কিছু করার কথাও চিন্তা কয়া যায় না। প্রাথমিক স্তর থেকেই যদি ইংরেজী শেখানো সুরু করতে হয়, তবে ইংরেজী পড়ানোর লোকই বা কোথায় পাওয়া যাবে ? ভাল করে পড়ানোর কথা, একটা শক্ত বুনিয়াদ গড়ার কথাই এখানে চিন্তা করতে হবে। সাধারণভাবে প্রাথমিক শিক্ষকের ইংরেজী বিদ্যার বুনিয়াদ নিজেরই ততটা শক্ত নয় ; যেটুকু পড়াবেন, সেটুকুও অত্যন্ত মামুলি ধরণের পড়ানোই হবে ; রুটিনে ইংরেজী শেখানোর জন্য পর্যাপ্ত সময়ও পাওয়া যাবে না। ইংরেজীর জন্য বেশী সময় দিতে গেলে, বহুবিষয়ভারাক্রান্ত পাঠ্যতালিকার অনেকটাই বাদ থেকে যাবে। সেটাও কাম্য নয়।

দ্বিতীয় কথা—ইস্কুলে ভাল করে পড়ানো না হলে বাড়িতে যে ইংরেজী পড়িয়ে

ছেলেকে তৈরী করে দেওয়া যাবে, এমন পরিবেশও নয়। আজ সর্ব্বস্তর থেকে ইস্কুলে ছেলেমেয়েরা আসছে। প্রাথমিক শিক্ষা আবশ্যিক হলে আরও বেশী আসবে। ইস্কুলের পড়ানোর ঘাটতি পুরণ করার মতো অভিভাবক, সময় কিংবা সঙ্গতি কোথায় ?

প্রাথমিক ব্যবস্থাতেই ইংরেজী শিক্ষা যদি এম্নি নমো-নমো গোছের হয়, তবে তার ফল উপের উঠে ছেলেকে ভুগ্‌তেই হবে। মাধ্যমিক স্তরেও ইংরেজীর মান নীচু করতে হবে (হয়েছে); বিশ্ববিদ্যালয়েও তথৈবচ। তাই আজকের আরেকটি লক্ষ্য এই হওয়া উচিত বলে মনে হয়—"কম শেখ, কিন্তু ভাল করে শেখ।"

আজ ইংরেজী পড়ানোর ব্যাপারে প্রথম লক্ষ্যণীয় বিবয় হওয়া উচিত, এই কম শেখাটাই কি ভাবে. ভাল শেখা হতে পারে। সময় কম, তেমন উপযুক্ত শিক্ষক নেই, উপযুক্ত পরিবেশেরও অভাব, অথচ ইংরেজী পড়াতে হবে, তা যদি হয়, তবে শেখানোর পদ্ধতির উপর জোর দিতে হয়। অর্থাৎ এমন কিছু পদ্ধতির কথা চিন্তা করা উচিত যেটা যে কোন প্রাথমিক কিংবা মাধ্যমিক শিক্ষক সহজে আয়ত্ত করতে পারেন এবং সেই অনুসারে পড়ালে কিছুটা ফললাভ করতে পারেন।

এখানে আরেকটি কথা মনে রাখলে আমরা আশাভঙ্গের দুঃখ পাব না। সব ছেলেরই ভাষা-অর্জনের ক্ষমতা সমান থাকে না, সে ভাষা মাতৃভাষাই হোক কিংবা বিদেশী ভাষাই হোক্। খেলাধূলার ব্যাপারে যেমন দেখা যায় একই খেলোয়াড় বিভিন্ন খেলাতে পারদর্শী হতে পারে, তেম্নি ভাষা শিক্ষায় যাদের আগ্রহ আছে তারা একাধিক ভাষা সহজেই আয়ত্ত করতে পারে। অনেকের পক্ষে একটি ভাষাই বোঝা হয়ে দাঁড়ায় ; বিদেশী ভাষা তাদের পক্ষে বোঝার উপর শাকের আঁটি না হয়ে আরেক বোঝা হয়ে দাঁড়ায়।

এদিকে ইংরেজ যেমন তার সাম্রাজ্য হারিয়েছে, অন্যদিকে সেটা সে পূরণের চেষ্টা করছে তার বাণিজ্যিক প্রসারের ভিতর দিয়ে, তার ভাষাকে পৃথিবীর সর্বত্র প্রসারিত করার চেষ্টা দ্বারা। অমন যে রাশিয়া, সেখানেও ৫০% ছেলেমেয়ে ইস্কুল কলেজে দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী পড়ে, অথচ রাশিয়া-ইংরেজের সম্পর্কটা সেদিক দিয়ে যে খুব মধুর সেটা কি জোর করে বলা যায় ? এই ইংরেজী ভাষার প্রসারে ইংরেজের সাথে অ্যামেরিকাও হাত মিলিয়েছে এবং তাদের গণনায় সারা পৃথিবীতে কুড়ি কোটি লোকেরও বেশী ইংরেজী পড়ে। তাই ইংরেজীটা যাতে বিদেশীরা আরও সহজে আয়ত্ত করতে পারে, তার জন্য তাদের চেষ্টার অন্ত নেই। একথা স্বীকার করতেই হবে যে ইংরেজী ভাষার জোরেই ইংরেজ বিশ্বের সাংস্কৃতিক

সভায় মর্য্যাদা পাবে, সুতরাং এ ভাষা যাতে আরও বহুল প্রচারিত হয়, তার জন্য তাদের দেশের শিক্ষাবিদ্গণ নানা ভাবে চেষ্টা করে আসছেন। রেডিও মারফত নিয়মিত ভাবে বিদেশীদের জন্য ইংরেজী-শিক্ষার অনুষ্ঠান প্রচারিত হয়; বিদেশে ইংরেজ পরিচালিত বহু শিক্ষা-প্রতিষ্ঠান ইংরেজী প্রচারে প্রচুর পয়সা ও পরিশ্রম ব্যয় করে আসছে, বিদেশে ইংরেজী শিক্ষার জন্য শিক্ষক পাঠাচ্ছে।

আজ ব্রিটিশ কাউন্সিল, ইউসিস (U. S. I. S) প্রভৃতি প্রতিষ্ঠান ইংরেজী শেখানের জন্য শিক্ষণ-প্রতিষ্ঠান খুলেছেন। ভারতবর্ষে এলাহাবাদে এবং হায়দারাবাদে ইংরেজী শেখানোর প্রতিষ্ঠান খোলা হয়েছে। সেখানে শিক্ষক শিক্ষণ কলেজ, মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজের শিক্ষকদের জন্য সহজ ভাষায় ইংরেজী শেখানোর শিক্ষা দেওয়া হচ্ছে। অল্প সময়ে, সাধারণ শিক্ষকও কি ভাবে ইংরেজী শিক্ষা দিতে পারেন তারই পরীক্ষানিরীক্ষা চল্‌ছে ঐ সকল স্থানে।

॥ ইংরেজীর আরম্ভ ॥

ইংরেজীর প্রথম পাঠ কবে, কি ভাবে স্থুরু হবে, এ নিয়েও মতদ্বৈধ আছে। আমাদের বিভিন্ন রাষ্ট্রে বিভিন্ন সময়ে ইংরাজী শিক্ষার আরম্ভ হচ্ছে। পশ্চিমবঙ্গে বর্ত্তমানে তৃতীয় শ্রেণী থেকে, অন্যান্য কয়েকটি রাষ্ট্রে ৪র্থ শ্রেণী থেকে ইংরাজী স্থুরু করার কথা, একটি রাষ্ট্রে ইংরেজী শিক্ষা আরম্ভ হচ্ছে অষ্টম শ্রেণী থেকে। প্রথম প্রথম নিম্নবুনিয়াদী বিদ্যালয়গুলিতে ইংরাজী পড়ানোর কথা ছিল না। গান্ধীজী বলেছিলেন ৮ বৎসরের বুনিয়াদী শিক্ষার শেষে একটি ছেলে ম্যাট্রিক পাশ ছেলের সমকক্ষ হবে, একমাত্র ইংরেজী ছাড়া (minus English)। আজ কিন্তু বুনিয়াদী বিদ্যালয়গুলিতেও ইংরাজী পড়ানো হচ্ছে অন্যান্য প্রাথমিক বিদ্যালয়গুলির মতই। স্থুতরাং ইংরেজীর ব্যাপারে আর বুনিয়াদী বিদ্যালয়গুলিকে দোষারোপ করা চলে না।

বিদেশী ভাষা কোন্ বয়স থেকে স্থুরু করা উচিত এ বিষয়ে, আগেই বলেছি, মতবিরোধ আছে। অত্যন্ত স্বাভাবিক ভাবেই আমরা মনে করতে পারি যে নিজের মাতৃভাষার উপর কিছুটা অধিকার অর্জন করার আগেই ইংরেজী কিম্বা অন্য কোন বিদেশী ভাষা শেখা উচিত নয়। এ বিষয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয় কমিশন (স্যাডলার কমিশন) ১৯১৯ সালে স্থুস্পষ্ট মত প্রকাশ করে বলেছিলেন—"a severe training in the mother tongue is not a rival, but the necessary preliminary to training in the use of English." অর্থাৎ মাতৃভাষায় বেশ ভাল রকমের গোড়াপত্তন করে দিলে সেটা ইংরেজী শেখার অন্তরায় না হয়ে বরং সহায়ক হয়।

কিন্তু মাতৃভাষায় বেশ ভালরকমের গোড়াপত্তন বল্‌তে আমরা কোন্ শ্রেণী পর্যন্ত ধরব? পঞ্চমশ্রেণী (বর্ত্তমানের) হলে নিশ্চয়ই গোড়াপত্তন তৃতীয় শ্রেণী অপেক্ষা ভাল হয়, কিন্তু এ ব্যাপারে অর্থাৎ বিদেশী ভাষা শিক্ষার ব্যাপারে, কেউ কেউ বলেন, ছোট বয়স থেকে আরম্ভ করাই ভাল। 'Catch them young'; বুলি শেখাতে হলে ছানা ধরাই ভাল, ধাড়ি ধরে লাভ নেই। একজন বিলেতী বিশেষজ্ঞের (শারীরবিদ্যা-বিশারদ) মতে মস্তিষ্কের যে কোষগুলি ভাষাশিক্ষার

ব্যাপারে সাহায্য করে, বড় হওয়ার সাথে সাথে সেগুলি নাকি atrophied অর্থাৎ অব্যবহারে অকেজো হয়ে যায়। তাই একশ্রেণীর বিশেষজ্ঞের মতে ইংরেজীটা যদি শেখাতেই হয়, তবে যত তাড়াতাড়ি আরম্ভ করা যায় ততই ভাল। গত ১০ই আগষ্ট ১৯৬২-র আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত একটি খবরে এই মতের সমর্থন পাওয়া যায়। "বিশেষজ্ঞেরা সম্প্রতি হামবুর্গে এক সম্মেলনে তাঁহাদের অভিমত ঘোষণা করিয়াছেন। বহু গবেষণার ও তথ্যের সমর্থন এই অভিমতের পিছনে আছে। ইহারা বলিতেছেন যে না, ভয় করিবার কিছুই নাই। কিণ্ডারগার্টেনের শিশুকেও দ্বিতীয় একটি ভাষা শিখাইলে তাহার মাতৃভাষা শিক্ষা করিবার ক্ষমতা ক্ষুণ্ণ হইবে না; তাহার প্রতিভার স্বাভাবিক বিকাশের উপরেও কোন চাপ পড়িবে না।" ইহাদের ধারণা কিশোর বয়স্কের তুলনায় নিতান্ত শিশুরই বরং নূতন ভাষা শিখিবার ভাল কান আছে।

বিশেষজ্ঞেরা এই প্রসঙ্গে ব্যাকরণ-বিভীষিকার কথাও বলিয়াছেন। "শিশুর ভাষা শিক্ষায়,—তাহা মাতৃভাষা হউক অথবা দ্বিতীয় ভাষা হউক, ব্যাকরণের সাহায্যের কোন প্রয়োজন নাই। এ ক্ষেত্রে ব্যাকরণ বরং বিপরীত ফল সৃষ্টি করিবে, ব্যাকরণই শিশুর ভাষা শিক্ষার অন্তরায় হইবে।"

বর্ত্তমানের তৃতীয় শ্রেণী থেকে আরম্ভ করার মূলে ঐ যুক্তি রয়েছে। কিন্তু এই পর্য্যায়ের প্রাথমিক ইংরেজী পুঁথির ইংরেজী নয়, প্রথমে মৌখিক ইংরেজী হতে হবে। তৃতীয় শ্রেণীর একটি শিশুকে ইংরেজী বই পড়ার কায়দা শেখাতে গেলে তার চাই অক্ষর পরিচয়, শব্দ-পরিচিতি ও উচ্চারণ সামর্থ্য অর্থবোধ এবং সমগ্র বাক্যের অর্থসংগ্রহ। একটা বিদেশী ভাষাকে এমন বিশ্লেষণ করে শেখাতে গেলে তার আর কোন রস থাকে না। অথচ মুখে মুখে দরকারী ইংরেজী শেখাতে পারলে তা শিক্ষার্থীর কাছে সরস হয়, অর্থপূর্ণ হয়। এর পর যদি তার হাতে এমন একখানা বই দেওয়া যায় যাতে তার জানা কথা, জানা বাক্য (যেগুলি সে মুখে মুখে শিখেছে) থাকে, তা হলে সে পড়াটা তার কাছে পীড়াদায়ক না হয়ে আনন্দদায়ক হওয়ার সম্ভাবনা।

যে কোন ভাষার প্রথম রূপ কথ্য রূপ। মনের ভাব প্রকাশের জন্য ভাষা এবং সে ভাষা মুখের ভাষা। পুঁথির ভাষা, লেখার ভাষা অনেক পরের। সুতরাং ভাষার এই সক্রিয় দিক (active aspect) অর্থাৎ মৌখিক প্রয়োগ তার নিষ্ক্রিয় দিক (passive aspect) অর্থাৎ লিখিত প্রয়োগ থেকে বেশী প্রয়োজনীয়। দ্বিতীয়তঃ ভাষার ব্যবহারিক রূপের সাথে পরিচিত হ'লে অর্থাৎ ভাষাকে ব্যবহার করতে পারলে, তবেই প্রথম শিক্ষার্থী আনন্দ পায়, এ আনন্দ সদ্য ফলপ্রাপ্তির

আনন্দ। 'Shut up' বলে যদি এক জনের মুখ বন্ধ করে দেওয়া যায়, তবে তাতে আছে আনন্দ, আর বানান করে অর্থ মুখস্থ করে ঐ কথা দুটির নিষ্ক্রিয় রূপের সাথে পরিচিত হলেও কারও মুখ তাতে বন্ধ করা যায় না। তৃতীয়তঃ ভাষাকে প্রয়োগ করতে পারলে তাতে করে নূতন একটা শক্তির সম্বন্ধে সচেতন হওয়া যায়। মনের ভাব প্রকাশ করার জন্য তো মাতৃভাষা রয়েছেই, সেই ভাবটা আমি অন্য প্রকারেও প্রকাশ করতে পারি, এই মনোভাব শুধু ছোটদের বেলায় কেন, বড়দের বেলাতেও হামেশাই দেখা যায়।

একটা উদাহরণ দিয়ে বক্তব্যটা আরেকটু স্পষ্ট করার চেষ্টা করা যাক। কলিকাতার কোন একটি মিশনারী পরিচালিত স্কুলে ইংরেজীর মাধ্যমে পড়ানো হয়। নার্শারী বিভাগ থেকেই এই ব্যবস্থা। ঐ বিভাগে ভারতবর্ষের বিভিন্ন রাষ্ট্রের ছেলেমেয়ে রয়েছে, Anglo-Indian, চীনা ছেলেমেয়েও আছে। সকলেরই বয়স ৩ থেকে ৫/৬ এর মধ্যে। বলা বাহুল্য এদের সকলের ভাষা এক নয়। শিক্ষয়িত্রীরা কিন্তু ইংরেজী বলেন। নার্শারী স্তরে—সকলেই জানেন—পড়াশুনার বিশেষ একটা বালাই নেই। খেলাধূলা করা, কিছু সদভ্যাস গঠন করা, ছড়া মুখস্থ করা ইত্যাদির মধ্যেই এদের শিক্ষা সীমাবদ্ধ। কিন্তু পড়তে না হলেও, খেলতে তো হবে এবং তার জন্যও ভাষার প্রয়োজন আছে। শিক্ষয়িত্রীদের সাথে কথা বলতে বলতে এরা ইংরেজীতে মোটামুটি ভাবে নিজেদের মনের ভাব প্রকাশ করতে শেখে। খেলার সাথীদের সাথেও ধীরে ধীরে ইংরেজীতে কথা বলার অভ্যাস গড়ে ওঠে। ছড়া বলার মধ্যে দিয়ে উচ্চারণ ক্রমশঃ স্পষ্টতর হয়ে আসে। ক্রমে তাদের পড়তে শেখানো হয়, লিখতে শেখানো হয়।

এই ভাবে অর্থাৎ ইংরেজী-পরিবেশে ইংরেজী শেখানো যে প্রাথমিক স্তরে খুবই সম্ভব সেটা পরীক্ষিত। কিন্তু সাধারণ প্রাথমিক বিদ্যালয়ে এইরূপ স্বাভাবিক পদ্ধতি (Natural method)-তে ইংরেজী শেখানোর অনেক বাধা। প্রথমতঃ ইংরেজী-পরিবেশ পাওয়া সম্ভব নয়. দ্বিতীয়তঃ, অনর্গল স্বাভাবিক ভাবে ইংরেজী বলতে পারবেন এমন শিক্ষকও দুর্লভ, তৃতীয়তঃ, সময়েরও অভাব। যেমন করে শিশু মাতৃভাষা শেখে, তেমনি করে সে বিদেশী ভাষাও শিখতে পারে যদি তাকে ঐ বিদেশী পরিবেশে মানুষ করা যায়। কিন্তু গোটা দেশের সবগুলি স্কুলে এইরূপ পরিবেশ গড়ে তোলার কথা চিন্তাও করা যায় না, সুতরাং ঐরূপ স্বাভাবিক পদ্ধতিতে সাধারণ বিদ্যালয়ে বিদেশী ভাষা শেখানোর চিন্তা আমাদের পরিত্যাগ করতে হবে।

পুরানো First Book এর সাথে যাঁরা পরিচিত তাঁরা যে ভাবে ইংরেজী

শিখেছেন সেটা মনে করলে দেখবেন যে সেখানে ইংরেজী অক্ষরপরিচয়ের পরেই কতকগুলো সমোচ্চারিত শব্দ (অনেক ক্ষেত্রেই অর্থহীন) পড়ানো হ'ত—যেমন— Bly, Fly, Sly ইত্যাদি। এই ভাবে পড়ার যে সুবিধে নেই, তা নয়। মোটামুটি ভাবে একই জাতীয় কতকগুলি শব্দের উচ্চারণের সাথে পরিচিত হলে পরে নিজে নিজে পড়াটা কিছু সহজ হয়। কিন্তু এই ভাবে পড়ার অসুবিধে হ'ল,

(১) ইংরেজী উচ্চারণের নিয়মভঙ্গ হয় যে সব স্থানে সে সব জায়গায় ভুল উচ্চারণের সম্ভাবনা থাকে ; যথা—put, but ;

(২) সব কথা বানান করে পড়ার বদভ্যাস গড়ে ওঠার সম্ভাবনা থাকে ;

(৩) পড়ার উপরে এবং মুখস্থ করার উপরেই বেশী জোর দেওয়ার ফলে ভাষার ব্যবহারিক দিক উপেক্ষিত হয় ;

(৪) শুধু কতকগুলি শব্দ মুখস্থ করলেই ভাষা শিক্ষার বুনিয়াদ গড়া হয়না, যতক্ষণ পর্য্যন্ত না সেই শব্দগুলিকে যথাযথভাবে বাক্যে প্রয়োগ করা যায়।

ধরুন, কয়েকটি সহজ শব্দ The, Killed, Ram, Tiger, এগুলিকে সাজিয়ে Ram killed the tiger ; The tiger killed Ram দুটি বাক্যই রচনা করা যায় ; অথচ শব্দগুলির স্থানপরিবর্ত্তনের ফলে অর্থের কি ভয়ঙ্কর পার্থক্য হয়ে যায়। সুতরাং কতকগুলি শব্দ শেখাই প্রধান কথা নয় (তা হলে word book মুখস্থ করতে পারলেই একটা ভাষা শেখা যেত) ; শব্দগুলিকে ঠিক মত সাজিয়ে না নিতে পারলে তার অর্থ-সঙ্গতি হয় না। 'He is going to school'-এর এক অর্থ, আর ঐ শব্দগুলিকেই একটু বদলে নিলে 'Is he going to school'-এর অন্য রকম অর্থ হয়ে যায়। এই word-order এর সঙ্গে যতক্ষণ পর্য্যন্ত শিক্ষার্থী পরিচিত না হচ্ছে, ততক্ষণ তার পক্ষে শুদ্ধ ভাবে কোন কিছু বলা বা লেখা সম্ভব নয়।

ইংরেজী ভাষাকে বিশ্লেষণ করে দেখা গেছে তার Structure বা গঠনরীতি সীমাবদ্ধ ; ২৭৫টির মত এর বাক্যগঠনরীতি (structure) আছে। খুব সহজ থেকে খুব কঠিন অর্থাৎ জটিল বাক্যও এই সংখ্যার মধ্যেই সীমাবদ্ধ। ধীরে ধীরে, এক একটি বাক্যের গঠনরীতির সাথে পরিচিত হওয়া, পুনঃ পুনঃ অনুরূপ বাক্য গঠন করা, মুখে বলা এবং লেখার মধ্য দিয়ে ঐ Structureটি আয়ত্ত করতে হবে। বার বার আবৃত্তি, লেখা এবং পড়ার অভ্যাসের ফলে শুদ্ধ রীতিটি অধিগত হলে ভুল হওয়ার সম্ভাবনা কমে যাবে বলে আশা করা যায়। একটি উদাহরণ দেওয়া হচ্ছে—

May I go out, sir ? এই বাক্যটিতে শিক্ষকের কাছে বাইরে যাওয়ার অনুমতি চাওয়া হচ্ছে। অন্যান্য অনেক ক্ষেত্রে এরূপ অনুমতি চাওয়া প্রয়োজন

হ'তে পারে ; সে ক্ষেত্রে অনুরূপ structure হতে পারে যথা :—

May we go out, sir ?

May he go out, sir ?

May I write on this paper, sir ?

May I do this sum, sir ?

May I take this pencil, sir ?

এই ভাবে একই রীতির অনেকগুলি বাক্যের অনুশীলন করলে ছাত্রেরা ঐ বাক্যগুলির গঠনরীতির সাথে পরিচিত হবে এবং ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে তার সম্পূর্ণ অর্থবোধও হবে।

এখানে বিশেষ করে যে কথাটি মনে রাখা প্রয়োজন সেটি হচ্ছে, ছাত্রকে একটি সম্পূর্ণ বাক্যের সঙ্গে পরিচিত করা। শব্দ ছাড়া বাক্য গঠন করা সম্ভব নয়, একথা নিশ্চয়ই সত্য, কিন্তু বিচ্ছিন্ন শব্দ দ্বারা কোন কোন ক্ষেত্রে আদেশ করা (Go, Come, Ready, Stop, Go out ইত্যাদি), মনের ভাব প্রকাশ করা (Hurrah ! alas ! oh ! ইত্যাদি), বিশেষ ক্ষেত্রে কোন বস্তুকে বোঝানো (Ram ! rat ! when ? what ? ইত্যাদি) গেলেও এভাবে কোন ভাষাতেই সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করা সম্ভব নয়।

কিন্তু এই বাক্-রীতির সাথে পরিচিত করাতে গেলে ব্যাকরণের সাহায্য নিয়ে করানো সম্ভব নয়, উচিতও নয়। অভ্যাস এবং প্রয়োগ দ্বারাই এটা সম্ভব।

শ্রেণীতে প্রথম শিক্ষার্থীকে প্রথমেই কতক গুলি বাক্যের সাথে পরিচিত করাতে হবে। এ ক্ষেত্রে কিন্তু অনুবাদের সাহায্য লওয়া চলবে না। ইসারা, অঙ্গভঙ্গি, কাজে করে দেখানোর ভিতর দিয়ে ইংরেজী বাক্যটির অর্থ সুস্পষ্ট করার চেষ্টা করতে হবে। যেখানে বোঝানো নিতান্তই অসম্ভব মনে হবে, সেখানেই কেবল ইংরেজীর বাংলা প্রতিশব্দের প্রয়োজন হবে। কয়েকটি উদাহরণ দিয়ে বক্তব্যটি স্পষ্টতর করার চেষ্টা করা যাক্।

শ্রেণীতে প্রবেশ করেই শিক্ষক, ছাত্রদের উদ্দেশ করে Good morning, boy. অথবা Good afternoon, boys বলে wish করতে পারেন এবং ছাত্রদেরও Good morning, sir/madam ; Good afternoon, sir/madam বল্‌তে শেখাবেন। দু'চার দিন অভ্যাস করলেই এটি অভ্যাস হয়ে যাবে। (এ ক্ষেত্রে মনে রাখতে হবে ইংরেজী কায়দায় দুরস্ত করার উদ্দেশ্যেই Good morning,

Good afternoon, শেখানো হচ্ছে, এমন কথা নয়। শ্রেণীর বাইরে ইংরেজী শিক্ষকের সাথে দিনের প্রথম ভাগে দেখা হলে তারা জাতীয় কায়দায় নমস্কারই করবে, কিন্তু Good morning, sir কিংবা Good afternoon, sir বললেও ইংরেজী শিক্ষক হিসাবে আমি আপত্তি করব না)। ক্লাশ থেকে বেরিয়ে যাওয়ার সময় শিক্ষক 'Good-bye' বলবেন, ছাত্রেরাও বলবে।

ছেলেরা শিক্ষককে প্রবেশ করতে দেখলেই দাঁড়াতে অভ্যস্ত। শিক্ষক তাদের 'wish' করার পর Boys, sit down বলবেন এবং হস্ত সঞ্চালন দ্বারা কি করতে হবে, বুঝিয়ে দেবেন। ছেলেরা বসবে। এইবার শিক্ষক ইচ্ছা করেই ছেলেদের আবার বলবেন—Boys, Stand up এবং কি করতে হবে হস্ত সঞ্চালন দ্বারা তাদের বুঝিয়ে দেবেন ছেলেরা দাঁড়ালে আবার তাদের বলবেন, Boys, sit down। এই ভাবে দুই একবার Stand up, Sit down করালেই ঐ বাক্য দুটির অর্থ তাদের হৃদয়ঙ্গম হবে। এরপর শিক্ষক কোন একটি ছেলেকে বলতে পারেন—"Naren, stand up", Jiten, stand up", এবং আবার তাদের "Naren, sit down", "Jiten, sit down" বলে বসতে বলবেন।

এখানে লক্ষ্যণীয়, ছেলেরা শুধু নীরবে আদেশ পালন করে যাচ্ছে, তারা কিছু বল্‌ছে না, কিংবা পড়ছে না। **ভাষা শিক্ষায় এরূপ নিষ্ক্রিয় ভূমিকা গ্রহণ করে শিক্ষার্থী বেশীক্ষণ আনন্দ পেতে পারে না। তাদের দিয়েও সক্রিয়ভাবে কিছু করানো প্রয়োজন।**

শিক্ষক এইবারে কোন একটি ছাত্রকে বলতে পারেন—'Come here' এবং সে কাছে এলে (না বুঝলে সব সময়েই ইসারার সাহায্য নেওয়া যেতে পারে) তাকে বলতে পারেন—Say, "Boys stand up"; শিক্ষকের কথা ছাত্রটি যদি বুঝতে না পারে তবে তাকে এই বললেই যথেষ্ট হবে, "বল, Boys, stand up, এবং সে বলামাত্রই ছাত্রেরা উঠে দাঁড়াবে এবং তারপর ছেলেটি আবার আদেশ দেবে "Boys, sit down" এম্নি ভাবে কয়েকটি ছেলেকে কাছে ডেকে এনে তাদের দিয়ে গোটা শ্রেণীকে কিংবা ব্যক্তি বিশেষকে আদেশ দেওয়ালে শ্রেণীর সাড়া পাওয়া যাবে এবং কতকগুলি প্রয়োজনীয় বাক্যের সাথে এই ভাবে পরিচয় হবে।

শুধু stand up, কিংবা sit down এর মধ্যেই ছাত্রদের কাজ সীমাবদ্ধ থাকবে না নিশ্চয়ই। এ ক্ষেত্রে নীতিটি হওয়া উচিত এই যে, যে সকল কাজ ছেলেদের দিয়ে শ্রেণীর মধ্যেই করানো সম্ভব সেই সকল কাজ তাদের দিয়ে ইংরেজী আদেশের মধ্য দিয়ে (Grammar এর Imperative Mood) করানো এবং

আদেশগুলি আবার তাদের দিয়ে বললো। 'Come here. Go to your seat. Open the door. Shut the door. Come to the black board. Open the window. Shut the window. Open your eyes. Shut your eyes. Go out. Come in. Give me your book. Take your book ইত্যাদি বাক্য দ্বারা প্রথম দুই একদিন কাজ চালানো যেতে পারে।

সাথে সাথে 'What's your name, please প্রশ্ন করে ছেলেটির নাম বল্‌তে তাকে শেখানো যেতে পারে—My name is Nabin, sir। এ ক্ষেত্রে উত্তরটিও প্রথম শিক্ষার্থীকে শিখিয়ে দিলে তবেই সে উত্তর দিতে পারবে এবং শিক্ষক প্রত্যেকটি ছাত্রকে তার নাম এই ভাবে জিজ্ঞাসা করবেন এবং জেনে নেবেন। শিক্ষক ছাত্রদের কয়েকজনকে দিয়েও শ্রেণীর অন্যান্য ছাত্রদের ঐ প্রশ্নই করাতে পারেন—"What's your name, please" এবং অন্যেরা তাদের সেই প্রশ্নের যথারীতি উত্তর দেবে। What class do you read in ? I read in Class III এই প্রশ্ন এবং উত্তরও পূর্বোক্ত প্রকারে শেখানো যেতে পারে।

প্রথম কিছু দিন লেখা কিংবা পড়ার দিকে শিক্ষক ছাত্রদের মনোযোগ আকর্ষণ করবেন না। কথোপকথনের মধ্যে দিয়ে গুটিকয়েক বাক্যমাত্র তাদের শেখাবেন এবং বলাবেন। এই ভাবে ইংরেজীর আরম্ভ করা যেতে পারে।

॥ মৌখিক স্তর ॥

"Learn to swim by swimmimg ; learn to speak by speaking."

গুটিকতক প্রয়োজনীয় বাক্য কথোপকথনের মধ্য দিয়ে শিখিয়ে নিয়ে তারপর সুপরিকল্পিত পদ্ধতিতে অগ্রসর হওয়া বাঞ্ছনীয়। কথোপকথন বলতে যেন আমরা একটানা অনেকগুলি বাক্য ব্যবহার করার চিন্তা না করি। প্রথম শিক্ষার্থী যদি একটি প্রশ্নের উত্তরে একটি বাক্য বল্‌তে পারে, কিংবা একটি বাক্য দ্বারা মনের ভাব প্রকাশ করতে পারে, তা হলেই যথেষ্ট মনে করা যেতে পারে।

ছাত্রকে আদেশ দিলে সে যদি মুখে কিছু না বলে আদেশ পালন করে, তা হলে বুঝা যায় সে আদেশটি বুঝেছে ; কিন্তু সে যদি কি করল, তা-ও সাথে সাথে বলে, তবে সে আরেকটি বাক্যের সাথে পরিচিত হয় এবং ক্রিয়াটি আরও ভালভাবে বুঝতে পারে, যথা—Nabin, open the door.—I am opening the door , নবীন এ ক্ষেত্রে দরজাটি খুলবে এবং সাথে সাথে বলবে। অবশ্য কি বলতে হবে সেটা তাকে আগেই শিখিয়ে নিতে হবে। শিক্ষক নিজে দরজা খুলতে খুলতে বলতে পারেন—I am opening the door। এই ভাবে শিক্ষকের আদেশ পালন করার কালেই ছাত্র কি করছে তা বলবে :—যথা I am opening my book, I am standing, I am sitting, I am running। এ ক্ষেত্রে What are you doing ?—এই প্রশ্ন করেও ঐ উত্তরগুলি পাওয়া যেতে পারে ; কিন্তু তা হলে প্রশ্নটিকে বাংলায় ব্যাখ্যা করে না দিলে ছেলেদের পক্ষে তার অর্থ বুঝা কঠিন হবে বলে মনে হয়। তার চেয়ে শুধু Present Continuous Tense দ্বারা কি কাজ তারা করছে সেটি বল্‌তে পারলেই হবে।

মোটামুটি একে "Do and say" পদ্ধতি বলা যায়। এই ভাবে ছাত্র যা করবে মুখে তা বলবে। কতকগুলি উদাহরণ দেওয়া হচ্ছে :

Teacher – Jiten, open the door.

Pupil—I am opening the door.

Teacher—Hiren, come to the board.

Pupil—I am coming.

Teacher—Hari, stand up.

Pupil—I am standing.

শরীরের অঙ্গ প্রত্যঙ্গের নাম শেখানোর ব্যাপারে Show me your

head/hand/eyes/nose ইত্যাদি প্রশ্ন করে This is my head/hand/eye/nose ইত্যাদি উত্তর আদায় করা যেতে পারে। শিক্ষক যে অঙ্গটি দেখাতে বলবেন, নিজে প্রথমে সেই অঙ্গটি দেখিয়ে দিলে কি দেখাতে হবে বুঝতে ছেলেদের কোন কষ্ট হবে না। সব সময় মনে রাখা প্রয়োজন প্রশ্নটি একই প্রকারের হবে অর্থাৎ প্রশ্নের গঠনরীতি (structure) একই প্রকারের হবে; নতুবা ছাত্রেরা বুঝতে পারবে না, বাংলা করে সেটিকে বোঝানোর প্রয়োজন হবে।

শরীরের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের নাম যা এইরূপ direct method এ শেখানো যেতে পারে—

arm (arms)	eye (eyes)	heel	shoulder
back	face	knee	throat
beard	finger (fingers)	leg	thumb
cheek	foot (feet)	lip	tooth (teeth)
chest	forehead	mouth	wrist
chin	hand (hands)	nail (nails)	
ear (ears)	hair	neck	
elbow	head	nose	

(বস্তুর নাম)

শ্রেণীতে যে সকল বস্তু আছে, সেগুলির নামও এই প্রকার direct method এ অর্থাৎ মাতৃভাষার সাহায্য না নিয়ে শেখানো যায়। সেখানে প্রশ্নটির রূপ—What is this/that এবং উত্তরটির রূপ—This is a—অথবা That is a — হবে। হাতের নাগালের মধ্যে যে জিনিষ রয়েছে সেটা বোঝাতে This এবং নাগালের বাইরের জিনিষ বোঝাতে That ব্যবহার করতে হবে।

এই ভাবে chair, table, blackboard, paper, pen, pencil, bench flower, garden, book, ink প্রভৃতির সাথে পরিচিত করা অর্থাৎ তাদের ইংরেজী নামের সাথে একটি অর্থপূর্ণ বাক্যের মাধ্যমে পরিচিত করা সম্ভব।

Harold E. Palmer তাঁর The Teaching of Oral English বইতে শ্রেণীতে যে সব জিনিষ দেখানো এবং তাদের ইংরেজী নামের সাথে পরিচিত

করানো যেতে পারে তার একটা তালিকা দিয়েছেন ঃ—

bag
ball
basket
blackboard
bell
book
bottle
box (match box)
brush
bucket (pail)
button
card
ceiling
chain
chair
cigarette
clock
cork
corner (of room etc.)
cover (of book etc.)
door
drawer
envelope
feather
flag
floor
flower
fork
glass (tumbler)
hole (made in card)

letter
lid
looking glass
map
match
nail
newspaper
pen
pencil
picture
pin
pipe
plate
post card
pot
ring
room
screw
spoon
stamp
stick
stone
table
telegram
ticket
tin (can)
tray
umbrella
wall
window

key knife

leaf

এ ছাড়া আরও অনেক জিনিষ শ্রেণীতে এনে রাখা যেতে পারে এবং তাদের নামের সাথে পরিচিত করানো যেতে পারে। জিনিষগুলির গায়ে যদি তাদের ইংরেজী নাম লেখা থাকে, তবে বারবার দেখতে দেখতে সেগুলির আক্ষরিক রূপের সাথেও ছেলেরা ক্রমশঃ পরিচিত হবে।

Palmer তাঁর The Teaching of Oral English বইখানিতে ভাষা শিক্ষার তিনটি স্তরের উল্লেখ করেছেন—

1. Receiving knowledge
2. Fixing it in the memory by repetition
3. Using the knowledge by real practice

প্রথমে শিক্ষকের মুখ থেকে ছাত্রেরা This is a book এই বাক্যটি শুনল। তারা এই নূতন বাক্যটির সাথে পরিচিত হ'ল, এটিকে গ্রহণ করতে অর্থাৎ শিখতে চেষ্টা করল। শিক্ষক অনুরূপ আরও অনেকগুলি বাক্য বললেন—

This is a table

This is a chair

This is a man ইত্যাদি

ছাত্রেরা This is a...এই sentence patternএর সাথে পরিচিত হ'ল এবং এর সঙ্গে কোন একটি বস্তু বা ব্যক্তির নাম যোগ করে দিলেই (book, table, chair, man, cow ইত্যাদি) যে সেই বস্তু বা ব্যক্তিকে বিশেষ ভাবে বুঝা গেল সেটা ধরতে পারল। দ্বিতীয় স্তরে—নূতন বাক্‌রীতিটি মনে রাখার ব্যাপার এবং নূতন নূতন ক্ষেত্রে ছাত্র যদি অর্জিত বিদ্যার পরিচয় দিতে পারে, তবে শেখাটা আর এক ধাপ অগ্রসর হ'ল। এখানেও শিক্ষকের সাহায্যের প্রয়োজন আছে। তিনি হয়তো বলবেন—

This is a chair

What's this ?

(Answer) It's a chair.

This is a table.

What's this ?

(Answer) It's a table.

তৃতীয় স্তরে—ছাত্র তার অর্জিত বিদ্যার পরিপূর্ণ ফল লাভ করবে যদি সে নিজের চেষ্টায় এখন নূতন নূতন ক্ষেত্রে তার প্রয়োগ করতে পারে এবং অন্যকেও শেখাতে বা শিখতে সাহায্য করে। ছাত্র শিক্ষকের ভূমিকা নিতে পারে এবং অন্য ছাত্রকে প্রশ্ন করতে পারে—

This is a chair.

What's this ? (Pupil A asks pupil B) (B answers) It's a chair.

এ পর্যন্ত ব্যবহৃত sentenceগুলিকে বিশ্লেষণ করলে দেখা যাবে তাদের প্রত্যেকটির মধ্যে কতকগুলি শব্দের পৃথক পৃথক অর্থ নিতান্ত গৌণ, কোন একটি বাক্যের গঠনকার্য্যের তারা ইট-কাঠ মাত্র। এগুলিকে বলা যেতে পারে structural words—উদাহরণ—

This is a/book

This is a/pen

This is a/pencil

This, is, a এই শব্দগুলি বাক্য গঠনের জন্য প্রয়োজন বটে, কিন্তু অর্থের দিক থেকে তারা সম্পূর্ণ নয়। প্রথম বাক্যটির প্রধান শব্দ book, দ্বিতীয়টির pen, তৃতীয়টির pencil। এদের বুঝবার জন্যই This, is, a, এই তিনটি অপ্রধান শব্দের প্রয়োজন হয়েছে। ওদের যদি বলি **Structural words, 'book', 'pen', 'pencil'**-কে বলব **Content words। ওদের যদি বলি ইট-কাঠ এদের বলব সিমেণ্ট।**

Is this a / desk ? Yes, it is.

Is this a / ruler ? Yes, it is.

Is this a / pencil ? Yes, it is.

উপরের তিনটি sentenceএ ...Is, this, a-কে বলতে পারি Structural words, আর desk, ruler, pencil কে বলব Content words.

A. W. Frisby তাঁর Teaching English বইতে sentence structure-এর পারম্পর্য্য রক্ষার ব্যাপারে শিক্ষককে বিশেষ গুরুত্ব দিতে বলেছেন। **Sentence বলতে আমরা বুঝি কতকগুলি শব্দের বিশেষ স্থানে অবস্থানের দ্বারা একটি অর্থ-সঙ্গতি।** শব্দের স্থানপরিবর্ত্তনের সাথে যে অর্থেরও পরিবর্ত্তন হতে বাধ্য এ উদাহরণ পুর্বেই দেওয়া হয়েছে—a tiger killed a boy ও a boy killed a tiger ; he is coming এবং is he coming প্রকৃষ্ট উদাহরণ।

সুতরাং ইংরেজী ভাষায় এই Word Orderই ভাষার সত্যিকারের কাঠামো।

ইংরেজী sentence-কে ভাগ করলে দেখা যাবে মোটামুটি তিন রকমের প্যাটার্ণ আছে—

1. Statement pattern
2. Question pattern
3. Request or command pattern.

প্রথম জাতীয় বাক্যে কোন একটি অস্তিবাচক বা নেতিবাচক ঘটনার উল্লেখ করা হয় মাত্র ; I am the monarch of all I survery ; I saw a snake when I was coming to school ; I don't care what he says of me. The book is on the table. Ram came late.

দ্বিতীয় প্রকার বাক্যে প্রশ্ন করা হয়—

Is this a book ?

Will you go to Calcutta...?

Are you coming to the show ?

Whose book is this ?

তৃতীয় প্রকার বাক্যে আদেশ, অনুরোধ, তিরস্কার, ধমকানি ইত্যাদি বোঝায় ঃ

Shut up !

Get out of the room !

Please let me have a look at your paper.

Give me a glass of water, please.

Frisby প্রথম সাত সপ্তাহের জন্য নিম্নলিখিত ৭টি sentence pattern দিয়ে সুরু করতে বলেছেন—

1st Lesson Unit

Sentence Pattern		Content words (vocabulary)
This is a	...	book, pencil, chair, ruler, desk etc.
That is a	...	... ...

2nd Lesson Unit

These are	...	books, pencils, chairs, etc.
Those are	...	... ...

3rd Lesson Unit

Is this a ...? Yes, it is a book, watch pen, pencil

Is that a ..? Yes, it is a ... ... and plurals

4th Lesson Unit

What is this ? It is a basket, ball, blackboard etc,

What are these ? They're books, pencils, toys, dolls etc.

What are those ? They are ... ...

5th Lesson Unit

A complete revision upto date

6th Lesson Unit

You are — you, he, she, boy, girl and names.

He is

She is

and shortened forms

7th Lesson Unit

I am — Teacher, Mr.

We are — boys,

You are — girls, pupils

They are

এই তিন প্রকার sentence pattern কে বাড়িয়ে সাত প্রকার করা যায়—

(a) I/saw

I/stand up

He/ran off

উপরের sentenceগুলির দুটি প্রধান অংশ।

(b) We/played/football

One of us/will do/this

উপরের sentenceগুলির তিনটি প্রধান অংশ।

(c) He/gave/me/a book

Mother/told/me/a story

এই sentenceগুলির চারিটি প্রধান অংশ।

(d) There was a king.

There is a book on the table

There are six boys in the room

এই জাতীয় sentence **There** দিয়ে আরম্ভ করা হয়।

(e) Is he coming ?

Did he go to Calcutta ?

Will you come in the evening ?

এই জাতীয় sentenceএ **auxiliary (সাহায্যকারী) verb-টি Sentenceএর প্রথমে বসে।**

(f) When did you come ?

What is this ?

এই জাতীয় sentence একটী প্রশ্নবোধক শব্দ দিয়ে আরম্ভ হয়।

(g) Stand up

Come here please

এই জাতীয় sentence-এ আদেশ, অনুরোধ প্রভৃতি বোঝান যায়।

সাধারণতঃ নূতন কোন pattern শেখাতে গেলে শিক্ষককে কিছু বলতে এবং করতে হবে। প্রথমেই প্রশ্ন করলে প্রশ্নটিও ছাত্রের কাছে দুর্বোধ্য হওয়ার সম্ভাবনা। সুতরাং যে sentence patternটি শেখানো হবে তার মহড়া দিতে হবে একাধিকবার। ধরুন শেখাতে হবে—This is a...এই patternটি। শিক্ষক এ ক্ষেত্রে একটি পেন্সিল দেখিয়ে বলতে পারেন—This is a pencil, আবার একটি বল দেখিয়ে বলতে পারেন—This is a ball এই রকম তিন চারটি পরিচিত বস্তু (chair, table, desk ইত্যাদি) দেখিয়ে তিনি পরপর তাদের সম্বন্ধে This is a chair/table/desk ইত্যাদি বলে যাবেন।

এর পর শিক্ষক বইটিকে স্পর্শ করে বলবেন—This is a book, গোটা ক্লাশ তাঁর সাথে সাথে বল্বে—This is a book ; 'ball' 'pencil' প্রভৃতিও ঐ ভাবে স্পর্শ করে—This is a ball, 'This is a pencil' বলবেন, গোটা ক্লাশ একসাথে sentenceগুলি উচ্চারণ করবে।

এই ভাবে সমস্বরে পড়ার অসুবিধা আছে। সকলে একসাথে চীৎকার করে পড়লে পাশের ঘরে যদি কোন ক্লাশ হতে থাকে, তবে তাদের খুবই অসুবিধা হবে,

দ্বিতীয়তঃ সকলে একসাথে পড়লে ব্যক্তিগতভাবে পড়ার কোন ভুল থাকলে, উচ্চারণের অশুদ্ধতা থাকলে সেটি ধরা যায় না, অনেক দুষ্টু ছেলে হয়তো (back bencher হলে) শিক্ষকের দৃষ্টি এড়িয়ে পড়ায় যোগই দেয় না।

এই অসুবিধাগুলি দূরীকরণের জন্য শ্রেণীকে তিন চারটি দলে ভাগ করে এক এক দলকে পৃথক্ করে পড়ানো যেতে পারে এবং সমস্বরে চীৎকার না করে ধীরে ধীরে পড়তে বলা যেতে পারে।

তারপর প্রত্যেক দল থেকে প্রথমে একজন ভাল ছেলেকে এবং পরে একজন অনগ্রসর ছেলেকে দিয়ে পড়ানো অর্থাৎ sentenceটি repeat করানো যেতে পারে।

প্রথম প্রথম চার-পাঁচটি Sentenceএর বেশী শেখানো উচিত হবে না। প্রত্যেকটি Sentenceএ একটি মাত্র নূতন শব্দ থাকবে, Structural Word থাকবে একটি মাত্র।

Structural Approach

A Structural Words

বাক্যের গঠন-রীতি সম্বন্ধে মনে রাখা প্রয়োজন যে প্যাটার্ণগুলি খুব জটিল না হলেও এগুলিকে রচনা করতে কতকগুলি ছোট ছোট শব্দ এদের সাথে সংযুক্ত না করলে Patternটি দাঁড়াবে না। এই structural words গুলিকে আমরা বলেছি 'সিমেণ্ট' যা দিয়ে বিচ্ছিন্ন শব্দের ইট-কাঠকে শক্ত করে ধরে রাখে। Man ও door বল্‌লে বক্তব্যটি বুঝা যাচ্ছেনা; কিন্তু A man is at the door বল্‌লে বক্তব্যটি স্পষ্ট হল। কিন্তু এর জন্য তিনটি ছোট্ট কথা A, is ও at যোগ করার প্রয়োজন হল। কোন ভাষাতেই শুধু কর্ত্তা এবং ক্রিয়া দ্বারা সব সময় সম্পূর্ণ ভাব প্রকাশ করা চলে না। চললেও তার ক্ষেত্র সীমাবদ্ধ। সব ভাষাতেই এই structural words এর প্রয়োজন আছে (বাংলার বিভক্তি যেমন)। ইংরেজীতে এই structural words গুলির মধ্যে **Auxiliary verbs, Prepositions, Conjunctions, Interrogatives, Personal Pronouns** প্রভৃতি এবং আরও কিছু ছোট ছোট শব্দ Sentence গঠনে অপরিহার্য্য। সুতরাং Sentence Patternগুলি শেখাবার কালে ঐ Structural words গুলির সাথে পরিচিত করানো সর্বাগ্রে প্রয়োজন। A. W. Frisby তাঁর বইতে এই Structural (অনেকে functionalও বলেন) wordsগুলির মোটামুটি একটা তালিকা দিয়েছেন :—

1. Auxiliaries :—

be (am, is, are, was, were), may, have, shall, will, can, must, might, could, had, should, would, get, do etc.

2. Preposition—adverbs :—

by, from, at, in, into, on, to, with, for, of,

(place) behind, in front of, under, over, above, beside, below, between, around, beyond.

(Direction) through, out of, into, toward, away, from, across, up, down.

(Time) after, before, since, during, until.

(Comparison) like, different from, as......as, than.

3. Conjunctions :—

that, and, which, if, but, so, who, as, while, when, where, what

after, since, until, before

(cause) because, for, since

(purpose) in order that, so that, so as to

(Comparison) as......as, than

(Concession) although, though

(Condition) unless

(Conclusion) therefore

4. Interrogatives :—

which, what, who, whose, when, where, how, why

(Articles) a, an, the

(Degree) more, most

(Miscellaneous) it, ever, there, one

Pronouns ও ঐ জাতীয় যে সব শব্দ অন্য শব্দের পরিবর্ত্তে বসে সেগুলিকেও structural words এর পর্য্যায়ে ফেলা চলে :—

1. Personal Pronouns :—

I, me, we etc.

my, our, your etc.

he, his, her, him etc.

2. Indefinite Substitute words :—

Anybody, anyone etc.

everybody, everyone etc.

nobody, none etc.

each, both, all, some, several, much, few, many, one, two etc.

do (e.g. I work as hard as you do)

so (e.g. He may be coming, but I don't think so)

উপরের List এ লক্ষ্যনীয় যে এদের মধ্যেও কতকগুলি words এর ব্যবহার

বেশী, কতকগুলির কম, যেমন—**Preposition** এর মধ্যে **of, in, with, at, by, to, for, on, from, এই নয়টি preposition এর ব্যবহার সর্ব্বাধিক**। এগুলির এক একটিকে আবার বিভিন্ন অর্থে প্রয়োগ করা চলে—A man is **at** the door আবার He can sleep twelve hours **at** a stretch—দুই জায়গায় **'at'** এর প্রয়োগ দুই অর্থে।

এই শব্দগুলির প্রয়োগ ক্রমশঃ শেখাতে হবে। এদের মধ্যে আবার যেগুলি demonstrate করে দেখানো যায় যথা—in, up, above, under, down, in front of, to, from, on, between, here, there, where, why, what, who, which, this, that, these, those, **all the personal pronouns**, and, but, or, neither,...nor, either......or, if, before, after, because, though, unless, therefore এবং এ ছাড়া auxiliary verbsগুলি যত শীঘ্র শেখানো যায় তার চেষ্টা করতে হ'বে। Verb ও Adjective গুলির বিভিন্ন রূপ (conjugation) ক্রমশঃ শেখাতে হবে।

Vocabulary বাড়ানোটা নির্ভর করবে সময়ের উপর। ক্রমশঃ Vocabulary বাড়াতে হবে। যে Content words গুলি অতি প্রয়োজনীয় (essential) সেগুলিকে আগে শিখিয়ে নিতে হবে। একথা স্বীকার করতেই হবে যে কতকগুলি Content words জানা না থাকলে কোন ভাবই ব্যক্ত করা যায় না, কিন্তু এই শব্দ-সমষ্টি অল্প সময়ে আয়ত্ত করানো সম্ভব নয়। Content words সম্বন্ধে বলা যায় **Words that we speak about**, আর Structural words সম্বন্ধে বলা যায়—**Words that we speak with**. খুব বেশী শব্দ-সমষ্টি না থাকলেও মাতৃভাষায় একটি ছোট ছেলে নিজের মনের ভাব প্রকাশ করতে পারে একটি নির্দ্দিষ্ট গণ্ডীর মধ্যে। কিন্তু সেখানেও দেখা যায় যে সে শুনে শুনে ঐ structural words গুলি এবং Sentence pattren গুলি অতি সহজেই আয়ত্ত করে ফেলে। এটা মাতৃভাষার ক্ষেত্রে যদি স্বীকৃত হয়, তবে বিদেশী ভাষার ক্ষেত্রেও অনুরূপ একটি আবহাওয়ার সৃষ্টি করতে পারলে Sentence এর কাঠামোর সাথে পরিচিত করানো সম্ভব এবং তারপর ক্রমশঃ Content words প্রয়োজন অনুসারে বাড়িয়ে গেলেই চলবে। এক সাথে অনেক রকম patterns, এবং verb এর সব রকম tense শেখাতে যেয়েই আমরা ভুল করি এবং ছেলেরাও বিভ্রান্ত হয়।

সুতরাং সহজ সহজ sentence patterns এর মধ্য দিয়ে

Structural Words গুলি প্রথমে মুখেমুখে শিখিয়ে নিলে পরে সেগুলির ব্যবহার করতে আর বিশেষ অসুবিধা হয় না।

প্রথম শিক্ষার্থীকে শেখানোর ব্যাপারে শিক্ষককে কতকগুলি অতি প্রয়োজনীয় কথা মনে রাখা দরকার। বিদেশী ভাষা হ'লেও এখন পর্য্যন্ত ইংরেজী ভাষা শেখার আগ্রহ ছেলেদের কমেছে বলে মনে হয় না। অভিভাবকেরাও-অধিকাংশ অভিভাবকের কথাই বল্‌ছি—ইংরেজী চান্ এবং শিক্ষকগণও ইংরেজীর উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করে চলেছেন। কিন্তু ইংরেজীর জন্য যথেষ্ট সময় দেওয়া সম্ভব হচ্ছেনা, তার কারণ syllabusএ বহু বিষয় সন্নিবেশিত হয়েছে এবং তার সবগুলি-ই মাতৃভাষায় পড়ানো হচ্ছে। সুতরাং যেটুকু সময় পাওয়া যায় সেটুকু যদি সুপরিকল্পিত উপায়ে ব্যয় করা না হয়, তবে ইংরেজী শেখানো ক্রমশ পণ্ডশ্রমে পর্য্যবসিত হওয়ার সম্ভাবনা আছে।

B. Teaching Through the Strucrural Approach.

প্রথম শিক্ষার্থীর জন্য একখানি পাঠ্যপুস্তক থাকবে, ধরে নেওয়া যাক্। পুস্তকখানি আধুনিক পদ্ধতিতে অর্থাৎ **Structural Approach** দিয়ে রচিত হলেই মঙ্গল। প্রথম বৎসরের জন্য সর্ব্বনিম্ন ২৫। ৩০টি structure এবং সর্ব্বাধিক ৬০। ৭০টি structureএর বেশী থাকবে না আশাকরি। এই structure গুলি সহজ থেকে ক্রমশঃ কঠিন হতে থাকবে নিশ্চয়ই, কিন্তু তাদের মধ্যে একটি পারম্পর্য্য থাকবে। (১) **শিক্ষক এই Structural Order পালটাবেন না। এইটি প্রথম নির্দ্দেশ।** পাঠ্যপুস্তকে একটি structureকে অবলম্বন করে অনেকগুলি sentence থাকবে; কিন্তু শিক্ষক একটু লক্ষ্য করলেই বুঝতে পারবেন সেখানে যেটি বদ্‌লাচ্ছে সেটি Content Word, structure ঠিকই আছে।

This is my pen
This is my pencil
This is my hand etc

এখানে Content wordই শুধু পাল্‌টাচ্ছে।

(২) এখানে **structureটি শেখানোই বড় কথা।** Content word তো অনেকই বাড়ানো যায়। শিক্ষক শ্রেণীর গ্রহণক্ষমতানুযায়ী Content word বাড়াবেন, তবে একটি structureএর সাথে চার-পাঁচটির বেশী Content word শেখানো ঠিক হবে না। শিক্ষক ঐ **একটী structureকে পুনঃ পুনঃ আবৃত্তি করাবেন** যতক্ষণ পর্য্যন্ত না সেটি সম্পূর্ণ অধিগত এবং automatic হয়ে যায়।

শিক্ষক প্রথম বৎসর 200 থেকে 450 Content words শেখাতে পারেন। এটি নির্ভর করবে classএর যোগ্যতার উপর। (৪) **কিন্তু structural patterns প্রথম বৎসর 60র উপর না বাড়ানোই যুক্তিসঙ্গত।**

(৫) **পুস্তক হাতে দেওয়ার পূর্ব্বেই structureটী মুখে মুখে শিখিয়ে নিতে হবে।**

Structural Approach এর এই বৈশিষ্ট্যে অনেক শিক্ষক একটু বিচলিত হতে পারেন। একখানি পুস্তক হাতে থাকলে সেটি দেখে তার কথাগুলি মুখস্থ করানো সহজ এবং তাতেই আমরা অভ্যস্ত, কিন্তু পুস্তক হাতে দেওয়ার আগে মুখে মুখে (৬) কি শেখাব? **Structure শেখাব যে কথাগুলি বইয়ে আছে, যে structureগুলি ছেলেরা বইয়ে পাবে সেইগুলি।** (৭) **ইংরেজীর মাধ্যমেই ইংরেজী শেখাতে হবে, মাতৃভাষার মাধ্যমে নয় অর্থাৎ অনুবাদের সাহায্যে নয়।** সাধারণ শিক্ষকের কাছে এইটি একটি মস্তবড় বাধা মনে হতে পারে। কিন্তু মনে রাখা প্রয়োজন প্রথম শিক্ষার্থীকে পড়াতে খুব বেশী ইংরেজী বলার প্রয়োজন হয়না, বললেও সে তো বুঝতে পারবে না। সুতরাং যে structureগুলি শেখানো হবে সেই গুলির Content words বদলে বদলে নূতন নূতন sentence শেখানো খুব কঠিন ব্যাপার নয়। ধরুন—structureটি—

These are our/ .. ..এখানে ধরে নিতে পারি পূর্ব্বেই This is my... ... ...এই structureটি শেখানো হয়েছে। শিক্ষক সে কথা স্মরণ রাখলে বেশ connected wayতেই অনেক sentence বল্‌তে পারেন This is my book. This is your pen. My book is on my table. Your book is on your desk. This is my book. This is your book. These are our books. Where are our books? (Answer—Our books are on the table) etc.

(৮) **নূতন Structure শেখানোর পূর্ব্বে পুরানো Structure গুলির সাহায্য নিতে হ'বে**—এবং তা করতে যেয়ে অনেক নূতন নূতন sentence শিক্ষক ব্যবহার করতে পারবেন এবং এটুকু ইংরেজী বলা যে কোন শিক্ষকের পক্ষেই সাধ্যায়ত্ত। বরং মনে করতে পারি—প্রথম শিক্ষার্থীকে শেখাতে যেয়ে অধিক পাণ্ডিত্য অনেক সময় ছাত্রকে বিভ্রান্ত করতে পারে। তার কারণ ছোটদের কাছেও আমরা পাণ্ডিত্য প্রকাশ করার প্রলোভন সামলাতে পারি না। অনেক কথা বলে ফেলি যা ছাত্রদের বোধগম্য হওয়ার কোন সম্ভবনা নেই।

মাতৃভাষায় ইংরেজী শব্দের অনুবাদ করার প্রলোভনকে ত্যাগ করতে হবে। রামের গায়ে হাত দিয়ে যদি বলি This is Ram; একটি কমলালেবু দেখিয়ে যদি বলি This is an orange তা হলে কি ছেলেরা বুঝবে না? অনুবাদের এখানে কোন প্রয়োজন নেই। একটি ছেলেকে (Ram) আমার দিকে আসতে ইসারা করে যদি বলি—Ram, come here. রাম যদি সেকথা বুঝে এবং আমার কাছে আসে, তা হলে অনুবাদের প্রয়োজন কোথায়?

(১০) প্রথম শিক্ষার্থীকে ব্যাকরণের কোন নিয়ম শেখানোর প্রয়োজন নেই। বরং Structural Approach দিয়ে শেখানোকে আমরা বলতে পারি Grammar in action. Am, is, are, was, have been, foxes, on, in, she, their ইত্যাদিকে verb, plural, preposition ইত্যাদি করে না শিখিয়ে এদের ব্যবহারিক রূপের সাথেই তো আমরা পরিচিত করাচ্ছি। অনেকগুলি structure শেখা হয়ে গেলে তখন সেগুলির বৈশিষ্ট্য আলোচনা করার জন্য Grammar introduce করা সমচীন হবে, তৎপূর্ব্বে নয়।

নিম্নে Structural Approach অনুযায়ী পাঠদানের কয়েকটি নমুনা দেওয়া হইল। শিক্ষকের যেটুকু ইংরেজী বলা অপরিহার্য্য সেইটুকুই এখানে দেখানো হচ্ছে। এইটুকু ইংরেজীর সাহায্যেই পাঠটিক ছাত্রদের কাছে বোধগম্য করা যেতে পারে বলে মনে হয়।

ধরুন Structure টি "Is this a......" এবং তার উত্তর—"Yes, it is," এবং "No, it is not."

শিক্ষক শ্রেণীতে প্রবেশ করে ছাত্রদের Good morning অথবা Good afternoon, children বললেন। ছেলেরা শ্রেণীতে শিক্ষক গেলেই দাঁড়াতে অভ্যস্ত। এইবার তিনি তাদের হাতের ইসারায় বসতে বলার সাথে সাথে Sit downও বললেন। ছেলেরা বসার পর শিক্ষক তাঁর পাঠদান আরম্ভ করবেন।

Step. I. এইবার শিক্ষক আরম্ভ করবেন—

Look here, children. This is a book (showing the book)
This is a pen (" " pen)
That is a door (pointing at the door)
That is a wall. (" " " wall)

Step. II. বার কয়েক (তার বেশী নয়) Sentence গুলি বলবেন এবং কোন একটি ছেলে কিংবা মেয়েকে হাতের ইসারায় ডাকবেন এবং সাথে সাথে

বলবেন Come here, Ramesh (Roma). Ramesh, say with me (এই directionটি ইংরেজীতেই বলবেন, না বুঝলে বাংলা করে বলবেন, **'বল'**) This is a book. This is a pen. That is a door. That **is a** wall.

Step. III. আরও দুই একটি ছেলেকে দিয়ে এই ভাবে বলাবেন।

Step. IV. এর পর তিনি গোটা ক্লাশকে বলবেন—Class, say with me—This is a book etc.

Step V. এইবার তিনি গোটা ক্লাশকে দিয়া Sentence গুলি বলাবেন— Class, say with me—This is a book. This is a pen etc.

Step. VI. শিক্ষক এইবার শুধু বইখানি ও penটি তুলে ধরে 'what is this বল্লেই class সমস্বরে This is a book. This is a pen এবং দরজার দিকে অঙ্গুলি নির্দ্দেশ করলে That is a door ও দেওয়ালের দিকে অঙ্গুলি নির্দ্দেশ করলেই That is a window বলতে পারবে।

Step. VII. এইবার শিক্ষক বইখানি হাতে তুলে বলবেন—

Is this a book ? এবং উত্তরটি সাথে সাথে বলবেন—Yes, it is.

পেনটি দেখিয়ে বলবেন—Is this a pen ?

নিজেই উত্তর্ দেবেন—Yes, it is.

এই ভাবে আরও দুই একটি জিনিষ দেখিয়ে প্রশ্ন ও উত্তর করবেন শিক্ষক।

Is this a table ? Yes, it is.

Is this a chair ? Yes, it is.

(প্রশ্নগুলি করার সময় শিক্ষক উচ্চারণের দিকে লক্ষ্য রাখবেন। এরূপ প্রশ্নের ক্ষেত্রে যেখানে উত্তর yes অথবা no হতে পারে প্রথম কথাটি স্বাভাবিক ভাবে উচ্চারণ করে শেষের কথাটিকে একটু উঁচু স্বরে উচ্চারণ করতে হবে।)

Step. VIII. এইবার শিক্ষক কোন একটি ছেলেকে ডেকে জিনিষটি দেখিয়ে জিজ্ঞাসা করবেন—

Nitish, is this a book ?

ছেলেটি উত্তর দিতে না পারলে শিক্ষক ঠিক উত্তরটি বলে দেবেন এবং ছেলেটিকে দিয়ে বলাবেন।

Step. IX. আরও দুই একজন ছেলেকে (মেয়েও হ'তে পারে) ডেকে ঐ ভাবে প্রশ্নটি জিজ্ঞাসা করতে পারেন এবং উত্তরটি আদায় করবেন।

Step. X. এইবার শিক্ষক ক্লাশকে লক্ষ্য করে জিজ্ঞাসা করবেন—

Class, is this a book ? (The class gives the answer or the teacher helps the class give the answer.)

এম্নিভাবে—Is this a pen ?

Is this a table ?

Is this a chair ?

এই প্রশ্নগুলি করে তার উত্তর আদায় করবেন শিক্ষক।

Step. XI. এইবার শিক্ষক বইখানি দেখিয়ে জিজ্ঞাসা করবেন—

Is this a pen ?

শিক্ষক এবারও নিজেই উত্তর দেবেন—No, it is not.

('No' কথাটি 'nou' এইরূপ উচ্চারণ করবেন এবং is not এর কথ্যরূপ isn'tটিই শেখাবেন ; isn't এর উচ্চারণ 'iznt' এর মত করবেন।)

পরবর্ত্তী Stepগুলি yes, it is শেখানোর মতই হবে, শুধু যাতে No, it isn't এই উত্তর হয় সেটি লক্ষ্য রাখতে হবে।

এই ভাবে মুখে মুখে এই প্রয়োজনীয় structureটি শেখানো যেতে পারে। এরপর যখন বই থেকে এই structureটি পড়ানো হবে, তখন উপরের Stepsগুলি অনুসরণ করার পর শিক্ষক বইখানি খুলবেন এবং বলবেন—

Step. XII Class, open the book at page......

I am reading (or going to read), please follow me (এই direction টি ইংরেজীতেই বলবেন ; না বুঝলেও ক্ষতি নেই ; দু-চার দিন বললেই এর অর্থ ছেলেরা বুঝে নিতে পারবে) এইবারে শিক্ষক বই থেকে একটি কিংবা দুটি paragraph বার দুই পড়বেন। বই থেকে যেটুকু পড়া হবে তার সব Sentence গুলিই শিক্ষক পূর্ব্বে drill করিয়ে নিয়েছেন মুখে মুখে ; দুই একটি new content word যা এই paragraph এ আছে তাও তিনি মুখে মুখেই শিখিয়ে নিয়েছেন পূর্ব্বেই। সুতরাং শিক্ষকের পড়া বুঝতে ছেলেদের কোন অসুবিধা হওয়ার কথা নয়।

Step. XIII. শিক্ষক এবার class কে বলবেন—

Class, read the book **silently** (কথাটি না বুঝলেও ক্ষতি নেই ; দুই একদিনেই এরা কথাটির সাথে পরিচিত হয়ে যাবে)

Step. XIV. শিক্ষক এবার দুই তিনটি ছেলেকে দিয়ে একটি কিংবা দুটি করে Sentence পড়াবেন। ভুল করলে শুধ্‌রে দেবেন।

Step. XV. শিক্ষক এবার ঐ পঠিত paragraphগুলি সম্বন্ধে প্রশ্ন করে জানার চেষ্টা করবেন Sentenceটি ছেলেরা বুঝেছে কিনা। Lesson এর শেষে যে সকল Exercise থাকে তা থেকেও প্রশ্ন করতে পারেন। কোন ছেলেকে ডেকে এনে তাকে দিয়ে প্রশ্ন করানো যেতে পারে এবং গোটা Class কে দিয়ে উত্তর দেওয়ানো যেতে পারে।

পরিশেষে লিখন অভ্যাসের জন্য এই উত্তরগুলি ছেলেরা খাতায় লিখবে। শিক্ষক direction দেবেন—

Write down the answers in your books (একজনের খাতা নিয়ে তাতে লিখতে হবে সেটা বুঝিয়ে দেবেন) এই স্তরে Home-task দেওয়াটা সমীচীন হবে না।

'Did' এর সাহায্যে প্রশ্নবোধক structureটি শেখাতে নিম্নরূপ situation থেকে আরম্ভ করা যেতে পারে। এই structureটি শেখানোর পূর্ব্বে অন্য যে structureগুলি শেখানো হয়েছে শিক্ষক নিশ্চয়ই তা স্মরণ রাখবেন এবং সেই অনুযায়ী পূর্ব্বপাঠের সাথে সংযুক্ত করে এই পাঠটি দিবেন (যে কোন Lessonএর বেলাতেই পূর্ব্বপাঠের সাথে নূতন পাঠকে যুক্ত করতে হবে)। Past Indefiniteএর সঙ্গে পরিচয় না ঘটলে এই Interrogative formটি শেখানো সম্ভব নয়। শিক্ষকের লক্ষ্য রাখতে হবে যে এখানে Interrogative structureটি শেখাতে শুধু যে Subjectএর পূর্বে 'Did' বসবে এবং তার পর Finite Verb বসবে তা নয়, Finite Verbটির Present Tenseও বজায় থাকবে।

Step. I. শিক্ষক এইভাবে আরম্ভ করতে পারেন—

I came to school at ten-forty to-day. Everyday I come to school at ten-thirty. Did I come to school at ten-thirty yesterday ? Yes, I did. Did I come to school at ten-thirty to-day ? No, I didn't. I came at ten-forty.

(Teacher now stands in front of the class, leaving his chair).

Do I sit in my chair now ? No, I don't.

Did I sit in my chair then ? Yes, I did.

(Teacher now shuts a window and comes back before the class)

Did I shut the window ? Yes, I did.

Step. II. Ramesh, please come and open the window.

(Ramesh comes and opens the window).

Teacher—Class. did Ramesh shut the window ?

Yes, he did.

Ramesh, did you shut the window ?

Teacher helps Ramesh give the correct answer. Yes, I did.

Step. III. Teacher—Ajoy, did I come to school at ten-thirty to-day ?

Teacher helps Ajoy give the correct answer.

No, you didn't

Teacher—Class, did I come to school at ten-thirty to-day ?

Class—No. you did'nt.

Teacher—Rajat, did you come to school at ten-thirty to-day ?

Rajat—Yes, I did (or No, I didn't)

Step. IV. Teacher now asks some pupils to come up to him, face the class and put questions to individual pupils ėg. (i) Did you play football yesterday ?

(ii) Did you come to school yesterday ?

(iii) Did you read English yesterday ? etc.

Step. V. Teacher can now write out the following Substitution Table on the Blackboard and ask children to frame the sentences.

Did	I	come	to school	yesterday
	you	go		at ten
	he	run		

'No, I didnot' এবং 'No, I didn't এই দুইটি রূপের সাথেই পরিচিত করানো উচিত হবে।

শিক্ষক যদি Classএর Attendance Register নিয়ে এসে তার সাহায্যে এই structureটি শেখাতে পারেন তা হলে situationটি আরও সহজ হয়। শিক্ষক Register খুলে বলবেন—

Step. I. *Let me see who were absent yesterday.*

(Teacher goes on without asking any questions to the class)

Ajoy came yesterday

Nalini came yesterday

Sudhir came yesterday

Jatin didn't come yesterday. Jatin, (if Jatin is present), did you come yesterday ? (if Jatin fails to give the answer, the teacher supplies it and makes Jatin repeat it).

(Teacher can adopt the same procedure in case of other pupils who were absent on the previous day).

Step. II. Teacher now shuts the Register and says—

Twenty five pupils came yesterday.

Five pupils didn't come yesterday.

Ajoy, did you come yesterday ? (Yes, I did)

Nalini, did you come yesterday ? (Yes, I did)

Jatin, did you come yesterday ? (No, I didn't)

Hiren, did you come yesterday ? (No, I didn't)

Step. III. Teacher now asks a few pupils to come up, face the class and put the question—"Did you come yesterday ?

Step IV. Teacher now puts other questions of the same structure—

Ramesh, did you play football/Cricket yesterday ?

Naren, did Ramesh piay football yesterday ?

Step. V. Teacher can now write out the Substitution Table on the blackboard (as above) and ask the children to write the sentences.

Some Structures Illustrated

1. This is (Ram, Lila, Naresh).

1 (a) This is a (book, table, chair, door, window etc)

2. This is my (book, hand, head, leg, nose etc)

3. This is your (pen, pencil, bag, book etc)

4. This is his (shirt, coat, pen, pencil, book etc)

5. This is her (sari, pen, pencil, book, head, ring etc)

6. This is—'s (Sita's Sari, Robin's book, Rahim's pencil etc)

7. I am (Mr. Roy, a man, Ajoy, Bappa, etc)

8. You are (a pupil, a boy, a girl, Jatin, Lila etc)

9. He is (Robin, a boy, a pupil, a man etc)

10. She is (a girl, a woman, a pupil etc)

11. I am/you are/he is/she is/here

12. You are/he is/she is/the book is/there

13. That is (a pen, a pencil, Jatin, Robin, Lila etc)

14. It is a flower, (a bird, a picture, etc)

15. One, two, three etc with appropriate nouns

16. It is (ten now; twelve now ; the hour hand ; the minute hand etc)

17. I am coming, (going, opening etc)

18. You are coming, (going, opening, standing, sitting) etc

19. He/she is sitting, (standing, talking, reading, writing) etc

20. I am going to/coming to/walking to/the door/the table etc.

21. Give me/a book/a pencil/a pen/a bag etc

22. Give him/a book/your pencil/pen/etc

23. Take/this pen/that bag/picture/marble/ball etc
24. I am walking from/the table/the chair/the door etc
25. I put this pencil/book/pen/chalk/in this/box/drawer
26. Put the box/on the table/the chair/the desk etc
27. The bag/the house/the box is/large/small/etc
28. The boy is going/coming in/going round/walking out/ etc
29. These are/books/pens/houses/hands/ears/eyes/fingers etc
30. These are red/white/flowers/books/houses/etc
31. These are/boys **and** girls/cows **and** horses/pens **and** pencil etc
32. This is our class/school/foot ball/calendar/clock etc
33. These are their/books/hands/pencils/fingers/etc
34. This is your/book/nose/hand/leg/head etc
35. We are/moving/sitting/standing/etc
36. They are/boys/girls/pupils/etc
37. You are in the class/at your desk/etc
38. They are flying/swimming/etc
39. I give them/two pencils/four books/your pen/etc
40. You give us/your book/his pencil/their pens etc
41. The ball is under/the table/the desk/the box etc
42. Nabin is between/Ramen d Siben/Hari and Sailen etc
43. (This is my book) Its cover is/red/black/yellow etc
44. There are two boys ; **their** names are/Nabin and Jatin/ Ramesh and Sushil etc
45. Yesterday **was**/Sunday/Monday etc
46. To-morrow **will be**/Monday/Tuesday etc
47. I am **going to**/read the book/open the door/shut the window etc

48. I came to/went to/the table/the library/school etc
49. I/you/he/they said this/that etc
50. I was coming to/going to school
51. He **came**/here
52. **Is this**/a table/a box/a fan/a book ? etc
53. **The**/book/box/boy/is here
54. **An** orange/apple/ox is in the picture
55. **What** is/this/that ?
56. **Where** is/Nabin/the ball/the pen ? etc
57. **What** colour is/this pen/this chalk/this blackboard etc
58. **Am** I/Are you/Is he/reading/running/sitting/standing etc
59. **Am** I/Are you/Is he **going** to stand/run/sit/etc
60. **Shall** I/read/stop/write etc. (yes, please)
61. **Was** he here ? **Were** you present yesterday ?
62. **Do** you come to school on Sunday ?
    Do I have a pen ?
    Does he play foot ball ?
63. **Do** you write with a pen ? Yes, I do
    Do you play Cricket ? Yes, I do etc
64. **Who** is this boy ?
    Which book is red ?
    Whose pen is this ? **Whose** pencil is this ?
65. **The black** bird is in the tree
    The red cow is in the field
    The red flower is here
    The white bird is flying etc
66. He went **up** the tree
    He came **down** from the tree
    The ball/the balloon went **up**

The plane came **down**

67. I/you/we live **at** Banipur
My brother lives in Calcutta

68. I came to school **at** eleven
The play will begin **at** five

69. **When** do you come to school ?
When do you go to bed ?
When do you get up in the morning ?

70. We see **with** our eyes
We eat **with** our mouth
We hear **with** our ears. We walk **with** our legs.

71. He came **with** me
Ram came to school **with** his father

72. **Do** you come to school on Sunday ? **No, I don't**
Do you go to Cinema ? **No, I don't** etc

73. I **do not** (**don't**) come to school on Sunday
I am Rabi ; I am **not** Jatin
I shall **not** come to school to-morrow
He will **not** go home now

74. Ram is present **but** Robi is absent today
This pen is red **but** that pen is black
Jadu is short **but** Hari is tall

75. I have/you have/we have/they have two eyes/two hands/two legs etc

76. I **had** a red pen but now I have a black pen
You **had** three books but now you have two (books)
I **had** a red pencil in my hand

77. **Have** you a red pen ? No, I **haven't.**
Have I a ring ? No, you **haven't.**

78. **Is there** any water in this glass ?
Is there any money in this bag ?

79. **There** is a boy at the door
There is no rose in our garden
80. **There** was no English class yesterday
There were two books on the table
There was a bottle/pen/pencil on the table

Introduction 'there'

81. **The pages of this book** are brown
The hands of this clock are black/white etc
The legs of this table are brown

82. Jatin comes to school **everyday**
Every day I get up at five in the morning

83. The sun **rises** (iz) in the east everyday
The sun **sets** in the west everyday
Boys (z) and girls (z) are playing in the field

84. **Does** the sun rise in the east ?
Does the sun set in the west ?
Do boys and girls play in the field ?
Do you play everyday ?

85. Everybody **except** Ram and Jatin is present

86. A fish **can** swim in water, but a small child **can't**.
A bird **can** fly in the sky but a man **can't**.
I can't touch the ceiling

87. This is a chair **with** handles
That is a chair **without** handles
A bird can't fly **without** wings

88. Jatin is standing **beside** me
Ram is standing **opposite** Jatin
Hari is **behind** me *

---

* পশ্চিমবঙ্গ সরকারের Class III ও Class IV Syllabus এ যে সকল structural words ও patterns এর তালিকা দেওয়া হয়েছে, এখানে তাদেরই কিছু কিছু উদাহরণ দেওয়া হল।

Content Words

(Vocabulary)

Content Words শেখানোর কালে ছেলেদের পরিচিত কতকগুলি ইংরেজী শব্দ শেখালে তারা সেগুলি সহজে বুঝতে পারবে। কতকগুলি ইংরেজী শব্দ আমরা কোন পরিবর্তন না করেই আমাদের ভাষায় গ্রহণ করে নিয়েছি এবং অত্যন্ত স্বাভাবিকভাবে সেগুলিকে কথাবার্তায় ব্যবহার করছি। Table, chair, shirt, coat, ball, goal, line, train, school, chalk ইত্যাদি করে বহু ইংরেজী শব্দ ছেলেরা কথাবার্তায় ব্যবহার করছে। সেগুলির শুদ্ধ উচ্চারণ হয়তো তারা করে না। লিখিতরূপ কিংবা বানানের সাথেও তাদের পরিচয় নেই। ওগুলি যে ইংরেজী শব্দ তাই হয়তো তারা জানে না। কিন্তু সহজ বানানের কিংবা সহজ উচ্চারণের কতকগুলি অপ্রয়োজনীয় অপরিচিত শব্দ শেখানোর চেয়ে এইরূপ পরিচিত শব্দ শেখানোর ব্যবহারিক মূল্য অনেক বেশী মনে হয়। Fig, pig, bib, sly, প্রভৃতি monosyllabic word ঠিকই কিন্তু এগুলির ব্যবহারের ক্ষেত্র খুবই কম। বরং আজকের প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে Football, goal, cricket, post card cinema, train, ইত্যাদি পরিচিত শব্দ যদি শেখানো যায় তবে তা মনের ভাব প্রকাশ করায় সহায়তা করবে বলেই মনে হয়। (এই জাতীয় কতকগুলি পরিচিত ইংরেজী শব্দের তালিকা পরে দেওয়া হল।) আরও মনে রাখতে হবে প্রথম শিক্ষার্থীর জন্য প্রত্যেকটি Lesson যেন **real situation** থেকে উদ্ভূত হয়। শ্রেণীতে যে সকল ছবি, বস্তু বা ব্যক্তি থাকে (অথবা নিয়ে আসা হয়) তাদের সম্বন্ধে sentence দিয়ে আরম্ভ করা ঠিক হবে। শ্রেণীতে যে সকল ক্রিয়া সম্পাদন করা যায়, যে সকল Adjective, Adverb, Preposition, Conjunction প্রভৃতি demonstrate করে দেখানো যায়, সেগুলির গুটিকতক প্রথম শিক্ষার্থীর অবশ্য শিক্ষণীয় এবং সেগুলিকে কর্মে সম্পাদন করে কোন না কোন sentence structureএর মধ্য দিয়ে শেখাতে হবে। ছেলেরা যেন নিষ্ক্রিয় জড়পদার্থের মত শ্রেণীতে শিক্ষকের কথাগুলি শুনে না যায়। তাদের দিয়ে **বলাতে হবে, কাজ করাতে হবে, লেখাতে হবে, পড়াতে হবে, ছবি আঁকাতে হবে** এবং এম্নি আরও উপায় অবলম্বন করে ইংরেজী পাঠকে (যে কোন পাঠ বললেও অত্যুক্তি হবে

না) **প্রাণবন্ত ও সক্রিয় করে তোলার চেষ্টা করতে হবে।**

ক্রিয়াপদ শেখানোর ব্যাপারে শিক্ষককে বিশেষ বেগ পেতে হয়। বিশেষ করে সে ক্রিয়া যদি শ্রেণীতে সম্পাদন করার কিংবা ছবিতেও প্রকাশ করার সম্ভাবনা না থাকে। Run, laugh, open, shut, stand, sit প্রভৃতি কতকগুলি verb এর সঙ্গে ক্রিয়াসম্পাদনের মারফত পরিচিত করা সহজ। কিন্তু যে সকল ক্রিয়ার এরূপ বাস্তব রূপ দেওয়া সম্ভব নয়, যেমন—understand, love, abide, arise, imagine ইত্যাদি, সেখানে প্রয়োজন হলে প্রথমে ইংরেজীতে তাকে ব্যাখ্যা করে বোঝানোর চেষ্টা করতে হবে, নতুবা বাংলা প্রতিশব্দ দিতে হবে। তবে মৌখিক স্তর অর্থাৎ যতদিন পর্য্যন্ত Oral teaching চলবে, ততদিন পর্য্যন্ত (১) এমন সব verbই ব্যবহার করতে হ'বে যেগুলিকে শ্রেণীতে demonstrate করে দেখানো সম্ভব (২) যেগুলিকে সহজ ছবির মাধ্যমে বোঝানো সম্ভব ; (৩) যেগুলি demonstrate করা যায় এবং যেগুলি দৈনন্দিন কার্য্যকলাপ প্রকাশে প্রয়োজন হতে পারে ; যেমন **teach, write, read, go, come, stop, wait, open, shut, stand, sit, lie (down), fall (down), get (up), walk, play, run, jump, look (at), show, take, put (down), touch, feel, rub, smell, fold, shake, move, hang, throw, catch, drop, pick up, turn, bend, twist, roll, break, tear, cut, burn, light, put (out), blow, (out) hit knock, kick, bite, beat, scratch, give, send, lend, get, fetch, bring, carry, keep, draw speak, say, tell, ask, answer, call, begin go on.**

এর সবগুলি একই সাথে যে শেখাতে হবে না, সেটা বলা বাহুল্য। প্রথমে শ্রেণীর দৈনন্দিন কাজে যেগুলো ব্যবহার করার প্রয়োজন সেগুলো দিয়ে আরম্ভ করে (e. g. stand, sit, come, go, open, shut, read, write, put, take ইত্যাদি) পরে ক্রমশঃ এদের ব্যবহার শেখাতে হবে।

ক্রিয়াপদের আবার বর্ত্তমানরূপের সাথে পরিচিত করা যতটা সহজ, তার অতীত ও ভবিষ্যতরূপের সঙ্গে পরিচিত করা ততটা সহজ সাধ্য নয়।

Present Tense. Present Indefinite tense বলতে সাধারণতঃ কোন **habitual action** বোঝায়। শ্রেণীতে সেটি বোঝাতে গেলে Present continuous এসে পড়ে ; যেমন—

Ramen, go to the door.

Q. What is Ramen doing ?

A. He is going to the door.

Q. Ramen, what are you doing ?

A. I am going to the door. (Not, 'I go to the door')

সুতরাং **habitul present** বোঝানোর জন্য Present Indefinite tense এর structure শেখাতে যে সকল ঘটনা সাধারণতঃ হয়ে থাকে, যা চিরন্তন সত্য, যা রোজই করা হয়ে থাকে, এই সব ঘটনার অবতারণা করতে হবে ; যেমন—

Fish swims in water

The sun rises in the east

I get up at six in the morning

I wash my hands and face

I brush my teeth

I comb my hair etc.

এই কারণে অনেকের মতে Present Indefinite Tense দ্বারা যেখানে possession বোঝাতে হবে (have, has), কোন অবস্থান বোঝাতে হবে (am, is, are) সেই সব ক্ষেত্র ছাড়া শ্রেণীতে কোন ক্রিয়াসম্পাদনের ব্যাপারে Present Continuous Tense ব্যবহার করাই সমীচীন।

প্রথমে Present Continuous Tense এর ব্যবহার কি ভাবে শেখানো যাবে সেটা বলার পর Present Indefinite Tense এর ব্যবহার আলোচনা করা যাবে।

(1) Present Continuous শেখানোর ব্যাপারে শিক্ষক কতকগুলি কাজ করে দেখাবেন এবং সাথে সাথে কি করছেন সেটা মুখে বলবেন ঃ—

I'am standing up

I'am going to the blackboard

I'am writing on the blackboard

(2) এরপর তিনি কোন ছাত্রকে ডেকে ঐ কাজগুলি করতে বলবেন এবং মুখে ঐ কথাগুলি বল্‌তে বলবেন। না পারলে সাহায্য করবেন।

(3) পরপর কয়েকজন ছাত্রকে দিয়া ঐ Action-Chainটি করাবেন এবং মুখে বলতে সাহায্য করবেন।

(4) এর পর একটি ছাত্র যখন ঐ কাজগুলি করে যাচ্ছে, তখন আরেকজন

তার বর্ণনা দিয়ে যাবে, যেমন—

He (Robin) is standing up

He is going to the blackboard

He is writing on the blackboard ।

অনেকটা খেলার মাঠের Relay করার মতো একটা পরিবেশ সৃষ্টি হ'বে এবং ছেলেরা এতে করে প্রচুর আনন্দ পাবে।

(৫) এই structureটির সাথে পরিচিত হবার পরই (অথবা সাথে সাথেই) এর **Interogative form** এর সাথেও পরিচিত করানো সমীচীন হবে। শিক্ষক এক্ষেত্রে প্রথমে নিজের কাজ সম্বন্ধেই প্রশ্ন করে উত্তর দেবেন—

Am I standing up ? Yes, I am.

Am I sitting ? Yes, I am.

এর পর একটি ছেলেকে দিয়ে ক্রিয়াসম্পাদন করিয়ে তাকে প্রশ্ন করা সহজ হবে —

Hari, are you standing up ? Yes, I am.

Jadu, are you shutting the door ? Yes, I am.

Madhu, are you running ? Yes, I am.

Rekha, are you writing ? Yes, I am. etc,

Present Indefinite অর্থাৎ Simple Present শেখাতে গেলে শিক্ষক কতকগুলি কাজ শ্রেণীতে করার সাথে সাথে যদি তার বর্ণনা দিয়ে যান, তা হলে ছাত্রদের structureটি বুঝা সহজ হয়। যেমন—

I take the chalk. (T. takes one)

I write on the blackboard. (T. writes)

I rub it out. (T. rubs the blackboard)

I come to my seat. (T, comes to his seat)

অথবা,

I take this wire, (T. takes one)

I bend it. (T. performs the action)

I place it on the table. (T. does so)

I take this chalk.

I break it.

ছাত্রদের দিয়েও ঐ কাজগুলি করাতে হবে এবং সাথে সাথে তারা ঐ

sentenceগুলি মুখে বলবে। এম্নি আরও অনেক Action-chainএর উদ্ভাবন করা যায়, অবশ্য structureটি ঠিক রেখে। অনেক সময় নিত্যনৈমিত্তিক কাজ (habitual action)এর কাল্পনিক বর্ণনা Simple Presentএর structure এ শেখালে বর্ণনাটি ছোটদের কাছে চিত্তাকর্ষক হয়—(পরে ছেলেরা এক এক করে কাজগুলি করার ভান করবে এবং মুখে Sentenceগুলি বলবে)।

I get up at five in the morning. (T. makes a show of the action)
I wash my hands. („)
I wash my face. („)
I brush my teeth. („)
Then I sit down to read. („)
(Then) I have my breakfast. („)
Again I sit down to read. („)
(Then) I have my bath, I brush my hair. („)
I have my meal. („)
(Then) I come te school. („)

Verb এর অন্যান্য form এর মধ্যে Future Indefinite ও Past Indefinite form শেখাতে হবে। শিক্ষক উভয় ক্ষেত্রেই সময় সূচক শব্দ যোগ করে দিয়ে formটি বোঝাতে চেষ্টা করবেন।

Future Indefinite - বোঝানোর জন্য শিক্ষক সেই মুহূর্তে যে কাজটি করতে যাচ্ছেন সেটি বলে নেবেন।

I shall **now** rub the blackboad,
I shall **now** write on the blacboard.
I shall **now** stop.

Or

To-morrow will be Sunday.
I shall not come to school **to-morrow**.
Rabi will not come to school **to-morrow**.
Ajoy will not come to school **to-morrow**.
(To a particular boy) you will not come to school **to-morrow**.
(To some other boy at a distance). He will not come to school **to-morrow**,

শিক্ষক এই formটি শেখানোর সাথে সাথে এর Interrogative formটি শিখিয়ে নিলে ভাল হয়। Shall I......? এবং তার উত্তরে No, I shall not (shan't) Yes, I shall, "Will you......?" এবং তার উত্তরে Yes, I shall ; No, I shan't এবং Will he .....? এবং তার উত্তরে Yes, he will ; No, he will not (he won't) শেখালে সহজ এবং যুক্তিসঙ্গত হবে।

কোন কাজ করার ঠিক আগেই শিক্ষক কি করবেন তার একটা বর্ণনা পর পর দিয়ে যেতে পারেন।

I shall now open the book
I shall now read
I shall now shut the book and sit down.

ছেলেদের দিয়ে পর পর এই কাজগুলি করাতে হবে এবং তাদের দিয়েও ঐ Sentence গুলি বলাতে হবে।

এর পর একটি ছেলে মুখে কিছু না বলে শুধু কাজগুলি করবে এবং অন্য আরেকজন বলবে—She/He will now open the book.

She/He will now read
She/He will now shut the book and sit down.

এইভাবে **নানাপ্রকারের Situation এর সৃষ্টি করে Future Indefinite Tense শেখানো যেতে পারে।**

Past Indefinite বোঝাতেও সময়-সূচক শব্দ যোগ করে দিলে অর্থ বুঝা সহজ হয়। কোন কাজ করেই তার বর্ণনা Past Indefinite এ দিতে হবে। এরূপ ক্ষেত্রে **just now, then, yesterday, last Sunday** (**or any other day**) ইত্যাদি শব্দ বা শব্দ-সমষ্টি **যোগ করে Past Indefinite Tense বোঝানোর চেষ্টা করতে হবে।**

(* 'just now' Immediate Past বোঝানোর জন্যই ব্যবহৃত হয় ; Present action বোঝানোর জন্য নয়।)

Just now pened the drawer.
I took out a pencil
Then I shut the drawer.

কোন ছেলেকে ডেকে এনে তাকে দিয়ে ঐ কাজগুলি করানো যেতে পারে এবং তারপর তাকে দিয়ে ঐ Sentence গুলি বলানো। অন্য কোন ছেলেকে

দিয়ে তার action describe করানো যেতে পারে।

Present Perfect অর্থাৎ I have taken, He has gone, I have been ইত্যাদি form শেখাতে গেলেও সময়সূচক now, not yet অথবা I have just ... ইত্যাদি শব্দ কিংবা শব্দ-সমষ্টি প্রয়োগ দ্বারা ক্রিয়ার কাল বোঝাতে হ'বে।

শিক্ষকই কাজটি করবেন এবং কাজের বর্ণনা দেবেন—

I have now opened the door. (after opening the door).

I have now shut it (shutting it)

I have come back to my chair.

প্রশ্নোত্তর পর্য্যায়ে —

Have you shut your book ?

Has he gone to his seat ?

Have we got any yellow chalk ?

ইত্যাদি প্রশ্ন করে Present Perfect Tense এ উত্তর আদায় করা যাবে।

Verb এর অন্যান্য form গুলির মধ্যে Past Continuous টির ব্যবহার শেখানোর প্রয়োজন আছে। এ ক্ষেত্রেও উপরোক্ত প্রণালী অবলম্বন করলে সুফল পাওয়া যাবে।

Ram was reading just now.

Jadu was looking out.

Sita was not writing Ram ইত্যাদি।

ক্রিয়ার ব্যবহার শেখানোর ব্যাপারে মনে রাখতে হবে —

(i) Verb টিকে যেন শ্রেণীকক্ষের মধ্যে demonstrate করা যায়।

(ii) শিক্ষক যেন প্রথমে কাজটি করেন এবং মুখে বলেন।

(iii) ছাত্রদের দিয়ে কাজটি করান এবং তাদের দিয়ে বলান।

(iv) সময়-সূচক শব্দ যোগ করে ক্রিয়ার কাল সম্বন্ধে একটা স্পষ্ট ধারনা দিতে চেষ্টা করেন।

(v) কোন কাজ করার পর প্রশ্ন করতে হলে শিক্ষক প্রশ্ন করে প্রথমে নিজে উত্তরটি বলে দেবেন এবং পরে ছেলেদের দিয়ে উত্তরটি বলাবেন।

Adjectives.

প্রাথমিক স্তরে যে সব Adjective শেখানো সমীচীন সেগুলো যেন ছাত্রেরা চোখে দেখতে পায়, কিংবা না দেখতে পেলেও সহজে বুঝতে পারে। Adjective

এর স্থান noun এর পূর্ব্বে এবং verb এর পরেও (Predicative use) হতে পারে তার জন্য দুই প্রকারের Sentence pattern ব্যবহার করতে হবে।

This a red pencil
This is a hard pencil
This is a soft pencil
This pencil is red
That pen is black
This pencil is hard
That pencil is soft
Chalk is white. ইত্যাদি—

ইন্দ্রিয় গ্রাহ্য বিশেষণের মধ্যে নিম্নলিখিতগুলি বস্তুর সাহায্যে শেখানো চলবে—

(i) **Colour :**—black white, red, blue, yellow, brown, grey, sffron. Our National Flag has three colours—Saffron, white and green),

(ii) Size—big, small, great, large, tall, short, long, wide, narrow, thick, fat, thin, high, low, round (table) flat.

(iii) আর কতকগুলি সাধারণ বিশেষণ :—Dry, wet, clean, dirty, rough, smooth, new, old, young (man), old (man), full, heavy, light, hot, cold, warm, cool, hard, soft, straight, tight, loose.

(iv) কতকগুলি adjective এর সাথে ক্রমশঃ পরিচয় করাতে হবে; সেগুলি ইন্দ্রিয়গ্রাহ্য না-ও হতে পারে। বাক্যের মাধ্যমে ব্যবহার দ্বারা, উচ্চারণের ভঙ্গি দ্বারা (very big). হস্ত সঞ্চালন প্রভৃতি দ্বারা এবং ছবির সাহায্যে সেগুলি বোঝানোর চেষ্টা করা যাবে—

Good, better, best, bad, worse, worst, beautiful (face, picture), lovely, pretty, fine, ugly, right, wrong (answer), corrnt (spelling), incorrect, true, untrue, present, absent, easy. difficult, possible, impossible, important, strong, weak, glad, pleased, happy, unhappy, sorry, early, late, sick, ill, rich, poor, stupid, clever, cruel, kind, unkind, tired, angry, hungry, thirsty, ready, idle, lazy, sunny, rainy,

cloudy, slippery, (এই সব adjectiveএর পূর্ব্বে very, too, rather, so, quite, nearly, almost প্রভৃতি শব্দ এবং কোন কোন ক্ষেত্রে পরে enough যোগ করে sentence রচনা করতে শেখাতে হবে)। অনেকগুলি **Adverb**এর ব্যবহারও Adjective এর মতো demonstrate করে দেখানো সম্ভব। যেগুলি এরূপ দেখানো সম্ভব, তাদের প্রয়োগই প্রথমে শেখানো দরকার।

I walk slowly.

I walk fast.

I walk very fast. ইত্যাদি—

ছেলেরাও কাজ করবে এবং সাথে সাথে কথাগুলি বলবে। সময় সূচক শব্দ এবং শব্দ-সমষ্টি, দূরত্ব-জ্ঞাপক শব্দ যেগুলি Adverb হিসেবে ব্যবহৃত হ'তে পারে তাদের প্রয়োগও শেখাতে হবে।

To-day, to-morrow, yesterday, just now, now, then, when, last week, once upon a time, far, not far, ready, one mile, two miles ইত্যাদি।

দিন তারিখ শেখানো

দিন এবং সময় সম্বন্ধে ধারণা দেওয়ার পক্ষে শ্রেণীতে একটি Calendar রাখা অপরিহার্য্য। What day is it to-day? এই প্রশ্ন দিয়ে দিনের কাজ আরম্ভ করা যেতে পারে। Calendar দেখিয়ে দিনটি প্রথমে বলে দিতে হবে—To day is Monday. Yesterday was Sunday. To-morrow will be Tuesday. Calendarএ দিনটিকে দেখিয়ে কথাগুলি বললেই ছেলেরা বুঝতেও পারবে। প্রতি মাসের জন্য একটি Calendarও ছেলেদের দিয়ে তৈরী করানো সম্ভব; তাতে দিন, তারিখ এবং 31 পর্য্যন্ত ইংরেজী সংখ্যা লেখা শেখানো যাবে। তবে মনে রাখা প্রয়োজন একদিন কিংবা একবার লিখলেই ছেলেরা দিন তারিখ নির্ভুল ভাবে লিখতে পারবে না। শিক্ষক মহাশয় প্রতিদিন শ্রেণীতে প্রবেশ করে প্রাত্যহিক কাজের অঙ্গ হিসেবে বোর্ডে দিন তারিখ লিখবেন এবং প্রত্যেক দিনই যাতে ছেলেরা তাদের খাতায় দিন তারিখ লেখে সেটি দেখবেন। প্রথম প্রথম দিনের নামটি এবং মাসের নামটি পুরোপুরি লেখাই ঠিক হ'বে; Friday, the 24th August, 1962 এমি লিখবেন এবং ছেলেরাও তাদের খাতায় সেটি লিখে নেবে। যেখানে August 24, 1962 লিখতে

শেখানো হবে, সেখানেও পড়তে হবে August the 24th, Nineteen hundred and sixty two.

ঘড়ি দেখতে শেখানো

শ্রেণীতে একটি কার্ডবোর্ডের তৈরী ঘড়ি রাখলে সময়-সূচক কথাগুলি শেখানো সহজসাধ্য হয়। প্রথম দিনের Lesson হতে পারে—

This is a **clock.**

This clock has two **hands.**

This is the **hour** hand.

This is the **minute** hand.

The **little** hand is the hour hand

The **big** hand is the minute hand

এর পরের দিন আবার শেখানো যেতে পারে

What is this ?

Which hand is this ?

(Say) 1, 2, 3, 4 ....12.

(Moving the hands) It is now twelve

" It is now **one**

It is now **two**

It is now **three** (etc.)

তৃতীয় Lesson হ'তে পারে—

What is the time now ?

Which hand is this ?

(Moving the hands of the clock) Sixty minutes make an hour.

(Moving the hands) What is the time now ?

It is eleven five

(Moving the hands) What's the time now ?

It is eleven fifteen (and so on).

'Half past five' 'quarter to ten' এবং O'clock কথাগুলি একটু পরে শেখানো সমীচীন হ'বে।

Can, must, should, also, with, without, if, why প্রভৃতির ব্যবহার।

'Can' এর ব্যবহার শেখাতে শিক্ষক পূর্ব্বে চিন্তা করে রাখবেন ছেলেরা শ্রেণীতে কোন্ ক্রিয়া সম্পাদন করতে পারে অথবা পারে না। যেমন—

(Teacher) Can I touch the ceiling ? No, I can't.

(To a boy) Can you touch the ceiling ? No, I can't.

(„) Can you bend this ruler ? No, I can't

(„) Can you break this chalk ? Yes, I can

(„) Can you lift this chair ? Yes, I can.

এর পর 'why' প্রশ্ন জিজ্ঞাসা করা যেতে পারে যাতে করে উত্তরটি দ্বারা কারণ (**because**) বোঝানো যায়।

Why can't you touch the ceiling ?

Because it is too high.

Why can't you break the ruler ?

Because it is too hard. ইত্যাদি

'Must' এর ব্যবহার শেখাতে অবশ্যকরণীয় কাজগুলির উল্লেখ করতে হবে—

We must come to school everyday.

We must get up early

We must wash our face

We must not be late etc.

'Should' এর ব্যবহার শেখাতে গেলে ছেলেদের যে কাজটি আরও ভাল করে করা উচিত তার উপযোগী Sentence ব্যবহার করা সঙ্গত হবে—

Your handwriting is not good. You should write more carefully.

Your nails are not clean. You should keep your nails clean

Your hands are dirty. You should wash them.

'Also' বোঝাতে একাধিক বস্তু বা ব্যক্তির উল্লেখ করতে হবে।

This is a chair, That is **also** a chair.

This is a door. That is **also** a door.

Ram did not come to school yesterday ; Jadu **also** did not come.

'With' এবং **'Without'** এর ব্যবহার প্রথমে 'কোন কিছুর সহিত' এবং 'কোন কিছু ছাড়া' এই অর্থে demonstrate করে শেখানো সহজ :—

This is a chair **with handles**

That is a chair **without handles**

This is a pen **with a cap**

This is a pen **without a cap**

(ছবি দেখিয়ে) This is a man **with a hat**

This is a man **without a hat**

এর পরে **'with'** এবং **'without'** ক্রিয়াপদের সঙ্গে যুক্ত করে শেখানো যাবে—

We can see **with our eyes**

We can't see **without our eyes**

We can smell **without our nose**

We can't smell **With our nose**

We can cut **with a knife**

We can't cut **without a knife** etc.

'If' এর ব্যবহার শেখাতে হলে **If** যুক্ত করে clauseটিকে demonstrate করে বোঝানোর চেষ্টা করা যেতে পারে, যেমন—

I can't sharpen my pencil. I have no knife.

If I get a knife, I can sharpen my pencil.

If I get a blade, I can sharpen it.

I cannot sharpen it **if** I don't get a knife or a blade.

কিছু কিছু Adjective, Pronoun, Preposition প্রভৃতির সাথেও এই ভাবে পরিচিত করানো সম্ভব, বিশেষ করে যেখানে Pronoun ও Adjective-গুলি বস্তু বা ব্যক্তির সাহায্যে বোঝানো সম্ভব।

I am Ram Babu.

You are Hari.

He is Bijon,

She is Rekha.

Adjective যেখানে বস্তুর প্রত্যক্ষ গুণ প্রকাশ করছে, সেটা দেখিয়ে বোঝানো সহজ। This chalk is white ; this table is round ; this flower is

yellow, this pen is black ইত্যাদি ইত্যাদি। Adjectiveএর এই Predicative use শেখানো কিন্তু Qualifying Adjectiveএর ব্যবহার শেখানোর চেয়ে সহজ বলে মনে হয়। The red pencil বললেই sentence হয় না। Sentenceটিকে complete করার জন্য একটি patternএর প্রয়োজন হয় এবং সেখানে adjectiveটি এবং patternটি দুটি শিখতে যেয়ে ছেলেরা একটু গোলমালে পড়তে পারে। The red pencil is on the table ; the yellow flower is (+ adverb or adverbial phrase) এই প্রকারের sentence pattern ঠিক প্রথমদিকে না এনে কিছু পরে আনাই সঙ্গত বলে মনে হবে। অবশ্য It is a red ball. That is a white cow-এরকম শেখানো অপেক্ষাকৃত সহজ হবে।

Pronoun এর ব্যবহার Noun এর সাথে সাথেই শেখাতে হবে। Personal Pronoun—I, you, he, she, they, we, এগুলির ব্যবহার মুখে মুখে শেখানো যেতে পারে।

I am Ram Babu.
You are Jatin.

ছাত্রকে দিয়ে এটি ঘুরিয়ে বলাতে হবে—

I am Jatin.
You are Ram Babu.

এর পর দুটি ছেলে—

I am Jatin.
You are Rabi.

বলতে শিখবে।

এর পর দূরের কাউকে দেখিয়ে—

I am Jatin.
You are Robi.
He is Paresh.

শেখাতে হ'বে। Pronoun এর Plural formsগুলিও এম্নি করে মুখে মুখে শিখিয়ে নিতে হবে।

Simple Interrogative forms ও মুখে মুখে এম্নি করে শেখানো যায়।

Are you Jatin ? Yes, I am.
Is he Paresh ? Yes, he is.

Am I Ram Babu ? Yes, you are.

'who' এই Interrogative Pronounটিও প্রথম দিকেই শেখানো উচিত।

Who are you ? I am Jatin.

Who is he ? He is Paresh.

Who am I ? You are Ram Babu.

'It' 'this' 'that' এর প্রয়োগও বস্তুটিকে দেখিয়ে শেখানো উচিত।

This is a bag.

That is a picture (হাতের নাগালের বাইরে হলে 'that')

This is a pencil.

That is a pen. ইত্যাদি

'What' এই **Interrogative Pronoun** টিকেও প্রথম দিকে শিখিয়ে নিলে এর সাহায্যে অনেক প্রশ্নোত্তর করা সম্ভব হয়।

What's your name ? My name is Gopal.

What's this ? This (That) is a book

What's this ? This is my bag

অবস্থান সূচক কতকগুলি **adverb** ও **adverbial phrase** না শেখালে verb টিকে অনেক সময় অর্থপূর্ণ করা সম্ভব হয় না বলে মুখে মুখেই কতকগুলি adverb ও adverbial phrase শিখিয়ে নেওয়া উচিত। 'where' এই Interrogative adverb টিও এই প্রসঙ্গে শিখিয়ে নিতে হবে।

The book is **here.**

The pen is **there.**

Where is the book ? The book is **here**

Where is the pen ? The pen is **there.**

এর পর বস্তুটির অবস্থান দেখিয়ে শেখাতে হবে—

The book is **in the bag.**

The pen is **in my pocket.**

The bag is **on the table**.

এ সম্বন্ধে পরে 'where' দিয়ে প্রশ্ন সুরু করে ঐ উত্তরগুলি আদায় করতে হবে—

Where is the book ? The book is in the bag.

Where is the pen ? The pen is **in the bag.**

Where is the bag ? The bag is **on the table.**

Palmer তাঁর The Teaching of oral English বইতে **স্থান** (**place**) ও **অবস্থান** (**position**) বোঝানোর জন্য নীচের শব্দগুলি ব্যবহারের সুপারিশ করেছেন—

Where ? here, there, over there, to, at, from, on, off, in, inside, out of, outside, over, under; above, below, in front of, behind, at the back of, beside, by the side of, through, near, far from, a long way from, on top of, in the middle of, at the bottom of, in the corner of, at the beginning of, at the end of, away, back, up, down, somewhere, nowhere, everywhere.

বস্তুগুলির স্থান কিংবা অবস্থানের পরিবর্ত্তন করে নূতন নূতন sentence গঠন করা যাবে, structure কিন্তু একই থাকবে—

The book is **on the table**.
The book is **in the drawer.**
The book is **under the table.**

এখানে বইখানির অবস্থান বদ্‌লে নূতন নূতন phrase শেখানো হচ্ছে, কিন্তু তা বুঝতে ছেলেদের কোন অসুবিধে হচ্ছে না। শিক্ষক মহাশয় বইখানিকে বিভিন্ন স্থানে রাখছেন এবং sentenceটি বল্‌ছেন—ছেলেরা তাঁর সাথে সাথে sentenceটি বল্‌ছে। এর পর 'where' এই Interrogative Adverbটি দ্বারা প্রশ্ন সুরু করলে ছেলেরা ঠিক অবস্থানটি বলতে পারবে।

Where is the book ? The book is/on the floor/in the drawer/under the table.

Content Words শেখানোর ব্যাপারে আমরা আর একটা দিক বিবেচনা করে দেখতে পারি। আগেই বলেছি আমাদের ভাষায় অনেক ইংরেজী শব্দ সরাসরি ঢুকে গেছে এবং আমরা সেগুলিকে নিজেদের ভাষার অন্তর্গত করে নিয়েছি। ছেলেরাও এম্নি অনেক শব্দই ব্যবহার করে। হয়তো উচ্চারণটা বিকৃত করে। এগুলো যে ইংরেজী শব্দ তা-ও হয়তো তারা জানে না। 'টেবিল', 'চেয়ার', 'ইস্কুল', 'ইষ্টিশান', 'বল্', 'গোল' ইত্যাদি বিভিন্ন শব্দ বিভিন্ন পরিবেশ থেকে আমাদের ভাষায় এসে গেছে। এরা মনের ভাব প্রকাশে আমাদের অনেক সাহায্য করে, অনেকক্ষেত্রে এরা প্রায় অপরিহার্য্য। সুতরাং এই জাতীয় শব্দ

বুঝতে ছেলেদের খুব অসুবিধে হওয়ার কথা নয়। এদের শুদ্ধ রূপটির সাথে ছেলেদের পরিচিত করানোই যা সমস্যা (যেমন – টেবিলকে table বলতে শেখানো, 'পোষ্টাপিস'কে Post Office, ইস্কুল'কে School ইত্যাদি)। বিভিন্ন পরিবেশে এই জাতীয় শব্দের সংখ্যার কমবেশী হবে। শহরের ছেলেরা গ্রামের ছেলেদের চেয়ে হয়তো এই ধরণের ইংরেজী শব্দ কিছু বেশী জানবে। সাধারণতঃ যে সব ইংরেজী শব্দ শুনতে এবং বলতে ছেলেরা অভ্যস্ত তার একটা নমুনা দেওয়া হল। নূতন sentence pattern শেখাতে এগুলো ক্ষেত্রবুঝে শিক্ষক কাজে লাগাতে পারেন, বিশেষ করে মৌখিক স্তরে।

1. **Words related to school life.**	2. **Words related to games.**	3. **Wods releted to homelife.**
School	Footbali	Cup
Blackboard	Goal	Plate (?)
Chalk	Goalkeeper	Photo (?)
Roll (Number)	Out	Coat
Library	Throw	Shirt
Field	Offside (?)	Pant
Chair	Cricket	Sweater (?)
Table	Bat	Powder (?)
Desk	Stump (?)	
Map	Run (n)	
Pen	Bowl (?)	
Pin	Bowler (?)	
Pencil		
Sir		
Headmaster		
Almirah		
Shelf		

4, Words related to the Commnity life

Post Office
Peon
Post Card
Envelope (?)
Train
Station
Signal
Down
Platform (?)
Engine
Station Master
Rail
Line
Cinema
Radio
Film (?)
Mike (?)
Cycle (Bicycle)
Rickshaw
Tram (?)
Bus
Taxi (?)
Driver (?)
Cigaratte
Inch
Foot
Metre
Mile
(Kilo) Gram

Light

Fan (?)

Police (man)

(Police) Constable

এই সব শব্দের সংখ্যা আরও অনেক বেশী। কিন্তু প্রথম শিক্ষার্থীর পক্ষে সেগুলি বাহুল্য মাত্র। এদের অনেকের সাথে ছেলেরা পরিচিত, অনেক বস্তুর ব্যবহার এদের জানা। অনেকগুলি এদের পরিবেশের মধ্যে বর্ত্তমান। গুটিকতক Sentence pattern শেখানোর পর তাদের সাহায্যে এই সব চেনা বস্তু বা ব্যক্তি সম্বন্ধে তারা সহজ বাক্য রচনা করে মনের ভাব প্রকাশ করতে পারে। (This is our Post Office. Rameshbabu is our Postmaster. He is a fat man. He sells Post Cards and Envelopes. We buy Post Cards and Envelopes from him etc).

পড়তে শেখানো

প্রথম শিক্ষার্থীকে মৌখিক ইংরেজী শেখানোর কথা বলা হয়েছে। মৌখিক ইংরেজী বলতে আমরা যেন নির্দ্দিষ্ট কয়েকটি sentenceএর কথাই চিন্তা না করি। Sentence structureটি ঠিক রেখে content words পালটে নূতন নূতন sentence তৈরী করতে শেখাতে হবে। ছেলেরা যাতে স্বাভাবিক ভাবে (যতটা স্বাভাবিক এই স্তরে হওয়া সম্ভব) ইংরেজী বলতে পারে, ছোট ছোট বাক্যের মাধ্যমে তাদের ভাব প্রকাশ করতে পারে এবং কতকগুলি structure অনায়াসে ব্যবহার করতে পারে—এইগুলিই হবে মৌখিক স্তরের লক্ষ্য।

এখন প্রশ্ন হ'তে পারে কতদিন এই কথোপকথনের স্তর চলবে। কেউ কেউ ছয়মাস পর্য্যন্ত এম্নি কথোপকথনের মাধ্যমে, অর্থাৎ পুস্তক ছাড়াই ইংরেজী শেখানোর কথা বলেন। অনেকে আবার বলেন ছয়মাস বড় বেশী সময়; এর পূর্ব্বেই ছাত্রেরা বই পড়তে চাইবে এবং তাদের এতদিন ঠেকিয়ে রাখা যাবে না। এ সম্পর্কে W. M. Ryburn তাঁর Teaching of Englishএ বলছেন—

"This means that some time must be spent on oral and conversational work before the Reader is taken up and reading commenced. It is sometimes recommended that six months be spent on oral work before reading work is begun. I am inclined to believe that is too long. It is too long not because the reading suffers in any way but because pupils are usually so keen to begin reading and to use their books that it is impossible to keep them off their books for so long. They will begin to read before six months are up whether the teacher wishes them to do so or not and so it is better for them to begin with proper guidance. The only condition wih regard to the length of time spent on oral work that is necessary is that every sentence of the first lesson should be mastered. When that is done, there is no reason why the class should not be allowed to read the first lesson. If a primer is used which has been compiled with this alliance

between oral conversation and reading in view, the reading may be begun in three weeks or a month." অর্থাৎ তিন সপ্তাহ কিংবা মাসখানেক পরেই ছেলেদের হাতে বই দেওয়া চলবে, কিন্তু **বইখানি এমন হওয়া চাই যাতে মুখে মুখে শেখানো বাক্যগুলি থাকে।** কিন্তু সে ক্ষেত্রেও বই হাতে দেওয়ার পূর্ব্বে তাদের পড়ার আগ্রহ সম্পূর্ণরূপে জেগেছে কিনা সেটিও শিক্ষক দেখে নেবেন। বই হাতে দেওয়ার পূর্ব্বে মুখে মুখ শেখা sentenceগুলি cardboard stripএ লিখে তাদের দিয়ে পড়ানো যায়, বোর্ডে গোটা গোটা করে sentence কিংবা wordগুলি লিখে দিয়ে ছেলেদের দিয়ে পড়ানো যায়।

পড়তে শেখানোর কয়েকটি প্রচলিত পদ্ধতি

প্রথম শিক্ষার্থীকে ইংরেজী পড়া শেখাতে আমাদের দেশে সাধারণতঃ যে পদ্ধতি ব্যবহৃত হয় তাকে বলতে পারি Alphabetic Method অর্থাৎ প্রথম অক্ষরগুলি শিখিয়ে নিয়ে তারপর বিভিন্ন অক্ষরের সাহায্যে রচিত শব্দ শেখানো এবং তারপর কয়েকটি শব্দের সাহায্যে ছোট ছোট বাক্য দিয়ে আরম্ভ। বলা বাহুল্য এই পদ্ধতি analytic অর্থাৎ বিশ্লেষণাত্মক হওয়ায় ছোট ছোট ছেলেমেয়েদের কাছে কিছুটা নীরস ও অর্থহীন হওয়া স্বাভাবিক। বাংলা পড়ানোর ব্যাপারেও আমরা ক্রমশ এইরূপ বিশ্লেষাত্মক পদ্ধতিকে পরিহার করার কথা বলছি। ইংরেজী পড়াতেও আমরা অর্থহীন a, b, c, d দিয়ে আরম্ভ না করে অর্থপূর্ণ বাক্য দিয়েই আরম্ভ করার পক্ষপাতী ; অক্ষর পরিচয় পড়তে পড়তেই হয়ে যাবে।

এছাড়া পড়তে শেখানোর ব্যাপারে আমাদের লক্ষ্য কি হওয়া উচিত এ সম্বন্ধে একটু আলোচনা করে নেওয়া প্রয়োজন।

পড়তে শেখানোর তিনটি স্তরের কথা আমাদের মনে রাখতে হবে।

প্রথমতঃ প্রথম শিক্ষার্থীর পড়ার কৌশল (mechanism of reading) আয়ত্ত করা।

দ্বিতীয়তঃ বই অর্থাৎ শ্রেণীর উপযোগী বই পড়তে পারা এবং বুঝা।

তৃতীয়তঃ সর্ব্বপ্রকার পুস্তক পাঠ করার ক্ষমতা অর্জন করা এবং আনন্দ ও শিক্ষালাভ করা।

প্রথম দিকে পড়তে যেয়ে ছেলেরা যে অসুবিধের সম্মুখীন হয় সেগুলি হচ্ছে—

(১) **অক্ষরের সাথে পরিচয়ের অভাব ;**

(২) **উচ্চারণের অসুবিধা ;**

(৩) অর্থপূর্ণভাবে পড়তে (meaningful reading) **না জানা।**

(৪) শব্দার্থ জানা না থাকা।

যে কোন ভাষা পড়তে গেলেই এই সব অসুবিধে আসবে, তবে মাতৃভাষার ব্যাপারে উচ্চারণ বিংবা শব্দার্থ ততটা অসুবিধের সৃষ্টি করে না। কিন্তু যে কোন বিদেশী ভাষার উচ্চারণে মাতৃভাষার সাথে কিছু-না কিছু গরমিল থাকবেই, শব্দার্থের বেলাতে তো বটেই। সুতরাং ইংরেজীর ব্যাপারেও উচ্চারণ ও শব্দার্থের দিকে আমাদের প্রথম থেকেই মনোযোগ দিতে হ'বে।

আমরা বলেছি কিছুদিন মুখে মুখে ইংরেজী শেখানোর পর তবে বই হাতে দিতে হবে। সুতরাং মৌখিক স্তরেই উচ্চারণের বুনিয়াদ গড়ে দিতে হবে। যে পুস্তকখানি পরে হাতে দেওয়া হ'বে, তাতে যদি মুখে মুখে শেখা শব্দগুলির অধিকাংশ থাকে, তবে উচ্চারণের ব্যাপারে খুব অসুবিধে হবে না। কিন্তু প্রথমেই বই পড়তে দিলে প্রত্যেকটি শব্দের লিখিত রূপ এবং উচ্চারণ আয়ত্ত করতে যেয়ে ছেলেদের উভয়সঙ্কটে পড়তে হয়, ফলে পড়াটা আনন্দদায়ক না হয়ে পীড়াদায়ক হয়।

পড়তে শেখাবার কালে আমাদের একটি দিকে বিশেষ নজর দিতে হবে,—**পড়াটা যেন অর্থপুর্ণ হয়।** He put/the book/on the table এই sentenceটিকে যদি He put the/ book on/the table এই ভাবে পড়া হয়, তবে তার অর্থবোধ হওয়া কঠিন। অনেক সময় দেখা যায় বাংলা কবিতা পড়তেও ছেলেরা সুর করে (অনেক সময় রামায়ণ, মহাভারত পড়ার সুরে) পড়ে, ইংরেজী পড়তে যেয়েও ঐ সুরের নকল করতে চায়। কিন্তু ইংরেজীর ক্ষেত্রে ঐ সুর একেবারেই অচল। ইংরেজী গদ্য কিংবা পদ্য পড়ার নিশ্চয়ই প্রচলিত রীতি আছে কিন্তু বাংলা রীতির সাথে তার গরমিল অনেকখানি। শিক্ষককে সেদিকে অবহিত হতে হবে।

দ্বিতীয় স্মরণীয় ব্যাপারটি হ'ল **শ্রেণীর উপযোগী বইপড়তে শেখানো।** এ ক্ষেত্রে কয়েকটি প্রচলিত পদ্ধতির কথা উল্লেখ করে পরে আমাদের বক্তব্য বলব। প্রধানতঃ ইংরেজী পড়া শেখাতে যে সকল পদ্ধতি অবলম্বন করা হয়, তার কিছুটা পরিচয় দেওয়া হচ্ছে। মনে রাখতে হবে কোন একটি পদ্ধতি স্বয়ংসম্পুণ কিংবা সর্বস্তরের উপযোগী নয়। তবে এক একটি পদ্ধতিতে ভাষা শিক্ষার কোন একটি বিশেষ দিকের উপর জোর দেওয়া হয়েছে বলে পদ্ধতিগুলি ভিন্ন ভিন্নরূপে আমাদের কাছে উপস্থাপিত হয়েছে।

সাধারণতঃ—

1. **The Phonic Method.**
2. **The Word Method**
3. **The Sentence Method.**
4. **The Direct Method.**
5. **The Translation Method.**
6. **The New Method**
7. **The Structural Approach.**

—এই গুলিকে পড়তে শেখানোর প্রচলিত পদ্ধতি বলা যায়। এদের মধ্যে সবগুলিই আমরা ক্ষেত্রবিশেষে কাজে লাগাই। এখানে প্রত্যেকটি পদ্ধতি সম্বন্ধে কিছু কিছু আলোচনা করা হচ্ছে।

The Phonic Method

(১) এই পদ্ধতি অনুসারে সর্ব্বপ্রথম অক্ষরগুলিকে পৃথক ভাবে উচ্চারণ করতে শেখানো হয়।

(২) এরপর এই অক্ষরগুলির সাহায্যে সমোচ্চারিত কতকগুলি সহজ শব্দ শেখানো হয় ; at, bat, cat, in, bin, pen ইত্যাদি

(৩) কতকগুলি শব্দ যেগুলি বাক্য-রচনা কার্য্যে প্রায় অপরিহার্য্য সেগুলির সাথে পৃথক ভাবে পরিচিত করানো হয় I, he, the, you, she ইত্যাদি

(৪) এর পর (২) ও (৩) এর অন্তর্ভুক্ত কিছু শব্দ নিয়ে বাক্যরচনা করা হয় এবং ঐ গুলি পড়ানো হয় ; যথা—That cat is fat. The fat cat sat on the mat. It is a pin ইত্যাদি

(৫) সংযুক্ত শব্দ অর্থাৎ তুটি তিনটি ধ্বনি মিলে যেখানে একটি শব্দ উচ্চারিত হয় সেগুলিও ক্রমশঃ শেখানো হয়—The chalk is **on the chair** ; You can get your Engli**sh** book from that '**sh**op'. etc.

(৬) উচ্চারণ-সাদৃশ্য আছে এমন কতকগুলি শব্দ একসাথে শ্রেণীকে দিয়ে উচ্চারণ করানো হয় (choral drill) এবং তারপর সেগুলির সাহায্যে বাক্যরচনা করে এক একটি পাঠ দেওয়া হয়।

এইরূপ সমোচ্চারিত কিছু শব্দের তালিকা দেওয়া গেল ঃ—

(i)	(ii)	(iii)	(iv)	(v)
bat	bet	in	cot	but
cat	pet	is	dot	cut
fat	get	his	got	hut
sat	jet	him	hot (shot)	nut
mat	let	hit	lot (slot)	shut
pat	met	pin	not (knot)	tut etc
hat	net	din	pot (shot)	
rat	yet	rim etc.	rot etc.	
vat	wet etc			
and				
band etc.				

(vi) take (teik)	(vii) farmer	(viii) sight	(ix) green	(x) taught
late	farther	might	screen	brought
make	father	right	fifteen	caught
lake	etc.	bright	sixteen	bought
date		fight etc.	between	thought
hate			etc.	etc.
gate				
cake etc.				

Phonic method এর স্বপক্ষে বলা যায় যে—

(১) প্রত্যেক ছাত্র নিজের চেষ্টায় সমোচ্চারিত শব্দগুলি (একবার-দুইবার দেখিয়ে দিলে) পড়তে পারে ;

(২) উচ্চারণ বৈশিষ্ট্যের দিকে লক্ষ্য রেখে পড়ানো হয় বলে শব্দগুলির উচ্চারণে ও বানানে কিছুটা নির্ভুল হওয়ার সম্ভাবনা থাকে।

Phonic Method এর বিপক্ষে যে সব যুক্তি দেখানো হয়, তা হচ্ছে—

(১) প্রথমে বানান করে পড়ার অভ্যাস গঠিত হয় বলে পরেও এই অভ্যাস থেকে যাওয়ার সম্ভাবনা থাকে ;

(২) একটি একটি শব্দ আলাদা করে পড়া হয় বলে বাক্যের সামগ্রিক অর্থ গ্রহণে অসুবিধা হয় (The book is on the table এই বাক্যটিকে পড়তে যদি প্রতিটি শব্দ বানান করে পড়তে হয়, তবে তার অর্থবোধ হতে দেরী হবে না কি ?)

(৩) এই ভাবে পড়লে পড়ার গতি ব্যাহত হয় ; *

The Word Method

এই পদ্ধতিতে একটি করে গোটা শব্দ ছাত্রকে শেখানো হয়। ছাত্র শব্দটির আক্ষরিক রূপের সাথে সামগ্রিক ভাবে পরিচিত হয়। এই ভাবে কিছু শব্দ শেখা হয়ে গেলে সেগুলির সাহায্যে বাক্যরচনা করা হয়। শব্দগুলি পড়ার পূর্ব্বে ছেলেরা মৌখিক স্তরে শব্দগুলির সাথে পরিচিত থাকলে ভাল হয়। বস্তুর নাম পূর্বে শেখা থাকলে তার আক্ষরিক রূপের সাথে পরিচিত হওয়া সহজ হয় Book এবং table বল্লে কি বোঝায় এটা তারা জেনে গেছে। এক্ষেত্রে বই'য়ের একটি ছবিতে যদি 'book' কথাটি লেখা থাকে, table এর ছবির

---

* The phonic method for beginning reading is not the most suitable method." Dr. Schonell

নীচে যদি table লেখা থাকে, তা হলে সেটা পড়তে তাদের কোন অসুবিধে হবে না। পরে অবিশ্যি ছবি না দেখে শুধু শব্দটি দেখেই তারা পড়তে পারবে।

এই পদ্ধতি অবলম্বন করে শেখাতে হ'লে নিম্নলিখিত উপায় অবলম্বন করা যেতে পারে :—

(১) প্রথম স্তরে শ্রেণীর জিনিষগুলির গায়ে লেবেল (label) এঁটে দিয়ে জিনিষগুলির নাম শেখানো যাবে—(table, chair, blackboard, door, window, duster, bench, desk ইত্যাদি)

(২) ঐ শব্দগুলিকে ছুটি তিনটি করে ক্রমান্বয়ে শেখাতে হবে এবং উল্টে পাল্টা করে দিয়ে দেখ্‌তে হ'বে সেগুলি ঠিকমত চিন্‌তে পরেছে কিনা ;

(৩) যে বস্তুগুলি শ্রেণীতে দেখানো সম্ভব নয়, সেগুলির ছবি দেখাতে হবে এবং ছবির নীচে তাদের নাম লেখা থাকবে ; (tree, bird, cow, horse, elephant tiger ইত্যাদি)। তবে এক্ষেত্রে মনে রাখা দরকার যে প্রথমে অতি প্রয়োজনীয় শব্দ (essential word) শেখানোর দিকেই দৃষ্টি দিতে হবে। যে শব্দগুলি দ্বারা সাধারণ মনের ভাব প্রকাশ করা যায়, নিত্যকার প্রয়োজনে যেগুলি লাগে, তাদেরই essential words বল্‌তে হবে।

(৪) যে শিক্ষক ছবি আঁকতে পারেন, তিনি বোর্ডে ছবি এঁকে বস্তুটির নাম লিখে দেবেন এবং ছাত্রদের পড়তে শেখাবেন। এক্ষেত্রে অবশ্য শিক্ষকের বড় আর্টিষ্ট হবার প্রয়োজন নেই ; তিনি যদি বস্তু অথবা প্রাণী অথবা ক্রিয়ার একটি আভাস দিতে পারেন, তা হলেই যথেষ্ট।

(৫) কতকগুলি verb এর কার্যাকারিতা সম্বন্ধে তা'রা মুখে মুখে শিখেছে (stand, sit, come, go, read, open, shut, run, walk ইত্যাদি); এবার সেগুলির লিখিত রূপের সাথে এদের পরিচিত করাতে হবে। verb word গুলি ছবির সাহায্যে যেখানে দেখানো সম্ভব, সেখনে ছবির সাহায্য নিতে পারলে ভাল হয় (sit, stand, come, go, run ইত্যাদি); নতুবা Blackboard এ ছুটি তিনটি verb-word লিখে সেগুলি যদি ছেলেদের দিয়ে drill করানো যায় অর্থাৎ একসাথে কয়েকবার পড়ানো যায় এবং সেই অনুসারে কাজ করানো যায়, তবে word গুলি পড়া এবং বুঝা সহজ হবে। সমষ্টিগত কয়েকবার পড়াবার পরও ব্যক্তিগত ভাবে প্রত্যেকটি ছেলেকে দিয়ে পড়াতে হবে। উচ্চারণের দিকে লক্ষ্য রাখতে হবে। সমষ্টিগত ভাবে পড়ায় অনেক সময় উচ্চারণের ভুল ধরা যায় না। ব্যক্তিগত ভাবে উচ্চারণ করতে দিলে তবেই ভুল ধরা পড়ে। ছুটি তিনটির বেশী verb ও একদিনে শেখানো ঠিক হবে না।


(৫) এই পরিচিত noun ও verbএর সাথে কিছু structural word যোগ করলেই simple sentence তৈরী হবে। am. is, are, in, on, the, a, an ইত্যাদি শব্দ sight-word হিসাবে অর্থাৎ দেখে শেখাতে হবে। Stand up on the bench. Come to the blackboard. Come to the table. Go to the door. Go to the window—ইত্যাদি করে প্রথম দিকে কিছু কিছু বাক্য Boardএ লিখে শেখানো সম্ভব হবে। Sructural wordগুলি বোর্ডে লিখে দিয়ে ছেলেদের দিয়ে প্রথমে পড়াতে হবে এবং তারা সেগুলি দেখে দেখে খাতায় লিখবে। শিক্ষক অবশ্যই শব্দগুলিকে ভাল করে উচ্চারণ করে সকলকে এক সাথে এবং পরে একক ভাবে পড়াবেন। সম্পূর্ণ sentenceটি এখন বোর্ডে লিখে দিয়ে নিজে পড়বেন এবং ছাত্রেরা পড়বে। একদিনে দুটি তিনটি sentenceএর বেশী পড়ানো ঠিক হবে না।

Word Method এর স্বপক্ষে বলা যায় ঃ—

(১) সুপরিকল্পিত উপায়ে প্রথমদিকে কতকগুলি প্রয়োজনীয় শব্দ ছেলেদের শেখানো যায় ;

(২) মৌখিক স্তরে যে সকল শব্দের সঙ্গে তারা পরিচিত হয়েছে, সেগুলির লিখিত রূপের সঙ্গে সহজে তাদের পরিচিত করানো সম্ভব ;

(৩) ছেলেরা কতকগুলি বস্তুর ইংরেজী নাম কথাবার্তায় ব্যবহার করে (table, chair, bench, football, cricket, bus, train, school, class, roll ইত্যাদি) এগুলির লিখিত রূপের সাথে স্বাভাবিক ভাবে ছেলেদের পরিচিত করানো সম্ভব। Trainএর ছবির পাশে train কথাটি লেখা থাকলে (দুই একবার পড়ে দিলে) ছেলেরা নিজেরাই কথাটি পড়তে পারবে।



Train

(৪) কতকগুলি word ছাড়া যখন sentence রচনা করা সম্ভব নয়, তখন

কতকগুলি প্রয়োজনীয় (essential) শব্দ শেখা থাকলে তাদের সাহায্যে বাক্য রচনা করা সহজ হয়।

Word Method *এর বিপক্ষে বক্তব্য ঃ—*

(১) পৃথক ভাবে শব্দ শিখলে কতকগুলি শব্দ শেখা হয় বটে, কিন্তু তা দিয়ে অর্থসঙ্গতিপূর্ণ কোন বাক্যরচনা করা যায় না ;

(২) মনের ভাব প্রকাশ করা যায় না ;

(৩) পৃথক ভাবে শব্দগুলি শেখা হয় জন্য পরে পড়ার সময় শব্দগুলির উপরে দৃষ্টি বেশী নিবদ্ধ হয়ে পড়ে, ফলে পড়ার গতি ব্যাহত হয় এবং সম্পূর্ণ বাক্যটি পড়ে অর্থগ্রহণ করায় অসুবিধে হয় ;

(৪) অনেক সময় শব্দগুলি বানান করে পড়ার বদভ্যাসও এতে গড়ে ওঠে ;

(৫) Structural wordsগুলি না শিখিয়ে অনেকগুলি words শেখালে অনুমানের উপর নির্ভর করে পড়ার অভ্যাস গঠিত হতে পারে।

তবু Word-Method সম্বন্ধে Dr. Schonellএর উক্তিটি প্রণিধানযোগ্য—
"......the wholeword-method of commencing reading, particularly when concrete words adaptable to illustrations are used is the best method to use with duller 25 per cent of the class."


The Sentence Method

প্রথমে মৌখিক পদ্ধতির উপর জোর দেওয়ার কথাতেই বুঝা গেছে যে একটি সম্পূর্ণ বাক্যকেই একটি পাঠের একক ধরা হয়েছে। বাক্যদ্বারাই আমরা মনের ভাব সম্পূর্ণ প্রকাশ করি বলে বাক্য দিয়েই পাঠ সুরু করার পদ্ধতিকে বিজ্ঞান-সম্মত পদ্ধতি বলে ধরা হয়। এই পদ্ধতিতে পড়া শেখাতে হলে—


(১) প্রথমে, মুখে মুখে, কতকগুলি sentence শিখিয়ে নিতে হ'বে। ধরুন sentenceটি This is a boy ; এটি মুখে মুখে শেখানো হয়েছে। এখন এটিকে যদি একটি কার্ডে লিখে Boy এর ছবির পাশে রেখে দিয়ে পড়ানো হয়—This is a boy তা হলে গোটা sentenceটি সে একবারে পড়তে শিখল। প্রত্যেকটি ছেলে এই ভাবে sentence cardটি পড়বে। পড়া হয়ে গেলে এই sentence-কার্ডটিকে ক্লাসে টাঙ্গিয়ে রাখতে হবে (যাতে ছেলেরা দাঁড়ালে চোখের সোজাসুজি at eye-level' এটিকে দেখতে পায়)। এখানে অবশ্য লক্ষ্য রাখা কর্তব্য যে sentenceগুলির pattern একই হ'বে, শুধু content words পালটে দিতে হবে।

Sentence Card


| This is a cat |



| This is a bus |



| This is a flower |



(২) কয়েকটি sentence শেখা হয়ে গেলে পর যদি পৃথক পৃথক ছবি ও content card করা হয় এবং ঠিক ঠিক ছবিটির সাথে ঠিক ঠিক sentenceটি জুড়ে দিতে দেওয়া যায় (Matching), এবং পড়তে বলা হয়, তবে পড়াটা আরও অর্থপূর্ণ, সহজ এবং দ্রুত হয়।

(৩) **পরের স্তরে শুধু sentenceটিকে পড়তে বলা হবে ; এবারে আর ছবি থাকবে না।** তবে এক্ষেত্রেও যদি patternটি একই থাকে (১নং উদাহরণ দ্রষ্টব্য), তবে পড়াটা সহজ হবে।

(৪) পড়ানোর সময় গোটা sentenceটিকেই একেবারে পড়ে দিতে হবে, পৃথক পৃথক wordএর দিকে যেন ছেলেদের দৃষ্টি আকর্ষণ না করা হয়।

৫) একটি sentence এর শব্দগুলিকে পৃথক পৃথক word এ বিভক্ত করে ছেলেদের দিয়ে এগুলোকে জুড়ে পুরো sentenceটি করতে দিতে হ'বে। এতে করে পৃথক্ পৃথক্ word গুলির সাথে যেমন পরিচয় হবে, তেম্নি sentenceটির সম্পূর্ণ রূপের সাথে পরিচয় হয়েছে কিনা তারও পরীক্ষা হ'বে। এক্ষেত্রে অবশ্য অনেকগুলি word card করার প্রয়োজনীয়তা দেখা দেবে। তবে দুই তিনজন

ছাত্রকে এক set word দিয়ে একটি দল করে দেওয়া যেতে পারে এবং কোন দল কত তাড়াতাড়ি sentenceটি গড়তে পারে এবং পড়তে পারে তার একটা প্রীতিকর প্রতিযোগিতার ব্যবস্থা করা যেতে পারে। এক এক set word পাল্‌টে পাল্‌টে দিয়ে ছেলেদের দিয়ে পৃথক্ পৃথক্ sentence গড়ানো যাবে।

৬) একটি sentence কে এলোমেলো করে বোর্ডে লিখে দিয়ে (you boy are a) সেটিকে ঠিকমত সাজাতে দেওয়া যেতে পারে। কয়েকটি sentence পড়া হয়ে গেলেই তবে এই খেলা দেওয়া যেতে পারে।

৭) Sentence এর কোন একটি শব্দকে বাদ রেখে সেটিকে পূরণ করতে দিতে বলা যায়, যথা—You—glad. He—sad.

৮) Sentence এর একটি একটি পৃথক শব্দ Board এ লিখে দিয়ে দেখা যেতে পারে ছেলেরা শব্দটি পড়তে পারছে কিনা।

৯) Flash card দেখিয়ে ছাত্রদের পড়তে এবং প্রয়োজন হলে পঠিত নির্দ্দেশটি পালন করতে বলা যেতে পারে।

I am standing up (পড়ার সাথে সাথে ছাত্র দাঁড়াবে)

I am coming to the desk (পড়ার সাথে সাথে ছাত্র desk এর দিকে এগিয়ে আসবে)

I am running (পড়ার সাথে সাথে ছাত্র দৌড়বে)।

Sentence Method এর স্বপক্ষে বলা যেতে পারে—

১) এই Methodএ প্রথম থেকেই অর্থসঙ্গতিপূর্ণ বাক্য পড়তে হয় বলে পঠিত বিষয়ও অর্থপূর্ণ হয়।

২) একটি একটি শব্দ না পড়ে গোটা বাক্যটি পড়ার অভ্যাস গঠিত হয়।

৩) বাঁ থেকে ডানদিকে দ্রুত চোখ বুলিয়ে যাওয়ার অভ্যাস গঠিত হয়। একটি শব্দের উপরেই দৃষ্টি নিবদ্ধ রাখতে হয় না।

৪) কতকগুলি প্রয়োজনীয় sentence pattern বারবার অনুশীলনের ফলে সেগুলি পড়া সহজ হয়।

৫) Intonation অর্থাৎ উচ্চারণ ভঙ্গিও অর্থপূর্ণ হয়; একটি একটি করে শব্দ পড়লে শেষ পর্যান্ত sentenceটি পড়ার পর তার অর্থবোধ হয় এবং sentenceটির অর্থ বুঝে সেই অনুসারে কণ্ঠস্বরের উচ্চনীচ করে পুরো sentenceটি আবার উচ্চারণ করতে হয়; এতে অনর্থক সময় নষ্ট হয় এবং উচ্চারণের (Intonation) ত্রুটি থেকে যায়।

৬) পড়ার উদ্দেশ্য যদি লিখিত বিষয়ের অর্থসংগ্রহ করা হয়, তবে প্রথম

থেকেই এই thought-getting এর দিকে ছেলেদের লক্ষ্য থাকে sentence method এ। অন্য method এ সেটি হয় না। এক একটি শব্দের অর্থসংগ্রহের দিকেই সেখানে লক্ষ্য থাকে।

৭) কিছু sentence এর সঙ্গে পরিচিত হওয়ার পর সেগুলির সাহায্যে ছোট ছোট গল্প বা ধারাবাহিক কোন বক্তব্য রচনা করা যেতে পারে এবং তা পড়ে ছেলেরা নিজেদের ক্ষমতার উপর ক্রমশঃ আস্থাবান হতে থাকে।

I am Asit.

I am ten years old.

We are two brothers and two sisters.

My sisters are five and three years old

Sentence method এর বিপক্ষে বলা যায়—

১) Word method অথবা Phonic method এ পড়ালে যেমন প্রতিটি শব্দের উচ্চারণের দিকে লক্ষ্য দেওয়া হয় এবং অনুরূপ উচ্চারণের কতকগুলি শব্দ একসাথে শেখানো হয়, এক্ষেত্রে তা হয়না বলে নূতন শব্দের ক্ষেত্রে ছেলেদের পড়তে এবং উচ্চারণ করতে অসুবিধে হয়;

২) সুলিখিত এবং সুপরিকল্পিত পাঠ্য-পুস্তক না পাওয়া গেলে এই পদ্ধতিতে পড়া শেখার পর, বহু অপরিচিত শব্দের অর্থবোধ এবং উচ্চারণে অসুবিধা ঘটার সম্ভাবনা;

৩) Sentence methodএ লিখিত পুস্তক পড়ানোর বেলায় শিক্ষক যদি পাঠগুলির পারম্পর্য্য রক্ষা না করেন, তা হলেও ছেলেদের ক্ষতি হবার সম্ভাবনা।

Sentence method অবলম্বন করে পড়ালেও পরে sentenceটিকে বিশ্লেষণ করে শব্দগুলির বানান, উচ্চারণ এবং লিখনের দিকে দৃষ্টি দিতে হবে। Word গুলিকে এলোমেলো করে দিয়ে সেগুলিকে সাজিয়ে আবার মূল sentenceটি গড়তে দিতে হ'বে।

Dr. Michael West এর New Method

Dr. West দীর্ঘকাল Dacca Teachers' Training College এর অধ্যক্ষ ছিলেন। তিনি ভারতীয় ছাত্রদের ইংরেজী শেখানোর ব্যাপারে পড়াশেখাকেই সর্ব্বাধিক গুরুত্ব দিয়েছেন। ইংরেজী বলা কিংবা ইংরেজী লেখার প্রয়োজন ততটা নয়, যতটা প্রয়োজন ইংরেজী বই পড়ে বুঝা এবং তা থেকে নূতন নূতন idea আত্মস্থ করা, সংক্ষেপে—thoughtgetting.

ইংরেজী বই পড়ে বুঝা এটাই যদি ইংরেজী শেখার প্রধান লক্ষ্য হয়, তবে

প্রথম থেকে ইংরেজী পড়ার দিকে বেশী নজর দিতে হবে, বলা কিংবা লেখার দিকে অপেক্ষাকৃত কম জোর পড়বে। এটা অবশ্যই ঠিক যে না বলে কিংবা না লিখে কোন ভাষাকেই আয়ত্ত করা যায় না; লিখতে না জানলেও বলতে জানা চাই-ই; নতুবা কোন ভাষাকেই শেখা যায় না। কিন্তু Dr. West এর মতে বিদেশী ভাষা, বিশেষ করে ইংরেজী শেখার ব্যাপারে বই পড়া শেখানো বিশেষ প্রয়োজন—**'not oral' reading but purposeful, silent reading.**

Dr. West এর মতে The child should at the earliest possible stage, be enabled to read with ease and pleasure.' প্রথম থেকেই পড়তো শেখানোর দিকে নজর দিলে এবং সে পড়াটা যদি অনায়াসসাধ্য ও আনন্দ- দায়ক হয় তবে ছেলে স্কুল ছেড়ে দেওয়ার পরেও পড়ার অভ্যাসটি রাখবে; নতুবা ইংরেজী শেখার কষ্টসাধ্য কসরৎ থেকে যেদিন মুক্তি পাবে, সেই দিনই সে চেষ্টা করে ইংরেজী ভুলতে সুরু করবে।

পড়াটাকে মনোজ্ঞ করার জন্য Dr, West সেইজন্য নূতন ধরণের পাঠ্যবই রচনার কথা চিন্তা করেছেন—যে বইতে অল্প সংখ্যক সুচয়িত শব্দের সাহায্যে পাঠ্যবস্তু রচনা করা হবে। এই শব্দগুলিকে তিনি বল্‌ছেন Controlled Vocabulary। এক একটি পাঠ্যবস্তুতে নূতন শব্দের সংখ্যা খুব কমই থাকবে। ক্রমশ সেগুলি বাড়বে যাতে করে নূতন শব্দে প্রতিপদে শিক্ষার্থীকে হোঁচট খেতে না হয়, পড়াটা অনায়াসে সাবলীল গতিতে এগিয়ে চলতে পারে। একই শব্দ ঘুরে ঘুরে বার বার বিভিন্ন sentenceএ আসবে। এতে করে ঐ শব্দটি পড়তে আর ছাত্রের কোন অসুবিধে হবে না, পড়াটা প্রায় automatic হ'বে।

অবশ্য প্রথম দিকে Oral lesson আরম্ভ করার কথা তিনিও বলেছেন —"The first year may begin with some oral work." এদিক থেকে তিনি Palmer, F. G. French কিংবা বর্ত্তমান কালের Gatenby, Frisby, Fries প্রভৃতি শিক্ষাবিদ্‌গণের সাথে একমত।

প্রথম কিছুদিন oral teaching এর পরই Dr. West এর মতে—"The teacher then concentrates on teaching the class to read. ......The learners will begin to speak freely, using their own words, towards the end of the third year or sometime early in the fourth year. When this happens the emphasis should be transferred to speech/writing and much of the reading can be done as home-work.

তিনি দ্বিতীয় বৎসরের (Stage I) জন্য 800 Wordsএর Controlled Vocabulary দিয়ে পুস্তক রচনা করেছেন। এই স্তরের উদ্দেশ্য—"In this stage we are hurrying the pupil forward to the point at which he is able to read a whole story-book which contains no (or very few) unknown words. This stage should be reached during the second year and gives him his first sense of achievement in English."

Stage. II (1100 words) At this stage it is possible to give a considerable choice of reading matter free of unknown words, this matter being suited to the interests of a 12-year-old pupil.

Stage. III (1400 words) At this stage ample reading material can be provided which retains some flavour of the style of the original author and is able to conrvey most of the excitement of the original plot.

Stage IV. (17,00 words) Atthis stage a pupil can understand and use the New Method Dictionary which gives the meanings of 25,000 words within an explaining vocabulary. He can also read a considerable number of stories little marred by simplification to bring them within his known vocabulary.

Stage V. (2000 words) It is not possible to build up a selected reading vocabulary much beyond this point.

Vocabulary সম্বন্ধে Dr. West এর বক্তব্য যে অন্তত 1300 words এর Minimum Adequate Vocabulary অধিগত করতে না পারলে কারও পক্ষে ইংরেজীতে কোন একটি সাধারণ বিষয় সম্পর্কে সাবলীল ভাবে কথাবার্তা বলা সম্ভব নয়। 'If a pupil tries to talk freely with a smaller set of words he is like a carpenter trying to do a job with an incomplete set of tools." এই পরিমাণ শব্দ-সমষ্টির উপর পরিপূর্ণ অধিকার অর্জন করতে প্রথম প্রথম হয়তো শিক্ষকের কথারই শুধু পুনরুক্তি হ'বে তার পর অর্দ্ধ পুনরুক্তি (half-repetition) এবং অর্দ্ধ নিজস্ব উক্তি এবং সর্বশেষ free speech অর্থাৎ নিজের খুশীমত কথা বলা। "It is like teaching a

baby to walk, very gradually taking our hands away." তাড়াহুড়ো করে অনেক কিছু শেখানোর পক্ষপাতী তিনি নন।

Minimum Adequate Vocabulary অর্থাৎ 1300 Words শেখাটাই বড় কথা নয়—'it must be so over-practised that it becomes a part of the student's mind." এই 1300 words শেখার পর এগুলি এমন ভাবে drill করাতে হবে যে সেগুলির ব্যবহার যেন automatic হয়ে যায় এবং যতক্ষণ পর্য্যন্ত সেটি না হচ্ছে, ততক্ষণ পর্য্যন্ত নূতন শব্দ শেখানো উচিত হবে না।

Dr. West এর Method অনুযায়ী প্রথম বর্ষে পড়া শেখাতে গেলে নিম্নলিখিত Stepsগুলি অনুসরণ করতে হবে—

Step. I. The teacher introduces the new words. He writes the words in print writing on the blackboard. He points to the English word and says the meaning in the mother-tongue. The class repeats with him, In chorus, twice only. Then the teacher points silently, and the class says each word and its meaning.

Step. II. The class studies two or three sentences. The teacher may explain what they have to do, and do a sentence or two as an example. The pupils then study ; the teacher goes round giving help where necessary.

Step III. The pupils give the answers.

The pupils then answer the questions in the book/✓ or ×, yes or no, or mark True/False or give short answer to questions on stories etc.) The teacher goes round watching what they are doing and helping where necessory.

Step. IV. The teacher checks the answer.

এখানে লক্ষ্যণীয় বিষয় ছাত্রদের বলতে হচ্ছে কম, বইয়ের লেখা পড়ার দিকেই শিক্ষকের এবং ছাত্রের দৃষ্টি বেশী এবং প্রশ্নের উত্তরও বেশীরভাগ ক্ষেত্রে পুস্তকে লিখিত নির্দ্দেশ অনুসারে ✓, ×, Yes or No, কিংবা True (T) False (F) লেখার মধ্যেই সীমাবদ্ধ। এই পদ্ধতির স্বপক্ষে বলা যায়—

(১) নির্দ্দিষ্ট কতকগুলি শব্দ বার বার ঘুরে আসার ফলে শব্দ-গুলির লিখিত রূপের সাথে পরিচয় সহজ হয়।

(২) প্রতিটি Lessonএ পূর্ব্বের কতকগুলি শব্দ repeated হয় এবং তারপর সামান্য কয়েকটি নূতন শব্দের সংযোজন করা হয় বলে Lessonটি পড়তে খুব অসুবিধের সম্মুখীন হ'তে হয় না ;

(৩) কিছুসংখ্যক শব্দ আয়ত্ত হওয়ার পরই ছাত্রদের বয়সের উপযোগী কোন গল্পকে ঐ শব্দ-সংখ্যার সাহায্যে লিখে দিলে তারা পড়তে পারে।

(৪) শব্দগুলির বাংলা অর্থ দুই একবার বলে দিয়ে তারপর drill করালে শব্দগুলির অর্থবোধে অসুবিধে হয় না ,

(৫) 'Reading'কে পৃথক একটি skill হিসেবে গণ্য করা হয় এবং speechকে পৃথক skill মনে করা হয়। Dr. Westএর মতে একই বই দিয়ে reading (passive) এবং speaking (active) দুটো শেখাতে গেলে অসুবিধে হবে। এর জন্য আলাদা পুস্তকের প্রয়োজন।

(৬) অল্প সময়ের মধ্যে গল্প প্রভৃতির পড়ার মত Vocabulary আয়ত্ত হ'লে গল্প পড়ার তাগিদে ছেলেরা ইংরেজী পড়ার দিকে ঝুকবে।

এই Method এর বিপক্ষে বলা যায়—

(১) মৌখিক দিককে অবহেলা করে শুধু পড়ার উপরেই বেশী জোর দিলে শব্দসমষ্টি মনে থাকার কোন বিশেষ কারণ নেই ;

(২) শুধু কতকগুলি শব্দ শিখলেই শব্দগুলিকে sentenceএ ব্যবহার করা যায় না—তার জন্য sentence structureএর সাথে সম্যক পরিচয় প্রয়োজন ;

(৩) শব্দশেখা অর্থাৎ পড়া নেহাতই নিরর্থক মনে হ'তে পারে যদি সেই শব্দগুলি বাক্যে ব্যবহৃত না হয় ; in, is, see, do ইত্যাদি শব্দগুলি পৃথকভাবে না শিখে এগুলি sentenceএর মাধ্যমে শিখলে এরা অর্থপূর্ণ হয়, এদের ব্যবহারও ক্রমশঃ স্বাভাবিক হয়।

Dr. Westএর Methodএর সবচেয়ে বড় অবদান হ'ল যে তিনি একরাশ নূতন শব্দ শেখানোর পক্ষপাতী নন ; Controlled Vocabularyর মাধ্যমে যদি পাঠ্যপুস্তক রচিত হয়, তবে সে বই পড়তে ছেলেদের বিশেষ অসুবিধে হয়না। তবে এতে পড়তে শেখা যতটা সহজ হয়, বলতে বা লিখতে শেখা ততখানি সহজ হয়না বলে অনেকে মনে করেন।

From—'A guide to the New Method series' by Michaee West.

Direct Method of Teaching English.

Direct Method অনুযায়ী ইংরেজী শেখানোর লক্ষ্য হিসেবে বলা যায় যে এই Method

i) ইংরেজীতে চিন্তা করা এবং কথা বলাকে প্রাধান্য দেয় ;

ii) মাতৃভাষায় অনুবাদ করে ইংরেজী শেখানোকে সর্ব্বপ্রকারে পরিহার করে ;

iii) মৌখিক উপায়ে শেখানোর উপর বেশী জোর দেয় ;

iv) উচ্চারণের প্রতি সদা সতর্ক দৃষ্টি রাখে ;

v) Sentenceকেই ভাষা শিক্ষার unit হিসাবে গ্রহণ করে ; শব্দ কিংবা অক্ষর পরিচয় ক্রমশ হয়।

এই Method অনুযায়ী পড়াতে গেলে শ্রেণীতে একটা **'nothing-but-English atmosphere** সৃষ্টি করার চেষ্টা হয়। শিক্ষক সহজবোধ্য ইংরেজীতে কথা বলবেন। বস্তুর সাহায্যে তাঁর বক্তব্য স্পষ্ট করবেন। কার্য্যসম্পাদনের মধ্য দিয়ে ক্রিয়াপদটি বোঝাবেন। মাতৃভাষার ব্যবহার সম্পূর্ণরূপে না হলেও প্রায় নিষিদ্ধ।

এই Method এর পিছনে যে যুক্তিগুলি আছে, সেগুলি হ'ল—

i) ভাষা ও বক্তব্য বিষয় বা বস্তুর মধ্যে যে direct bond 'সাক্ষাত সম্বন্ধ' আছে, সেটির মাঝখানে যদি মাতৃভাষা এসে পড়ে তবে বিদেশী ভাষা শিক্ষার ব্যাপারে মাতৃভাষা অন্তরায় হয়ে দাঁড়ায়। যে ছেলে 'chalk' বলে জেনেছে, তার পক্ষে কথাটিকে মাতৃভাষায় অনুবাদ করে বোঝানোর নিশ্চয় প্রয়োজন নেই। 'কেদারা' বল্‌লে আজকাল কেউ 'chair' বুঝবে না ; chair ইংরেজী শব্দ হওয়া সত্ত্বেও বস্তুটির সথে শব্দটির একটি direct bond হয়ে গেছে, যাতে করে শব্দটি বুঝতে আর আমাদের কষ্ট হয় না। এম্নি করে যদি বস্তু বা আইডিয়ার সাথে একটি স্বাভাবিক যোগসূত্র স্থাপন করা যায় (মাতৃভাষায় যেমন হয়ে থাকে) তবে বিদেশী ভাষা শেখা সহজ হয়। সকালের দিকে দেখা হলে 'Good morning' বলতে শুনলে, এর অর্থ না জেনেও ছেলেটি বুঝতে পারে এর অর্থ কি এবং কখন একথা বলতে হয়। একখানি বই দেখিয়ে This is a book. কলম দেখিয়ে This is a pen বললে ছেলেরা সহজেই বুঝতে পারবে শিক্ষক কি বোঝাতে চাইছেন।

ii) মাতৃভাষায় অনুবাদ করলে এই **direct bond** নষ্ট হওয়ার জন্য মাতৃভাষা বিদেশী ভাষা শেখার ব্যাপারে অন্তরায় সৃষ্টি করে।

iii) প্রত্যেক ভাষারই কতকগুলি বাক্-রীতি আছে; মাতৃভাষার সাথে তার হয়তো মিল নেই। সেক্ষেত্রে অনুবাদ ভাষাশিক্ষার সাহায্য না করে বিভ্রান্তিরই সৃষ্টি করে। 'This is a book' বাংলায় আক্ষরিক অনুবাদ করলে দাঁড়ায় 'ইহা হয় একখানি পুস্তক'। কিন্তু বাংলা ভাষায় এরূপ বাক্-রীতির প্রচলন না থাকায় ছেলে বিভ্রান্ত হয়। তার চেয়ে 'This is a book' এই sentenceটি-ই যদি তাকে শেখানো হয় এবং যদি সে তা বুঝতে পারে তবে অনুবাদ করে জটিলতার সৃষ্টি করা কেন?

iv) Direct Method অনুসারে পড়ালে Grammar শেখানোর অর্থাৎ Theoretical Grammar শেখানোর বিশেষ কোন প্রয়োজন হয় না। ভাষার শুদ্ধ রূপের সাথেই ছেলেকে ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে পরিচিত করানো হয় বলে Grammar এর স্থান এই পদ্ধতি অনুযায়ী অত্যন্ত সীমাবদ্ধ। প্রথম দিকে Grammar এর কোন উল্লেখ না করে পরবর্তীকালে বহু উদাহরণের মধ্যকার সাধারণ নিয়মটি বোঝানোর জন্য Grammar ব্যবহৃত হ'তে পারে।

এই Method এর স্বপক্ষে বলা যায় যে—

i) এই পদ্ধতিতে সুপরিকল্পিত উপায়ে পড়ালে সুফল অবশ্যম্ভাবী;

ii) ভাষার কথ্যরূপ ও উচ্চারণের উপর জোর থাকায় ঐ দুই দিকে ছাত্রদের উন্নতি পরিলক্ষিত হয়;

iii) ইংরেজীতে চিন্তা করার শক্তি বাড়ে;

iv) প্রথমদিকের গোড়াপত্তন ভাল হয়;

এই Method এর সমালোচনায় বলা যায়—

i) যুক্তির দিক থেকে না হলেও ব্যবহারিক ক্ষেত্রে এই Method এর ত্রুটিপরিলক্ষিত হয়; উপযুক্ত এবং অভিজ্ঞ শিক্ষক ভিন্ন এই পদ্ধতিতে শিক্ষাদান করা দুরূহ

ii) লেখার উপর কম জোর থাকায়, লেখার অভ্যাস যথেষ্ট হয় না;

iii) প্রথম কিছুদিন পরেই যখন নূতন নূতন abstract idea কিংবা new word (যাদের demonstrate করে দেখানো যায় না—honesty, purity, in as much as, rather than ইত্যাদি ইত্যাদি) কে ইংরেজীতে বোঝাতে হয়, তখনই এই method এর অসুবিধে বুঝা যায়

iv) মাতৃভাষায় অনুবাদ না করতে দিলেও ছেলে কিন্তু ইংরেজী শব্দের পরিভাষা খুঁজবেই এবং ইংরেজী শব্দটির অর্থ direct wayতে বোঝালেও সাথে সাথে তার

অর্থটি মাতৃভাষায় করে নিয়ে তবে সেটিকে মনে রাখবে। 'Orange' বোঝানোর জন্য কমলালেবু কিংবা তার ছবি দেখিয়েও যদি শেখানো হয় This is an orange তা হলেও এটি যে কমলালেবু তা সে মুখে না বল্‌লেও মনে মনে বল্‌বেই।

v) অনেকে মনে করেন শুধু ভাল ছেলেরাই এ পদ্ধতিতে পড়ালে উপকৃত হয়। মাঝারি কিংবা খারাপ ছেলেরা ততটা উপকৃত হয় না।

The Translation Method

অনুবাদের সাহায্যে কোন বিদেশী ভাষা শেখাকে Translation method বলা চলে। একথা সত্য যে অনুবাদ করলে বিদেশী ভাষা সহজে বুঝা যায়, কিন্তু ভাষা শিক্ষার যে চারটি মূল লক্ষ্য অর্থাৎ—

To understand a language when written
To understand it when spoken
To speak the language
To write it

তার মাত্র প্রথমটিতে উপনীত হ'তে সাহায্য হয়। প্রতিটি কথা যদি মাতৃভাষায় অনুবাদ করে বুঝতে হয়. তবে (১) বিদেশী ভাষার গঠন-রীতি বুঝতে অসুবিধে হয়; (২) মনে মনে প্রত্যেকটি কথা অনুবাদ করে বলার অভ্যাস গড়ে ওঠে বলে বলা কিংবা লেখা সহজ এবং স্বাভাবিক হয় না; (৩) পাঠে আশানুরূপ উন্নতিও হয় না।

এই পদ্ধতি-ই কিন্তু আমাদের বিদ্যালয়গুলিতে বেশী অনুসৃত হয়। অর্থাৎ প্রায় প্রতিটি বাক্য অনুবাদের সাহায্যে ছাত্রকে বোঝানোর চেষ্টা করা হয়। এতে অর্থবোধও হয় সত্য, কিন্তু ছাত্রকে যখন বল্‌তে কিংবা লিখতে হয়, তখনই মাতৃভাষা এসে প্রতিবন্ধকতার সৃষ্টি করে। সে চিন্তা করে মাতৃভাষায় কিন্তু বলতে ও লিখতে হয় ইংরেজীতে; ফলে সবসময়ই মানসিক স্তরে একটা অনুবাদের কাজ চলে। এতে ফল ভাল হয় না। Grammarকে সম্মুখে রেখে সাধারণতঃ অনুবাদের কার্য্য চলে বলে এই পদ্ধতিকে **Grammar-Translation পদ্ধতিও** বলা হয়। Grammar এর নিয়মকানুনকে সর্ব্বক্ষেত্রেই অনুবাদ করে বোঝানো হয় বলে এই পদ্ধতিতে পড়াতে গেলে ইংরেজীর চেয়ে বাংলার ব্যবহারই বেশী করতে হয়। ব্যাকরণের নিয়মকানুন হয়তো খুবই logically শেখানোর চেষ্টা করা হয়, কিন্তু নিয়মকানুন দ্বারা প্রথম শিক্ষার্থীকে ভাষা শিক্ষায় প্ররোচিত করা যায় না। সে চায় ভাষাকে ব্যবহার করতে, অন্যের ভাষা শুনে তার অনুকরণ করতে।

সেক্ষেত্রে ইংরেজীর চেয়ে সে যদি বাংলাই বেশী শোনে, তবে ইংরেজী বলা কিংবা লেখার অভ্যাস তার গড়ে উঠবে কি করে?

শিক্ষাগুরু রবীন্দ্রনাথ অবশ্য তাঁর নিজস্ব শিক্ষাদানের ক্ষেত্রে অনুবাদকে খুব গুরুত্ব দিতেন। বড়দের পড়ানোর সময় তিনি প্রতিটি ইংরেজী শব্দের বাংলা অনুবাদ করে দিতেন। ভূদেববাবুও 'মাতৃভাষারূপ শূর্পের' সাহায্যে ইংরেজীকে ঝেড়ে নিয়ে তার শাঁসটুকু গ্রহণ করার পক্ষপাতী ছিলেন। মাইকেল কিন্তু 'Speak in English, think in English, dream in English' এর পক্ষপাতী ছিলেন।

রবীন্দ্রনাথের একটি নিজস্ব পদ্ধতি ছিল ইংরেজী পড়ানোর। তিনি ইংরেজীকে বাংলা অনুবাদ করে আবার সেই বাংলাকে ইংরেজীতে অনুবাদ করতে দিতেন। এতে করে ছাত্রেরা নিজস্ব ইংরেজীর সাথে মূলের ইংরেজীর কতখানি পার্থক্য হ'ল বুঝতে পারত এবং সেই অনুসারে নিজেদের ইংরেজীকে শুদ্ধ এবং উন্নততর করার চেষ্টা করত। বড়দের বেলায় এ পদ্ধতির যথেষ্ট উপকারিতা আছে সত্য. কিন্তু প্রথম শিক্ষার্থীর পক্ষে এরূপ অনুবাদের প্রত্যনুবাদ আশা করা সঙ্গত হবে না।

অনুবাদকে ইংরেজী শিক্ষার ক্ষেত্র থেকে একেবারে বাদ দেওয়া কোন মতেই সম্ভব নয়। বিশেষ করে যেখানে কোন abstract quality কিংবা কোন বিশেষ idiomকে সামান্য অনুবাদ করে দিলে সহজে বোঝানো সম্ভব সেখানে অনুবাদ করে দেওয়াই সমীচীন। 'Mist' কথাটি ইংরেজীতে বোঝাতে গেলে অনেক বাক্‌জালের বিস্তার করেও সেটি সকলকে বোঝানো যাবে না; সেখানে ছোট্টকথা 'কুয়াসা' বলে দিলে যদি হয়, তবে না দেওয়ার কোন কারণ দেখি না। তবে প্রথম শিক্ষার্থীদের বেলায় অনুবাদের সাহায্য যাতে না নিতে হয়, তার জন্য সহজ Sentence Patterns ও Concrete objects এর সাহায্যেই তাকে এগিয়ে নিতে চেষ্টা করতে হবে। 'Didn't you come yesterday' এ কথার বাংলা বলে দিলেও তারা এই sentenceটির বিশেষ রূপটি বুঝতে এবং ব্যবহার করতে শিখবে কিনা সন্দেহ। অথচ বার বার ঐ একই জাতীয় sentence pattern drill করলেই তারা ঐজাতীয় sentence এর সাথে পরিচিত হবে এবং সেটি ব্যবহার করতে শিখবে।

Structural Approach

১৯৫৫ সালে সিংহলে অনুষ্ঠিত এক আন্তর্জাতিক সম্মিলনীতে স্থিরীকৃত হয় যে বিদেশীভাষা শিক্ষার ব্যাপারে Structural Approach যতটা কার্য্যকরী, অন্য পদ্ধতি ততটা নয়। প্রত্যেক ভাষারই কতকগুলি বাক্-রীতি আছে। প্রশ্ন করার এক ধরণ, অনুরোধ করার এক ধরণ, কোন কথা সাধারণ ভাবে অর্থাৎ নিছক বিবৃত করার এক ধরণ—এম্নি কতকগুলি ধরণ আছে। সেই patterns-গুলির সাথে পরিচিত হওয়া খুব কঠিন নয়। (এ সম্বন্ধে পূর্ব্বেই বলা হয়েছে)। ইংরেজী ভাষা বিশ্লেষণ করে দেখা গেছে এর মাত্র ২৭৫টি structures আছে। এখন কি ভাবে এই Approachকে কাজে লাগানো যেতে পারে সেটা দেখা যাক।

এটিকে ঠিক একটি Method না বলে একে বলা হচ্ছে—Approach অর্থাৎ রীতি। Method বললে প্রতিটি পর্য্যায় সুস্পষ্টরূপে পালন করা অত্যাবশ্যক ধরে নেওয়া হয়। সেদিক থেকে যে কোন Method কতকটা অপরিবর্ত্তনীয়। যদি বলি Herbartএর পঞ্চসোপান পদ্ধতিতে পাঁচটি স্তর যথা—(i) Preparation, (ii) Presentation, (iii) Comparison, (iv) Generalisation এবং (v) Application মেনে চলতে হবে, তবে সেটিকে যথাযথভাবে, পৌর্বাপর্য্যক্রমে-মেনে নিলে তবেই ঐ পদ্ধতি অনুসরণ করা হ'ল, নতুবা নয়। কিন্তু এক্ষেত্রে অর্থাৎ Structural Approachএর ক্ষেত্রে কয়েকটি নীতিকে স্বীকার করা হয়েছে মাত্র, ঠিক পৌর্বাপর্য্য বজায় রেখে কোন পদ্ধতিকে মানার কথা এখানে বলা হচ্ছে না।

নীতিগুলিকে সহজভাবে বললে এম্নি দাঁড়ায়ঃ—

(১) প্রথমে মুখে মুখে ইংরেজী শেখানো হবে;

(২) মৌখিক স্তরে এক একটি structure ঠিক রেখে content words বদলে নূতন নূতন sentence শেখানো হবে (e. g. This is a chair/table/pen etc. Is this a+(a content word); These are+(content word) etc.

(৩) প্রথম দিকে প্রত্যেকটি content wordকে শ্রেণীতে demonstrate করে দেখিয়ে সেটিকে, sentenceএ ব্যবহার করা হবে।

(৪) Verbsগুলিও এইভাবে demonstrate করে দেখানো হবে,—একই

sentence pattern অনেকবার করে drill করাতে হবে ; ছেলেরা প্রথমে শুনবে, তারপর বলবে এবং শেষে কাজ ও বলা একই সাথে হ'বে।

(৫) পড়া শেখানোর সময় একটি পূরা sentence (যেটি তারা মুখে বলেছে) পড়ানো হবে। গোটা sentenceটি একবারে পড়বে। Structural অংশটুকু ঠিক রেখে আবার নূতন content word যোগ করে আরেকটি sentence পড়া শেখানো হবে (Is this a+table) এই ভাবে—

Is this a table ? Yes, it is.
Is this a chair ? Yes, it is.
Is this a pen ? Yes, it is.

(৬) Reading Lesson হিসেবে যে structureগুলি ব্যবহার করা হবে, প্রথমে সেগুলিকেই মুখে মুখে শিখিয়ে নিতে হবে ;

(৭) বই হাতে দেওয়ার পূর্ব্বে Boardএ scriptএ লিখে (বইয়ের অক্ষরের মত করে) পড়া শেখাতে পারলে সবচেয়ে ভাল হয়,

This is a table.
This is a pen.
This is a pencil.

(৮) লেখার পাশে ছবি এঁকে দিতে পারলে আরও ভাল হয়।

(৯) Flash Card ও Sentence Cardএর ব্যবহার প্রাথমিক স্তরে পড়া শেখানোর একটি প্রকৃষ্ট উপায়।

বই নির্বাচনের ব্যাপারে Structural Methodএ লিখিত বই নির্বাচন না করলে Structural Approcahএ পড়ানোর অসুবিধে হবে। আজকাল Structural Approachএ লিখিত অনেক বই বাজারে পাওয়া যাচ্ছে। বই-গুলির আকার সাধারণ Primer কিংবা 1st Reader অপেক্ষা একটু বড় ; তার একমাত্র কারণ বইগুলিতে একই structureএর অনেকগুলি sentence থাকে এবং পরের Lessonগুলিতে পূর্ব্বের structureগুলিও কিছু ব্যবহার করে সেগুলির revision করানো হয়। প্রচুর exercise থাকে, প্রশ্ন এবং substitution table থাকায় সেগুলিকে যথাযথভাবে অনুসরণ করলেই যে কোন Lesson পূর্ণাঙ্গ হওয়ার সম্ভাবনা থাকে।

এই Approach সম্বন্ধে সমালোচনা এই যে—

(১) Structural Approachএ Grammatical Structuresগুলিকেই বিশেষ করে sentenceএর মাধ্যমে drill করানো হয়।

(২) Direct Method এর যে approach অর্থাৎ oral drilling, concrete objectsএর ব্যবহার, sentenceকে unit ধরে পড়া শেখানো —এ সবই structural approachএ আছে;

(৩) গুটিকতক structure শেখার পর ছেলেরা গল্প পড়া, কিংবা নিজেদের মধ্যে কথোপকথন কিংবা স্বাধীনভাবে পড়ার জন্য যথেষ্ট vocabulary আয়ত্ত করতে পারবে কিনা সন্দেহ;

(৪) Phonic Method কিংবা Word Methodএ সমোচ্চারিত শব্দের উচ্চারণ শেখানো হয় বলে, পরে ছেলেদের পড়তে বিশেষ অসুবিধে হয় না, কিন্তু এ ক্ষেত্রে structural wordsগুলির সাথে সহজে পরিচয় ঘটে বটে, কিন্তু নূতন শব্দের মুখোমুখি হলেই তার উচ্চারণ ও পড়া নিয়ে ছাত্রদের বেকায়দায় পড়তে হয়।

এই Approach এর স্বপক্ষে বলা যায় –

(১) Sentence structure আয়ত্ত করাই বড় কথা। অনেকগুলি শব্দ শেখা বড় কথা নয়,

(২) স্বল্প সময়ের মধ্যে structureগুলি আয়ত্ত করে ফেলতে পারলে, পরে শুধু content words বাড়িয়ে গেলেই পঠন-ক্ষমতা বাড়ে ও গতি সাবলীল হয়;

(৩) Structureগুলি সুপরিকল্পিত হওয়ায়, পারম্পর্য্য রক্ষা করে পড়ানো সহজ;

(৪) Structure ঠিক রেখে প্রয়োজন অনুসারে content words যোগ করতে কোন আপত্তির কারণ নেই;

(৫) Direct Methodএর ক্ষেত্রে মাতৃভাষা যেমন সর্বথা বর্জনীয়, এখানে তেমন কোন কড়াকড়ি নেই।

(৬) Understanding, speaking, reading, writing—এই ক্রম অনুসারে পড়ানো হয় বলে ছাত্র যা পড়ে সেটির অর্থবোধ স্বাভাবিক হয়; অর্থহীন কোন কিছু তাকে পড়তে দেওয়া হয় না।

(৭) স্বাভাবিক ভাবে ইংরেজী বলার ক্ষমতা কিছুটা বাড়ে;

(৮) বেশীরভাগ ক্ষেত্রেই একটি পরিবেশ (situation) সৃষ্টি করে পড়ানো হয় বলে অর্থবোধ সহজ হয়; শুধু মুখস্থ করার উপরে জোর দেওয়া না।

(৯) শ্রেণীতে একটি কর্মচঞ্চল আবহাওয়ার সৃষ্টি হয় বলে ছাত্ররা পাঠে আনন্দ পায়।

(১০) শিক্ষকের কাজ অপেক্ষা ছাত্রের কাজ এক্ষেত্রে অনেক বেশী থাকে বলে শেখাটা আনন্দদায়ক হয়।

পড়া শেখানোর জন্য যে পদ্ধতি-ই অবলম্বন করি না কেন অক্ষরগুলির সাথে পরিচিত করাতেই হবে। Phonic Methodএ অক্ষর থেকেই সুরু করা হয় বলে সেখানে অক্ষর চিনিতে বিশেষ অসুবিধে ঘটে না। অসুবিধে ঘটে শব্দ কিংবা বাক্য পাঠের সময় যখন প্রত্যেকটি অক্ষর পৃথক্ পৃথক্ হয়ে ছাত্রের দৃষ্টিকে কিছুটা আচ্ছন্ন করে ফেলে। Word Method কিংবা Sentence Method (Structural Approachকে মূলতঃ Sentence Approach বলা চলে) অবলম্বন করলেও অক্ষরগুলিকে পৃথক্ করে চেনানোর প্রয়োজন হবে। সেক্ষেত্রে wordগুলিকে বিশ্লেষণ করে অক্ষর চেনাতে হবে ; wordগুলি বানান করে দিতে হবে এবং লেখাতে হ'বে।

Sentence কিংবা Structural Approach অবলম্বন করলে একই জাতীয় অনেকগুলি বিভিন্ন শব্দ বারবার পাওয়া যায়, সুতরাং তাদের চিন্‌তে কিংবা পড়তে অসুবিধা হয় না। কিন্তু তা সত্ত্বেও Capital Letter, Small Letter-এর সাথে পরিচিত করানোর প্রশ্ন আছে। This is a table এই sentenceটির প্রথমটি T এবং tableএর প্রথম অক্ষরটি 't' ; সুতরাং ঙটি অক্ষরের এরূপ বিভিন্ন রূপ (যা আমাদের মাতৃভাষায় নেই) ছাত্রকে কিছুটা বিভ্রান্ত করতে পারে। এক্ষেত্রে প্রতিটি sentence পড়ানোর পর—

(১) প্রত্যেকটি word ধীরে ধরে বানান করে পড়াতে হবে ;

(২) তারপর বোর্ডের লেখা (কিংবা বইয়ের লেখা) sentenceটি ছাত্রেরা দেখে দেখে লিখবে ;

(৩) একটি sentenceএ যে নূতন অক্ষরগুলি পাওয়া গেল সেইগুলিকে শেখানোর দিকেই শিক্ষক দৃষ্টি দিবেন ;

(৪) Capital Letterগুলি যেমন যেমন Sentenceএ পাওয়া যাবে তখনই শেখাবেন (Capital 'X' কিংবা Capital 'Z' দ্বারা অবশ্য খুব কম শব্দই পাওয়া যাবে) ।

(৫) সবগুলি অক্ষর যখন চেনা হয়ে যাবে, তখন দুই একদিন পড়ালেই

সবগুলি অক্ষর পর পর (a, b, c, d ইত্যাদি করে) তারা পড়ে যেতে পারবে। (অবশ্য এই পারম্পর্য্য রক্ষা না করেও যে মাতৃভাষার অক্ষরের সাথে বাক্যক্রমিক পদ্ধতিতে পড়া শেখানো ও অক্ষর চেনানো যায় এটা পরীক্ষিত)।

"In both word whole and sentence methods the names of the letters are learnt through a sensibly related writing-reading programme." Dr. F. J. Schonell—"The Psychology and teaching of reading-p-42

Substitution Tables

"A Substitution Table is a sentence-pattern set out in its simplest form." F. G. French.

একই ধরণের sentence-pattern এর শব্দ (content word) বদ্‌লে নূতন নূতন sentence তৈরী করাটাই Substitution Table এর উদ্দেশ্য।

Jadu Roma	is	reading writing

এই Tableটি থেকে Jadu is reading
Jadu is writing
Roma is readiug
Roma is writing

চারটি sentence তৈরী করা যেতে পারে। সবগুলি একই pattern এর sentence। এই একই pattern যদি ছেলেরা বারবার অভ্যাস করে, তবে এই patternটির সাথে তারা সুপরিচিত হবে এবং আরও নূতন নূতন শব্দ যোগ করে এই pattern এরই নূতন নূতন sentence তৈরী করতে শিখবে।

নীচে কতকগুলি Substitution Table এর নমুনা দেওয়া হ'ল। এর থেকে Table গুলির কার্য্যকারিতা সম্বন্ধে একটি সুস্পষ্ট ধারণা হ'বে আশা করা যায়।

Table গুলি খুব সহজ থেকে বেশ কঠিন হ'তে পারে। নীচের উদাহরণগুলি থেকেই সেটি স্পষ্ট হ'বে—

Fixed	Variable
I am He is You are	reading speaking working

Table II

Variable	Fixed
Some boys Theyg irls Robin and Jatin All the pupils	are playing.

Table III

Variable	Fixed	Variable
He is The are I am You are	about to	come back go home run

উপরের Substitution Table গুলিতে কতকগুলি sentence pattern এর নমুনা দেওয়া আছে। Pattern গুলির যে অংশটি পরিবর্ত্তন করতে হ'বেনা, সেটিকে 'fixed' রেখে, অন্য অংশটি (variable) পরিবর্ত্তন করলে নূতন নূতন sentence তৈরী হ'বে। উপরের Table এ He is about to come back. He is about to go home. He is about to run এই তিনটি sentence এর মত They are about to I am about to. You are about to এর প্রত্যেকটির সাথে come back, go home কিংবা run যোগ করলে আরও তিনটি নূতন sentence তৈরী হল। এই ভাবে এই Table থেকে $4 \times 3 = 12$ sentences তৈরী হতে পারে।

Substitution Table সম্বন্ধে F. G. French তাঁর The Teaching of English Abroad—Part II তে বল্‌ছেন—

"The great value of the substitution table is that it enables the pupil to learn a foreign language by the same method that he learns his own ; namely, by habit." পুনঃ পুনঃ অভ্যাসের ফলে মাতৃভাষা শেখা সম্ভব হয় ; Substitution Table এর সাহায্যে পুনঃপুনঃ অভ্যাস করলে বিদেশী ভাষা শেখাও খানিকটা সহজ হবে বলে আশা করা যায়। উপরের নমুনাগুলি থেকে এটি বোধ হয় স্পষ্ট হয়েছে যে যেকোন

Substitution Table এর দুটি অংশ থাকবেই—একটি Fixed অর্থাৎ যেটুকু বদ্‌লাতে হবে না; আর একটি Variable অর্থাৎ যেটুকু বদ্‌লাতে হবে। Variable অংশটুকু বদ্‌লে Fixed অংশটুকুর সঙ্গে জুড়ে দিলেই নূতন নূতন sentence তৈরী হবে।

Fixed	Variable
Is he	dancing ?
	running ?
	reading ?
	writing ?

'Is he' এই fixed part এর সাথে variable এর যে কোনটি যোগ করলেই নূতন sentence তৈরী হচ্ছে। এম্নি আরও নূতন নূতন variable যোগ করে ছেলেরা নূতন নূতন sentence তৈরী করতে পারে।

এটি যেমন একটি অতি সহজ নমুনা দেওয়া হল, একটি মাত্র fixed part ও তার সাথে variable part দিয়ে—এর চেয়ে কঠিন নমুনাও তৈরী হতে পারে—

Fixed	Variable
Whatever be the result	I shall not stop
	I shall do my duty
	We will fight
	You should carry on

আবার একই sentence pattern এর মধ্যে একাধিক fixed part ও একাধিক variable থাকতে পারে। তবে সেগুলি উচ্চতর স্তরে ব্যবহার করাই বাঞ্ছনীয়।

Substitution Table তৈরী করার সময় শিক্ষক মহাশয়কে অন্ততঃ দুটি জিনিষের দিকে লক্ষ্য রাখতে হবে—

প্রথমতঃ—কোন্ sentence patternটি তিনি drill করাতে চান্ সেটি ঠিক করা;

দ্বিতীয়তঃ—প্রত্যেকটি fixed part এর সাথে যে কোন একটি variable যোগ করলে যেন একটি সম্পূর্ণ অর্থপূর্ণ বাক্য হয়।

Varrible	Fixed	Variable
This man This boy This dog	never	reads at night sleeps at night bark at night

This man/never/barks at night অথবা This dog/never/reads at night ব্যাকরণ শুদ্ধ বাক্য হলেও, অর্থপূর্ণ বাক্য নিশ্চয়ই নয়। এরূপ sentence তৈরী করতে না দেওয়াই বাঞ্ছনীয়। প্রথম দুই শ্রেণীতে যে সকল sentence stiuctures শেখানো হবে, সেগুলির drilling এর প্রয়োজন আছে। প্রথম একটি fixed ও একটি variable portion দিয়ে আরম্ভ করাই সমীচীন।

Fixed	Variable
I saw him	running reading wrlting

এই Tableটিরই অনুরূপ হতে পারে

Table IV

Fixed	Variable	Variable
I saw	him her	running reading writing

এখানে প্রথমে সবগুলি Sentence—I saw him running
I saw him reading
I saw him writing

এবং I saw her running
I saw her reading
I saw her writing—ছেলেরা variable এর ক্রম অনুসারে পড়বে। এর পর শিক্ষক ছেলেদের প্রশ্ন করে জান্‌তে পারেন তারা ক'টা

বলতে পারে। আবার নিজে fixed portionটুকু বলে ছেলেদের দিয়ে variable portionটি supply করতে বলতে পারেন। যথা—

I saw her ?

I saw him ?

এক একটি ছাত্র এক একটি variable যোগ করবে। পরে ছেলেদের দিয়ে নূতন নূতন variable যোগ করে নূতন নূতন sentence বলতে ও পরে লিখতে শেখাতে হ'বে।

যে structureটি ছেলেরা বইতে পড়েছে, সেটি সম্পূর্ণরূপে অধিগত হয়েছে কিনা তার পরীক্ষা হিসেবে এবং অনুশীলন হিসেবে Substitution Table এর ব্যবহার অত্যন্ত কার্য্যকর। প্রত্যেকটি Lesson এর শেষে শ্রেণীতে কিছু Substitution Table থেকে Sentence তৈরী করতে দিলে অথবা গৃহকাজ হিসেবে দিলে ছাত্রদের প্রভূত উপকার হওয়ার সম্ভাবনা।

ইংরেজী ব্যাকরণ

ইংরেজী ব্যাকরণ সম্বন্ধে প্রথম যে কথাটি মনে রাখা দরকার সেটি হচ্ছে যে কোন বিদেশী ভাষা শিক্ষার ক্ষেত্রে প্রথম শিক্ষার্থীকে ব্যাকরণের সাহায্যে সে ভাষা শেখানো যায় না, বিশেষ করে সে শিক্ষার্থী যদি তার মাতৃভাষার ব্যাকরণের সাথেই বিশেষ ভাবে পরিচিত না হয়ে থাকে। যে শিশু বিশেষ্য কি জানে না, তাকে 'Noun' বোঝাতে যাওয়া সময় ও শক্তির অপচয়; Noun বুঝতে হলে তাকে মাতৃভাষার নাম-বাচক কতকগুলি শব্দের সাথে মিলিয়ে তবে সেটি বুঝাতে হবে। অন্যথা A noun is the name of a person, thing or a quality বললে তাকে বিভ্রান্ত করা ছাড়া আর কিছুই হবে না।

দ্বিতীয় কথা হচ্ছে ভাষার প্রাথমিকরূপ তার কথ্যরূপ। শুদ্ধভাবে বলতে শিখলেই ভাষার ব্যাকরণগত বিশুদ্ধতা রক্ষিত হ'ল, কি নিয়ম অনুসারে বাক্যটি বলা হ'ল সেটা না জানলেও কিছু দোষ হ'ল না। মাতৃভাষার প্রথম ভাব প্রকাশের বেলায় শিশুকে মাতৃভাষার ব্যাকরণ শেখানো হয় না; সে যেমন শোনে, সেই ভাবেই সে বলতে শেখে। বড়দের কথার মধ্যে যদি উচ্চারণের ভুল, ব্যাকরণের ভুল কিংবা স্থানীয় শব্দ থাকে, তবে শিশুও তাই শিখবে। ইংরেজীর বেলায় আমরা যদি ভাষার এই প্রাথমিক কথ্যরূপের সাথে ছেলেদের পরিচিত করাই, বারবার সমজাতীয় বাক্য অনুশীলন করাই, তবে ঐ বাক্-রীতির সাথে তারা যেমন পরিচিত হবে, তেম্নি অজ্ঞাতসারে ঐ বাক্যটির সঠিক অর্থাৎ ব্যাকরণ

সম্মত রূপটির সাথে পরিচিত হ'বে। পুনঃপুনঃ আবৃত্তি (drilling) এ ক্ষেত্রে সর্ব্বাপেক্ষা কার্যকরী। "আবৃত্তিঃ সর্ব্বশাস্ত্রাণাং বোধাদপি গরীয়সী" ভাষা শিক্ষার ব্যাপারে এই অতি পুরাতন অনুশাসনটি পালিত হলে সুফল পাওয়ার সম্ভাবনা।

Grammar ভাষার নিয়ম শৃঙ্খলা রক্ষা করে নতুবা ভাষার রাজ্যে অরাজকতা দেখা দেবার সম্ভাবনা। এক্ষেত্রে শিক্ষককে গুটিকতক কথা মনে রাখতে হবে ;

(১) শিক্ষক সবসময়ই শুদ্ধ রূপটি শেখাবেন ;

(২) একই প্রকার বাক্য পুনঃপুনঃ ছাত্রদের দিয়ে আবৃত্তি করাবেন ;

(৩) একই structural patternএর নূতন নূতন বাক্য তাদের দিয়ে তৈরী করাবেন ;

(৪) সহজ structure থেকে কঠিন structureএর দিকে ক্রমশ অগ্রসর হবেন ;

(৫) ব্যাকরণ ঘটিত কোন প্রশ্ন উঠলে সেটিকে উদাহরণের সাহায্যে বোঝাতে চেষ্টা করবেন, Grammar এর কোন 'Rule' মুখস্থ করানোর চেষ্টা করবেন না।

ব্যাকরণ সম্পর্কিত প্রশ্ন ওঠা স্বাভাবিক। ধরুন—He (She) is running এইরূপ একটি structure শেখানো হচ্ছে। যতক্ষণ oral learning হচ্ছে, ততক্ষণ বানানের কোন প্রশ্ন ওঠে না। কিন্তু লেখার সময় open-ing ও runningএর বেলায় গোলমাল হতে পারে। 'Open'এর সাথে 'ing' যোগ করা হ'ল কিন্তু openএর nএর দ্বিত্ব হ'ল না, কিন্তু 'run' এর বেলায় হল। এক্ষেত্রে শুদ্ধ বানানটি ছেলেরা যেমন শিখবে, তেম্নি এই দ্বিত্ব হওয়ার কারণ সম্বন্ধে স্বাভাবিক ভাবে প্রশ্নও উঠবে। সেক্ষেত্রে শিক্ষক অনুরূপ আরও কতকগুলি শব্দ get-getting, sit-sitting, set-setting ইত্যাদি কতকগুলি Verbএর উদাহরণ দিয়ে দেখাবেন যে Nerbএর শেষ অক্ষরটি যদি Consonant থাকে এবং তার আগের অক্ষরটি যদি একটিমাত্র Vowel হয়, তবে শেষের Consonantটির দ্বিত্ব হয়। এটি নিঃসন্দেহে একটি Grammatical Rule, কিন্তু **এটির উল্লেখ করতে হ'ল প্রয়োজন উদ্ভূত হ'ল বলে।** এম্নি কিছু কিছু Grammarএর কথা উঠবে পড়াতে পড়াতে, কিন্তু আলাদা করে Grammar পড়ানোর প্রয়োজন—বিশেষ করে প্রাথমিক—স্তরে মোটেই নেই। **বিশুদ্ধ বাক্-রীতির সাথে পরিচিত করানোই এই স্তরের প্রথম এবং প্রধান উদ্দেশ্য হবে।** এইরূপ প্রয়োজন অনুসারে Grammar শেখানোকে **Functional Teaching of Grammar** বলা যেতে পারে।

Inductive Grammar.

অনেকগুলি অনুরূপ উদাহরণ থেকে তাদের মধ্যে যে সাধারণ নিয়মটি কাজ করছে, সেটি খুঁজে বের করাকে Inductive generalisation বলা হয়। ব্যাকরণের ক্ষেত্রে এই নিয়মটি বিশেষভাবে প্রযোজ্য। পূর্ব্বের উদাহরণে -ing যোগ করার যে নিয়মটি দেখানো হয়েছে, সেটিকে এইরূপ Inductive grammar বলা যেতে পারে। কিন্তু সবক্ষেত্রে এইরূপ Inductive generalisation করার প্রয়োজন হবে না। অনেকগুলি অনুরূপ উদাহরণ পেলে শিক্ষক মহাশয় সেগুলির দিকে দৃষ্টি আকর্ষণ করবেন এবং ছাত্রদের সাহায্যে সাধারণ নিয়মটি বের করার চেষ্টা করবেন। 'swiftly', 'quickly', 'beautifully' প্রভৃতি কয়েকটি উদাহরণ থেকে শব্দের শেষে 'ly' থাকলে যে সেটা সাধারণতঃ adverb হবে তার দিকে ছেলেদের দৃষ্টি আকর্ষণ করতে পারেন। ব্যতিক্রমের ক্ষেত্রেও কেন ব্যতিক্রম হ'ল সেটি বুঝিয়ে দিতে হবে।

Deductive (Formal) Grammar.

যেখানে নিয়মটি আগে বলে উদাহরণ সাহায্যে নিয়মটি স্পষ্টকৃত করা হয়, তাকে Deductive পদ্ধতি বলে। ব্যাকরণের নিয়মটি আগে বলে দিয়ে উদাহরণ দিয়ে অনেক সময় নিয়মটিকে প্রাঞ্জল করার চেষ্টা করা হয়। এক্ষেত্রে Grammar আলাদা একটি বিষয়বস্তু হয়ে উঠে। প্রাথমিক স্তরে এরূপভাবে Grammar শেখানোর বিশেষ প্রয়োজন নেই। নীরস ভাষাতত্ত্ব অনুধাবন করতে যে মননশীলতার প্রয়োজন হয়, প্রথম শিক্ষার্থীর নিকট সেটি আশা করা ভুল।

প্রথম বৎসরের শেষের দিকে Sentenceএর Subject ও Predicate, small and capital letters, full stop and question mark শেখালেই যথেষ্ট হ'বে বলে মনে হয়।

দ্বিতীয় বৎসরে Noun ও Pronoun, Adjective, Verb, Conjunction, Adverb, Comma প্রভৃতির ব্যবহার এবং Verbএর Present. Past ও Continuous Tenseগুলি চিনতে এবং নিজেদের বাক্যে ব্যবহার করতে শেখাতে হবে। এর জন্য প্রথমে Grammatical Rules বলে দিয়ে পরে উদাহরণ না দিয়ে, এদের ব্যবহারিক রূপ থেকে rulesগুলি Inductive Methodএ তৈরী করতে হ'বে।

তৃতীয় বৎসরে Preposition, Interjection, Person, Number, Tense প্রভৃতি উদাহরণের সাহায্যে শেখানো সমীচীন হবে।

তবে ব্যাকরণের ঐ সকল বিষয়বস্তু ঐ সকল শ্রেণী ভিন্ন অন্য শ্রেণীতে আসবে না, এমন নয় (যেমন তৃতীয় বৎসরের পূর্ব্বে Prepositionএর ব্যবহার করা চলবে না, এমন নয়), কিন্তু ওদের সম্বন্ধে বিশদ আলোচনা একই শ্রেণীতে না করে গুরুত্ব অনুযায়ী বিভিন্ন শ্রেণীতে করা প্রয়োজন।

Grammar শেখানো সম্বন্ধে একটি আধুনিক মত এই যে—"Children learn by imitation and practice, and this is the way they most easily learn a foreign language. They do not argue from a grammar rule to the idea they want to express. Adults may find it easier to learn a language in this way, but you are probably not teaching adults." (Teaching Lively English—C. R. V. Bell).

উক্ত লেখকের আর একটি উক্তি প্রনিধান যোগ্য—

"...all Secondary Schools in England which provide a course leading to School Certificate are now called Grammar Schools. In the past English Schools were so called because their aim was to teach the grammar of Latin and Greek. The name Grammar School is still used, but **you will not find a subject called Grammar on the time-table either for English or French or German**".

হাতের লেখা

আমাদের ছেলেরা কিছুটা বাংলা লেখার অভ্যাস করার পর ইংরেজী লিখতে সুরু করবে। সে ক্ষেত্রে হাতের মাংস-পেশীর সঞ্চালনে তারা কিছুটা পটুতা অর্জন করেছে ধরে নেওয়া যেতে পারে। বাংলা হাতের লেখা শেখানোর বেলায় কষ্ট করে যে পটুতা অর্জ্জন করতে হয়েছে, ইংরেজীর বেলায় তা সহায়ক হ'বে।

প্রত্যেক ভাষারই অক্ষর সমষ্টির কতক গুলির মধ্যে আকৃতিগত সাদৃশ্য আছে ; কতক গুলি প্রয়োজনীয় রেখা (fundamental shapes) আছে, যেগুলির সাহায্য ব্যতিরেকে লেখা সম্ভব নয়। বাংলায় '**ব, র, ক, ধ, ঝ** এর রূপ গুলি মধ্যে '**ব**' এর রূপটি সাধারণ এবং এটিকে লিখতে তিনটি সরল রেখার প্রয়োজন আছে সুতরাং সরল রেখাকে বিভিন্ন রূপে টানতে শেখানোর পর 'ব' লিখতে দিলে, শিক্ষার্থীর পক্ষে 'ব' এবং সমজাতীয় অক্ষর লেখা সহজসাধ্য হবে।

ইংরেজীতেও এম্নি কতকগুলি fundamental shapes আছে। বৃত্তকে এম্নি একটি shape বলা যেতে পারে। এর থেকে 'o' d, g, a, c, e, q অক্ষরগুলি কোনটি অর্দ্ধবৃত্তের সাহায্যে, কোনটি বৃত্তের সাথে কিছু যোগ করে (g), (q) লেখা হয়। এম্নি ভাবে বিশ্লেষণ করলে দেখা যায় বেশীর ভাগ Capital letters লিখতে নীচের shapes গুলির সাহায্য নিতে হয়।

a) **Strokes** :— | | | | | | /// /// X X

একই সরলরেখাকে বিভিন্ন ভঙ্গীতে লিখতে শেখাতে হবে। এক্ষেত্রে মনে রাখা প্রয়োজন যে একই রেখা বারবার লেখানো উচিত ; এতে করে (১) মাংস পেশীগুলি ঐ জাতীয় লিখনে অভ্যস্ত হয়ে ওঠে। (২) জড়তা কাটে (৩) গতি বাড়ে।

b) সরল রেখার সাহায্যে ছোট হাতের (small letters) **i k l t v w x** লেখা যায়। বারবার লিখলে ঐ অক্ষর গুলি লেখা ক্রমশ সহজ হয়ে আসবে। পরে একই অক্ষর বারবার না লিখে একটি অক্ষরের পর আরেকটি লিখতে বলা যেতে পারে।

b) O circle এর সাহায্যে লেখা যায়—

a, b, c, d, e, g, o, p, q,

Capital Letter লিখতে সাধারণতঃ নীচের shapes গুলি ব্যবহৃত হয় :—

a) **Circle**

O Q G C O Q G C


b) **Strokes**

I L E F L E F I T

N M V W N M V W

X Z K A X Z K A

c) **Curves and Strokes**



কিছুদিন পৃথক্ পৃথক্ ভাবে অক্ষরগুলি লেখার অভ্যাস করতে হবে। তারপর অক্ষরগুলি দ্রুত লিখনের জন্য একই অক্ষর, কলম না তুলে, পরপর লিখে গেলে লেখার একটি ছন্দ (pattern) আসবে।

এইরূপ অনেকবার লেখা একটি অক্ষরের উপরে নীচে রং দিয়ে ভরাট করে দিলে patternটি দেখতে সুন্দর হয়, ছেলেরা লিখতে আনন্দ পায় এবং অল্প দিনেই লেখা আয়ত্তে আসে। শিক্ষক বোর্ডে patternটি দেখিয়ে দিলে ছেলেরা তাদের শ্লেটে কিংবা খাতায় patternটি তুলতে পারে। রঙ্গীন চক্ কিংবা pencil দিয়ে patternটি রং করতে পারে।

aaa bbb ccc

হাতের লেখা শেখানোর ব্যাপারে মনে রাখা দরকার যে এ কাজটি খুব সহজ নয়, কিংবা এক্ষেত্রে ছেলেদের কোন সাহায্যের প্রয়োজন নেই। প্রথমে অক্ষরগুলির shape গুলির সাথে পরিচয় হবার পর, দেখে লেখার স্তর (Transcription) আসবে। এক্ষেত্রে—

i) লেখার যেন কোন ভুল না থাকে। দেখে লেখা হলেও ভুল করার সম্ভাবনা থাকে।

ii) মুখে মুখে যেটা শেখা হয়েছে, সেটা বোর্ডে সুন্দর করে লিখে দিলে যেন ছেলেরা লিখতে পারে। বই থেকে লিখতে দিলেও যেন সেটি সুন্দর এবং নির্ভুল করে লিখতে পারে ; punctuation যেন ঠিক থাকে।

iii) শিক্ষক মহাশয়কে ঘুরে ঘুরে দেখতে হবে ছেলেরা ঠিকমত লিখছে কিনা এবং কোনখানে ভুল করলে সেটা শুধরে দিতে হবে।

iv) ছেলেরা যেন বুঝতে পারে এক্ষেত্রেও যত্নসহকারে লিখতে হ'বে এবং শিক্ষকমহাশয়ের সতর্ক দৃষ্টি রয়েছে তাদের লেখার দিকে।

হাতের লেখার লক্ষ্য একটি নয়, অনেকগুলি। প্রথম লক্ষ্য যেটি হওয়া উচিত সেটি হ'ল (i) Legibility অর্থাৎ পঠিতব্যতা—পড়ে যাতে বুঝা যায়। কিন্তু এটাই নিশ্চয় শেষ কথা নয়। অক্ষরগুলির (ii) Alignment-সমতাও প্রয়োজন। কোন অক্ষর বড়, কোনটা ছোট, লাইনগুলি বাঁকা হলে—পঠিতব্য হলেও—সে লেখাকে আমরা ভাল লেখা বলব না। তারপর দেখতে হবে (iii) Spacing অর্থাৎ দুটি অক্ষরের দূরত্ব এবং দুটি শব্দের দূরত্ব ঠিক আছে কিনা। Spacing ঠিক না থাকলে লেখা দেখতে সুন্দর হয় না। Legibility, alignment, spacing মিলিয়ে আসে লেখার একটা—

(iv) Distinctiveness অর্থাৎ বৈশিষ্ট্য অর্থাৎ যা থেকে একজনের লেখা থেকে অন্যের লেখা পৃথক হয়ে পড়ে। একই শিক্ষকের কাছে লেখা শিখলেও কোন দু'জন ছাত্রের লেখা একরকম হয়না; লেখার ভিতর দিয়ে লেখকের বৈশিষ্ট্য ফুটে ওঠে; —(অনেকে এমনও বলেন যে লেখা থেকে মানুষের চরিত্রের বৈশিষ্ট্যও অনেকটা বুঝা যায়।)

(v) Aesthetic quality অর্থাৎ লেখার সামগ্রিক সৌন্দর্য্য। দেখলেই বুঝা যায় সামগ্রিক ভাবে কোন লেখা ভাল, মন্দ, মাঝারি। প্রথম লক্ষ্যের তিনটির যে কোন একটিকে বাদ দিলে লেখার সৌন্দর্য্য যে ব্যাহত হবে সেটা সুনিশ্চিত।

(v) উপরের সব গুণগুলির সাথে আরেকটি গুণের অনুশীলন প্রয়োজন সেটি Speed—গতি। লেখা খুব ভাল হলেও তার গতি যদি মন্থর হয়, তবে লেখকের অনেক অসুবিধেয় পড়তে হয়। আবার অতি দ্রুত লিখতে যেয়ে হিজিবিজি লিখলেও লেখকের দুর্বোধ্য লেখার জন্য অসুবিধেয় পড়তে হয়। প্রথম দিকে speed এর দিকে নজর দেওয়া অবশ্য ঠিক হবে না ; কিন্তু ক্রমশঃ speed বাড়াতে হ'বে।

Dictation দেওয়ার একটা রেওয়াজ আছে শ্রেণী-পাঠনায়। **Dictation দেওয়ার উদ্দেশ্য বানান শুদ্ধ করে লিখতে শেখানো কিন্তু প্রথম**

দিকে হাতের লেখার উন্নতি সাধনও এর আর একটি লক্ষ্য হ'বে। Transcription অর্থাৎ দেখে শুদ্ধ করে লেখার অভ্যাস যেমন প্রথম দিকে করাতে হবে, তেমনি না দেখে, শুধু কানে শুনে লেখার অভ্যাসও ক্রমশঃ গঠন করাতে হ'বে। এক্ষেত্রে যেটি লিখতে হবে, তার বানান কিংবা অর্থবোধের ব্যাপারে ছাত্রদের যেন কোন ভুল না থাকে। বানান এবং অর্থ উভয়ই অধিগত হয়েছে যে সব শব্দের কিংবা বাক্যের কেবলমাত্র সেগুলিই dictation দেওয়া যেতে পারে। নতুবা ভুলের মাত্রা বেশী হবে, শিক্ষকের কাজ বাড়বে এবং ভুলটাকে ভুলতে অনেক মাশুল দিতে হবে।

ইংরেজী বানান

ইংরেজী বানান প্রথম শিক্ষার্থীর কাছে তো বটেই, পরবর্ত্তী কালেও নানা জটিলতার সৃষ্টি করে। তার একমাত্র কারণ ইংরেজী ভাষার non-phonetic character ; এর উচ্চারণ যায় এক দিকে আর বানান যায় আরেক পথে ; ফলে বানানে আর উচ্চারণে অনেক ক্ষেত্রেই মিল হয় না। Tell লিখতে দুটো 'l' থাকলে কি হবে, উচ্চারণে একটিরই শুধু ব্যবহার, 'doubt', এর 'b' 'chalk' এর 'l' 'thought' 'ugh' ইত্যাদির উচ্চারণ হয় না অথচ লেখার সময় এরা উড়ে এসে জুড়ে বসে।

বানান শেখানোর জন্য তা হলে কি পন্থা অবলম্বন করা যাবে? বারবার উচ্চারণ করলেও বানানের শুদ্ধতা আসবে না ; **বারবার শব্দটির লিখিত রূপটি দেখা এবং লেখাদ্বারাই বানানের শুদ্ধতা অর্জন সম্ভব।**

Structural wordsগুলির অধিকাংশই এক syllable যুক্ত, এবং বারবার এদের ব্যবহার করতে হয় বলে এদের বানানে বিশেষ ভুল দেখা যায় না। তবু when, where, why, which, what, were, through, before, while প্রভৃতি শব্দের বানানগুলির দিকে প্রথম দিকেই দৃষ্টি দেওয়া উচিত।

বানান শেখানোর একটি নীতি মেনে চলা দরকার। **পৃথকভাবে কতকগুলি শব্দের বানান শেখানোর প্রয়োজন নেই**। যখন কোন sentence এর অংশহিসেবে নূতন শব্দটিকে ব্যবহার করা হ'ল, তখনই তার বানান শিখতে হবে। শব্দটীকে বোর্ডে লিখে দিতে হবে, তার বিশেষত্ব যদি কিছু থাকে তার দিকে দৃষ্টি আকর্ষণ করতে হবে। ছেলেরা শব্দটি বোর্ডে দেখবে, তার উচ্চারণ করবে এবং লিখবে। যত বেশীবার লিখবে, তত বেশী বানান শুদ্ধি হওয়ার সম্ভাবনা থাকবে। লেখার ব্যাপারে muscular co-ordinationএর যে ব্যাপারটি আছে সেটি শুদ্ধ বানানে খানিকটা সহায়তা করে। এর জন্যই বোধহয় যখন কোন বানান সম্বন্ধে সন্দেহ হয়, তখন আমরা বানানটী দুই তিনবার লিখে তার খাঁটী চেহারাটি ধরার চেষ্টা করি। *

"The child must write the word several times to get the 'feel' of it. This is a vital factor in spelling." From—"Backwardness in the Basic subjects" by F. J. Schonell.

বানান শেখানোর সহায়ক হিসেবে অনেক সময় Dictation এর সাহায্য নেওয়া হয়। Dictationটির বিষয়বস্তু যদি পূর্ব্বে ছেলেদের জানতে না দেওয়া হয়, তবে সেই Dictation এর উদ্দেশ্য বানান শেখানো নয়, বানানের পরীক্ষা করা মাত্র।

Dictation এর সাহায্যে যদি বানান শেখাতে হয় (তা ইংরেজীই হোক আর বাংলাই হোক্) তবে dictation দেওয়ার আগে—

1. Paragraphটি ছেলেদের পড়তে দেবেন

2. কঠিন শব্দগুলি বোর্ডে লিখে দিয়ে তাদের বৈশিষ্ট্যের দিকে ছেলেদের দৃষ্টি আকর্ষণ করবেন।

3. বোর্ডের লেখা মুছে দিয়ে ধীরে ধীরে dictationটি দেবেন।

4. একজনের খাতা অন্যকে দিয়ে শুদ্ধ করাবেন

5. শিক্ষক দুচারখানি খাতা নিজে দেখে দেবেন।

6. ভুল বানানগুলি আবার শুদ্ধ করে লিখতে (অন্ততঃ পাঁচবার করে) বলবেন।

অনেকে বলেন Dictation যদি শুদ্ধ বানান লিখতে শেখানোর জন্যই ব্যবহার করতে হয় (speedকিংবাhandwriting পরীক্ষার জন্য যদি না হয়), তবে sentence এর মধ্যে যে বানানটি (অথবা বানানগুলি) কঠিন, শুধু সেইগুলি লিখতে দিলেও চলতে পারে। এরূপ ক্ষেত্রে কঠিন বানানগুলির দিকে আগেই ছাত্রের দৃষ্টি আকর্ষণ করতে হবে (বোর্ডে লিখে দিয়ে) এবং তারপর dictation দিতে হবে। শিক্ষক এক্ষেত্রে গোটা sentenceটি বলে শুধু কঠিন শব্দগুলির বানানই লিখতে বলবেন ; যথা—Did you come to school yesterday ? (write 'school' and 'yesterday')

Which of these pencils is yours ? (write 'which' 'these' and 'yours') etc.

এইভাবে dictation দেওয়ার একটি সার্থকতা হ'ল এই যে ছোট ছোট সহজ শব্দের প্রতি দৃষ্টি না দিয়ে যেখানে বানান ভুল হওয়ার সম্ভাবনা আছে, সেখানেই দৃষ্টি নিবদ্ধ করা হচ্ছে এবং অনেকগুলি কঠিন শব্দের বানান অল্প সময়ের মধ্যে শেখানো হচ্ছে।

বানান শেখানোর জন্য একটি cardএ লেখা একটী শব্দের অক্ষরগুলিকে কেটে আলাদা করে দিয়ে সেই অক্ষরগুলিকে সাজিয়ে আবার শব্দটী তৈরী করতে দেওয়া যেতে পারে। এতে খেলার আনন্দ আছে বলে ছেলেরা খেলার ছলে

বানান শেখার একটা সুযোগ পায়। দ্বিতীয়বর্ষে যদি ছেলেদের জানা শব্দ দিয়ে একটা Dictionary তৈরী করতে দেওয়া যায়, তাতেও তারা বানান শেখার সুযোগ পেতে পারে।

বানান নিয়ে খুব ছোটবেলা থেকেই খুব বেশী হৈ চৈ না করাই ভাল। দেখা যায় অনেক ছেলে বানানে কাঁচা থেকে যায়, শুদ্ধ বানান শেখানোর নানাপ্রকার প্রচেষ্টা সত্ত্বেও। লেখার অভ্যাস যত বেশী করানো যাবে, বানান শুদ্ধ হবার সম্ভাবনা তত বেশী হ'বে। তবে ভুল বানান করার যাতে সুযোগ না পায়, তার জন্য একসাথে একগাদা বানান না শিখিয়ে যে শব্দগুলির সাথে তাদের পরিচয় হয়েছে, সেগুলিকে শুদ্ধ করে লেখানোর দিকেই বেশী জোর দেওয়া উচিত।

ইংরেজীর পরীক্ষা

প্রথম এক কিংবা দুই বৎসর ইংরেজীর পরীক্ষা কিভাবে নেওয়া হবে—এই প্রশ্নটিও বিবেচ্য। পড়া, লেখা, বলা—সব কিছুরই পরীক্ষা হওয়া উচিত। তবে কোনটার উপর কতটা গুরুত্ব দেওয়া হবে সেটাই বিচার্য্য।

প্রথম বছরে ইংরেজীর কতকগুলি sentence ছেলেরা মুখে মুখে শিখেছে এবং তাদের Primerএও পড়েছে। তার কতখানি তাদের মনে আছে তার পরীক্ষা হওয়া দরকার।

মৌখিক পরীক্ষা

(i) কতকগুলি মৌখিক প্রশ্ন করে তাদের উত্তর আদায় করা যেতে পারে।

(ii) কতকগুলি আদেশ (Imperative sentences) দিয়ে তাদের সেই আদেশ পালন করতে বলা যেতে পারে।

(iii) আদেশ পালন করে, কি করল সেটি মুখে বলতে বলা যেতে পারে।

(iv) কোন চেনা ছবি দেখিয়ে তার সম্বন্ধেও প্রশ্ন করা যেতে পারে।

উদাহরণ—

(i) What's your name ?
(ii) What's your father's name ?
(iii) Where do you live ?
(iv) What class do you read in ?
(v) What's the name of your school ?
(v) Who teaches you English ? etc. etc,

আদেশ ঃ—

(i) Come to the table.
(ii) Count one, two, three, four.
(iii) Go to the window and open it.
(iv) Open this book at page 15.

(v) Fold this paper in two.

(vi) What is this boy doing ? (Showing a picture)

আদেশ পালন করার পর ছাত্রকে দিয়ে বলানো যেতে পারে সে কি করল। মোট কথা একটা মৌখিক পরীক্ষা থাকা বাঞ্ছনীয় এবং প্রতিদিনের পাঠের প্রশ্নোত্তরের মাধ্যমে যেটি শেখানো হয় সেগুলিরই পরীক্ষা মুখে মুখে হ'বে।

পড়ার পরীক্ষা অর্থাৎ ছেলে কিরূপে পড়তে শিখেছে সেটিরও পরীক্ষা এই সাথে হ'বে। সে যেটুকু পড়েছে, তারই কোন অংশ তাকে পড়তে দেওয়া হবে ; দেখতে হ'বে সে (i) ঠিক উচ্চারণ করে পড়তে পারছে কিনা (ii) মাঝে মাঝে ঠেকে যাচ্ছে কিনা, (iii) অর্থসঙ্গতি রেখে পড়ছে কিনা এবং (iv) পাঠের গতি ঠিক রাখতে পারছে কিনা। পরীক্ষার পূর্ব্বে অবশ্যই এই ভাবে ছেলেদের শেখাতে হবে, নচেৎ পরীক্ষা করার উদ্দেশ্য ব্যর্থ হবে। এখানে মনে রাখতে হবে যে বই পড়ানোর সময় শিক্ষকমহাশয় নিজে যেভাবে পড়বেন, ছেলেরাও তারই অনুকরণ করবে। সুতরাং তিনি পরীক্ষণীয় বিষয়গুলির দিকে দৃষ্টি রেখে ছেলেদের পড়তে শেখাবেন এবং ছেলেদেরও জানিয়ে দেবেন ভাল পড়ার লক্ষ্য কি এবং পরীক্ষার সময় তাদের কি ভাবে পড়তে হবে।

এতো গেল মৌখিক পরীক্ষার কথা। লিখিত পরীক্ষা কি ভাবে হবে ? প্রথম কিংবা দ্বিতীয় বৎসরের পরীক্ষায় ছাত্রদের কাছ থেকে কতটুকু ইংরেজী জ্ঞান আমরা আশা করব ? Original writing এদের কাছে আশা করা ভুল হবে। যে বই তারা পড়েছে, তার থেকে নিশ্চয়ই কিছু প্রশ্ন করা যাবে, তবে সেগুলিও যেন দ্ব্যর্থবোধক না হয়, কিংবা তাদের একাধিক উত্তর না হয়। নিম্নজাতীয় লিখিত প্রশ্ন করা যেতে পারে।

For class III (First year)

1. Write clearly :—

a) I saw a bird on the tree.

b) Did you come to school yesterday ?

c) This is the house that Jack built.

2. Make words with the following letters :—(Example —ESE = SEE)

(i) YBO, (ii) ITEGR, (iii) OOCSHL, (iv) NMA, (v) LIKL.

3. Underline the words which correctly fill in the gaps :—

Example :— I — going to school (was, have, were)

(i) He — come to school (will, was, not)

(ii) Boys — coming to school (are, is, have)

(iii) These are — books (your, yours, my)

(iv) He — not go there (did, have, do)

(v) They — not seen me (was, have, did)

4. Example :— I have a book ... We have books.

She has a cat ... They have cats.

Write like the above :—

He has a ball ....

This table is black ....

This boy has no book ....

5. Put these in the right order.

(i) three, two, four, One

(ii) February, March, January, April

(iii) boy, child, man, baby

(iv) fifteen, eighteen, sixteen, seventeen

6. Make sentences with the following words :—

Example :— (fly can Birds—Birds can fly)

(i) books I have no.

(ii) the market went Father to.

(iii) to coming are school Boys.

(iv) come to Will field you the ?

(v) is Where book your ?

7. Put the words in A with the right words in B.

A	B
(i) I am going	a cake.
(ii) She is opening	to school.
(iii) He is eating	the door.

8. Underline the right word from the brackets.

(i) Every boy (is, are) doing his work.

(ii) Each girl (has, have) a skipping rope.

(iii) Some boys (is, are) absent.

(iv) Both of them (was, were) at home.

9. Fill in the gaps with 'do' or 'does'.

(i) — he play games ?

(ii) — you get up from bed at five ?

(iii) — the girls play with the boys ?

(iv) I — not go to school on Sundays.

(v) He — not play football.

(vi) The girls — not swim.

10. Put in 'who', 'whose' or 'which' in the gaps :—

(i) — comes there ?

(ii) — pencil is this ?

(iii) —pencil do you want, the red one ?

দ্বিতীয় বৎসরের (2nd year of English) প্রশ্নগুলির ধরণ অনেকটা একই রকম হবে। দ্বিতীয় বৎসরেও মৌখিক পরীক্ষা থাকবে। লেখা ও পড়ার পরীক্ষাও থাকবে। উচ্চারণ, অর্থবোধ, গতি সবদিকেই লক্ষ্য রাখতে হবে। লিখিত পরীক্ষার ব্যাপারে ছেলেরা যে Reader পড়ছে তা থেকে কিছু প্রশ্ন থাকবে। কিন্তু প্রশ্নগুলির মাধ্যমে **ছেলেরা Essential English structure এর সাথে, Sentence pattern এর সাথে কতখানি পরিচিত হয়েছে সেটাই হবে আসল পরীক্ষণীয় বিষয়।** দ্বিতীয় বৎসরে ছেলেরা তাদের পরিচিত এবং আলোচিত বিষয় সম্বন্ধে পাঁচ-দশ লাইন লিখতে পারবে এটা আশা করা ভুল হবে না। নিজেদের অভিজ্ঞতাকে ভিত্তি করে যদি তাদের কিছু বলতে কিংবা লিখতে শেখানো হয়ে থাকে (হওয়া উচিত) তবে সেই জাতীয় বিষয়বস্তুকে অবলম্বন করে তাদের কিছু লিখতে বলা যেতে পারে। 'My school' 'Our home' 'Our dog' 'Our cow' 'Our Headmaster' 'The school garden' 'The local market' 'The post office', 'The school bus', 'Our Railway station', ইত্যাদি সম্বন্ধে যদি পূর্ব্বে ছাত্রেরা অভিজ্ঞতা সঞ্চয় করে থাকে এবং শ্রেণীতে যদি আলোচনা

হয়ে থাকে (এই সব বিষয়ের অনেকগুলি তাদের Reader এও থাকবে), তবে এদের কোন একটি সম্বন্ধে পাঁচ-দশ লাইন লিখতে দেওয়া যেতে পারে।

মৌখিক পরীক্ষার ব্যাপারে ছাত্র কতকগুলি সহজ বাক্যের সাহায্যে তার মনের ভাব প্রকাশ করতে পারে কিনা সেটি দেখা যেতে পারে।

What day is it today ?

When do you get up from bed in the morning ?

How many brothers and sisters are you ?

What's the time now ? (Showing a clock)

Who is your best friend in the class ?

Do you take out books from the school library ?

Give the name of the book you liked most. etc. etc.

ইংরেজী পঠনের পরীক্ষার কথা পূর্ব্বেই বলা হয়েছে। Reader থেকে কোন একটি অংশ পড়তে দেওয়াই সমীচীন হবে ; অপঠিত কোন কিছু এ স্তরে পড়তে না দেওয়াই সঙ্গত।

দ্বিতীয় বৎসরেও হাতের লেখার পরীক্ষা রাখলে মন্দ হয় না। তবে এবারে শুধু Transcription না করিয়ে তাদের পড়া থেকে কোন dictation দিলে spelling, speed ও handwriting—সব ক'টির পরীক্ষা একসাথে হয়ে যাবে।

লিখিত পরীক্ষার প্রশ্নের মধ্যে filling in the gaps, supplying the right word ; changing sentences according to direction, matching one group of words with another ; joining sentences with conjuncrion or conjunctive phrases ; re-writing sentences as questions ; framing qnestions for given answers ; changing tenses, number, gender according to direction ; changing positive sentences into negative and negative nito positive ; locating nouns, pronouns, verbs, adjectives, adverbs, conjuuctions, prepositions in sentences ; framing sentences to show degrees of comparison.

নিম্নে প্রশ্নের কিছু নমুনা দেওয়া হ'ল :—

(1) Fill in the gaps with the right words in the brackets.

Examples : – They had — food in the morning (his, their)

(i) The boys — not come to school on Sundays (does, do)

(ii) — you take tea ? (do, does)

(iii) Our cow gives — milk (many, much)

(iv) Robi has — oranges than his brother (more, many)

(2) Change the following sentences into negative :—

[Example :— I can swim—I can**not** swim]

(i) I eat sweets in the morning.

(ii) I drink milk.

(iii) Our school sits on Sunday.

(iv) My books are in my bag.

(v) Robi goes to school everyday.

(3) Fill in the gaps with the right word from the brackets :—

(i) The sun is very — . (fresh, hot)

(ii) — leaves are on the trees (cold, green, blue)

(iii) A football is — in shape (round, square)

(iv) Your hands are -- (dirty, many)

(v) Give me some — flowers (red, kind)

(4) Change the following sentences into their negative

[Example :—Reba goes to the station—Reba does not go to the station. He is reading.—He is not reading.]

[i] Robin has a coat

[ii] We eat meat on Sundays.

[iii] She loves to eat sweets.

[iv] Boys are fond of games.

[v] John builds a house.

(5) Join the sentneces with 'and', or 'but' :—

[i] Ram is my friend. Jadu is not.

[ii] Rekha is the elder sister. Reba is the younger.

[iii] This school is good. That school is better.

[iv] Give me some milk. Do not give me any tea.

[v] This is my house. That is my friend's.

(6) Make these sentences into questions.

Example :—Reba is a girl Is Reba a girl ?

The old man walks slowly. Does the old man walk slowly ?

You went there. Did you go there ?

(i) I saw a bird in the tree.

(ii) He went to the market on Sunday.

(iii) The boy reads for two hours.

(iv) You wanted my pencil.

(v) He is fond of sweets.

(7) Frame questions to these answers,

[Example :—**Ans.** No, I have no pen. **Question.** Have you a pen ?

Ans. No, I did'nt go there. **Question.** Did I go there ?

(i) No, I don't take tea.

(ii) Yes, I play bad-min-ton.

(iii) No, I have no sister.

(iv) Yes, it is very hot today.

(v) No, it is not cold.

(8) Underline the nouns in this sentence and put tick ✓) over the verbs :—

(i) My father and I went to the market and bought oranges, bananas and some apples.

(ii) Boys and girls read together in this school.

(9) Underline the adjectives and put ticks (✓) over the conjunctions :—

(i) Rekha is tall but Lila is short.

(ii) Jatin is older than Ram but he is younger than Suman.

(iii) It is a very nice doll and it has a beautiful face,

(iv) In this beautiful garden, you find red, white, and yellow flowers.

(v) I shall have a cold drink but you may have hottea.

(10) Put 'more' or 'most' in the gaps :—

(i) Lila is — beautiful than Roma.

(ii) Apu is — clever than Tapu.

(iii) This book is the — useful of all

উপরের ধরণের প্রশ্ন করা যেতে পারে। প্রশ্নগুলিকে objictize questious বলা হয়। প্রত্যেকটি প্রশ্নের একটি মাত্রই উত্তর হ'তে পারে। সুতরাং খাতা দেখার সময় শিক্ষক মহাশয়কে খুঁটিয়ে খুঁটিয়ে ভুল বের করতে হবে না। প্রশ্নের উত্তরটি হয় শুদ্ধ হবে, নয়তো ভুল হবে। যদি শুদ্ধ উত্তরের একটি নমুনা ঠিক করা থাকে, তবে খাতা দেখতে সময় বেশী লাগে না।

এই ধরণের প্রশ্ন করার সময় শিক্ষককে একটু পরিশ্রম করে প্রশ্ন করতে হয়, কিন্তু খাতা দেখার ঝামেলা এতে কম। পাঠ্য পুস্তকের বিষয়বস্তু থেকেই প্রশ্নগুলি বেশীরভাগ করা হ'বে। তবে প্রশ্নগুলি যাতে objective হয় সেদিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে।

প্রশ্নগুলির direction ইংরেজীতে দেওয়াই বাঞ্ছনীয়। তবে এই direction গুলির সাথে শিক্ষক পূর্ব্ব থেকেই ছাত্রদের পরিচিত করাবেন। নতুবা ছেলেরা অসুবিধেয় পড়বে, বাংলায় অনুবাদ করে না দিলে বুঝতে পারবে না।

Objective Questions ছাড়াও একটি দুটি প্রশ্ন থাকবে যাতে ছেলেদের রচনাত্মক কিছু লিখতে বলা হবে। রচনাত্মক বিষয়-বস্তুর আভাস পূর্ব্বেই দেওয়া হয়েছে।

ইংরেজীতে চিঠি লেখাও রচনার বিষয়-বস্তু হতে পারে। চিঠি লেখা এরা অবশ্য শিখবে। খুব সাধারণ চিঠি, বান্ধুবান্ধবকে কিংবা ভাই বোনকে কিংবা আত্মীয়স্বজনকে কিংবা ছুটির জন্য শিক্ষককে কি ভাবে লিখতে হয়, তা শেখানো উচিত। Birthday invitation, Some interesting happening (**A** fair, **A** circus, **A** football match etc.), **A** visit to a neighbournig place to the zoo to a river our post office এগুলি চিঠির বিষয়-বস্তু হতে পারে। চিঠির Formটি এবং পাঁচ-সাতটি সহজ বাক্যে বিষয়বস্তুটির লেখা শেখানোই এখানে লক্ষ্য হ'বে। দীর্ঘ বর্ণনা দেওয়ার মত শব্দ-সম্ভার এদের গড়ে ওঠে নি, সুতরাং সেটা আশা করা ভুল হবে।

ছেলেদের প্রত্যক্ষ অভিজ্ঞতার মধ্যে কোন কৌতূহলোদ্দীপক ঘটনা চিঠির বিষয়বস্তু হ'তে পারে। **শেখানোর সময় শিক্ষক প্রশ্নোত্তরের মাধ্যমে চিঠিটি ছাত্রদের সহায়তায় গড়ে তুলবেন এবং বোর্ডে লিখে দেবেন; ছেলেরা সেটি তুলে নেবে।** পাঠ্য পুস্তকে যদি কোন চিঠির নমুনা থাকে, তবে সেটির বিষয়-বস্তু আগে আলোচনা করে তবে চিঠিটি পড়ানো সুরু করতে হবে।

যেসব চিঠি লেখা শেখানো হয়েছে, তার থেকেই একটি পরীক্ষার সময় এদের লিখতে দিতে হবে। **এতে যদি তারা শেখা চিঠিটী হুবহু আগের মত করেই লিখতে পারে, তাহলেও আমাদের উদ্দেশ্য সফল হবে।**

বাংলা থেকে ইংরেজী অনুবাদের পরীক্ষার রেওয়াজ আছে আমাদের প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে। Translationকে পৃথক একটি বিষয় হিসেবেই প্রায় পড়ানো হয়। বাংলা থেকে ইংরেজী কিংবা ইংরেজী থেকে বাংলা অনুবাদ খুবই কাজে লাগে এবং ভাল অনুবাদ করতে পারলে দুটি ভাষার উপরই যে বেশ দখল আছে সেটা বুঝা যায়। কিন্তু কোন্ স্তর থেকে আমরা এই অনুবাদ শেখাতে কিংবা পরীক্ষা করতে সুরু করব?

প্রথম বর্ষে কিংবা দ্বিতীয় বর্ষে কিছু sentence patterns এর সাথে ছেলেদের পরিচয় হয়েছে; কিছু কিছু structural words তারা ব্যবহার করতে শিখেছে। অর্থাৎ পরীক্ষা যদি করতেই হয় তবে যে সকল sentence patterns তারা শিখেছে, তাদের ঐ জাতীয় sentence ই অনুবাদ করতে দেওয়া ঠিক হবে; অজানা শব্দ কিংবা অচেনা pattern দিলে তাদের ভুল হবে বেশী।

ধরুন 'Did' দিয়ে Interrogative Sentence সুরু করতে শিখেছে ছেলেরা (Did you come to school yesterday ?) এবার ঐরূপ বাংলা sentence অনুবাদ করতে দেওয়া যেতে পারে যেখানে Did দিয়ে সুরু করতে হবে। (তোমরা কি কাল ফুটবল খেলেছিলে? হরিবাবু কি কাল এসেছিলেন? তা'রা কি কাল রাতে গান গেয়েছিল? ইত্যাদি)।

Translationকে পৃথক একটী বিষয় হিসেবে না পড়িয়ে বরং যেখানে যে structure শেখানো হ'ল তার পরীক্ষা হিসেবে পূর্ব্বোক্তরূপে বাংলা বাক্যের অনুবাদ করতে দেওয়া যেতে পারে যাতে ঐ structureটির সাথে পরিচয় আরও ঘনিষ্ঠ হয়।

ইংরেজী উচ্চারণ

ইংরেজী উচ্চারণ সম্বন্ধে কিছু বলার আগে এ কথা স্বীকার করে নেওয়া ভাল যে আমাদের ইংরেজী উচ্চারণ খাঁটি সাহেবী উচ্চারণ হওয়ার প্রয়োজন নেই। খাঁটি ইংরেজের খাঁটি ইংরেজী উচ্চারণ করতে পারার চেষ্টা বহুলাংশে ব্যর্থ হতে বাধ্য, বিশেষ করে ইংরেজের বলা ইংরেজী শুনতে যেখানে আমরা একেবারেই অনভ্যস্ত। এক্ষেত্রে Thompson and Wyatt তাঁদের The Teaching of English in India বইতে যে কথা বলেছেন সেটাই যুক্তিপূর্ণ বলে মনে হয়—"To acquire a correct pronunciation prolonged practice in listening to and producing speech sounds is needed. Only too often there is not the time for ear-training, and drill exercises and other items of work of greater relative importance (e.g. idiom) claim our attention. **The wiser course is, therefore, to aim at teaching an intelligible rather than a correct pronunciation**. With the teaching of foreign languages in England in mind, Atkins and Hutton give it as their opinion that **over-emphasis on purity of accent is 'a real danger' to the best interest of language teaching.**"

অর্থাৎ বিশুদ্ধ উচ্চারণের স্থলে যদি সুবোধ্য উচ্চারণ হয়, তা হলেই চলবে। এই সুবোধ্য উচ্চারণ শিক্ষাও অবশ্যই অনুশীলন-সাপেক্ষ—এ কথা স্বীকার করতেই হ'বে।

উচ্চারণ যদি স্বেচ্ছাচারী হয়, তবে শ্রোতার পক্ষে তা' বোধগম্য হয় না, অথবা কষ্ট করে বুঝতে হয়। প্রত্যেকেই যদি নিজের খুসীমত উচ্চারণ করেন, তবে ভাষার রাজ্যে আরাজকতা দেখা দিতে বাধ্য। সে ক্ষেত্রে উচ্চারণ বিষয়ে কতকগুলি নিয়ম অবশ্যই পালন করতে হবে।

ইংরেজী ভাষায় অক্ষর ২৬টি কিন্তু পড়ার সময় এদের যেভাবে উচ্চারণ করা হয়, কোন শব্দের অন্তর্ভুক্ত হলে তখন অনেকেরই উচ্চারণ অন্যরকম হয়ে যায় ; অর্থাৎ এরা লেখে একরকম, উচ্চারণ করে আরেক রকম। অথচ বাংলা কিংবা

সংস্কৃতে প্রত্যেকটি অক্ষর যেভাবে লিখিত হচ্ছে, উচ্চারণও সেইভাবেই হচ্ছে (সামান্য কিছু ব্যতিক্রম ছাড়া)। ইংরেজীতে Cat শব্দটি লিখতে যে অক্ষরগুলির দরকার হয়, সেই অনুসারে উচ্চারণ করতে গেলে এর উচ্চারণ 'ছিয়েটি' হওয়া উচিত ছিল নাকি ? অথচ C এখানে উচ্চারিত হচ্ছে 'ক' এর মত a উচ্চারিত হচ্ছে 'য়্যা'র মত আর t উচ্চারিত হচ্ছে 'ট' এর মত। কিন্তু বাংলায় যদি 'কলিকাতা' লিখি তবে প্রত্যেকটি অক্ষর যে ভাবে লিখিত হয়েছে, সেই ভাবেই উচ্চারিত হ'বে, লিখিত রূপ ও তার উচ্চারণে কোন পার্থক্য থাকবে না।

এর অর্থ হচ্ছে যে ইংরেজী ভাষায় উচ্চারণের জন্য প্রয়োজনীয় সবগুলি ধ্বনি নেই ; ২৬টি অক্ষর দিয়ে তা করা সম্ভব নয়। এই জন্য সংস্কৃত, (বাংলা, হিন্দী, তামিল) প্রভৃতি ভাষায় অক্ষর সংখ্যা বেশী এবং সবরকমের ধ্বনি প্রকাশের উপযোগী। ইংরেজীতে তা নেই বলেই একই অক্ষরের উচ্চারণ এক এক স্থানে এক এক রকম হচ্ছে। যেমন a এর উচ্চারণ Cat (য়্যা); Cake (ei = এই); Calm (ah = আ) বিভিন্ন শব্দে বিভিন্ন হয়ে গেছে।

ইংরেজী ভাষাকে তাই বলা হয় **non-phonetic** অর্থাৎ এর লিখিত রূপ ও উচ্চারণের মধ্যে মিল নেই ; ফলে বিদেশীর পক্ষে বিশুদ্ধ ইংরেজী উচ্চারণ কষ্টসাধ্য।

বিশুদ্ধ ইংরেজী উচ্চারণের আরেকটি বাধা এর accent, জোর বা ঝোঁক। প্রত্যেকটি শব্দ উচ্চারণকালে এর অংশবিশেষের উপর জোর দেওয়া হয় বাংলাতে আমরা তা করি না। 'কলি-কাতা' শব্দটি দুই syllable যুক্ত শব্দ ঠিকই কিন্তু এর উচ্চারণ-কালে 'কলি' কিংবা 'কাতা' কোনটার উপরই আমরা জোর দিই না ; গড়গড়িয়ে 'কলিকাতা' উচ্চারণ করে যাই। কিন্তু যদি বলি 'Eng-land' তবে এই দুই syllable যুক্ত শব্দটির প্রথমটির উপর জোর দিতে হবে,—'Eng-land' উচ্চারণ করতে হ'বে ; 'land' এর উপর জোর দিলে ভুল হবে।

এ ছাড়াও আছে Intonation অর্থাৎ কথা বলার সময় স্বরের ওঠা নামা। 'Intonation' সব ভাষাতেই আছে এবং intonation অনুসারে বক্তার বক্তব্য বুঝতে হয়। বাংলায় **'তুমি কি রামবাবুর ছেলে'** ? এই বাক্যটির **'তুমি' রামবাবু'র** কিংবা **'ছেলে'** শব্দগুলির এক একটির উপর জোর দিয়ে উচ্চারণ করলে পৃথক পৃথক অর্থ বোঝাবে। তেম্নি (Did you come to me yesterday ? এই বাক্যটির **'you' 'come' 'me' 'yesterday'** শব্দগুলির যেটির উপর

জোর দিয়ে বলা হবে, অর্থও সেই অনুসারে ভিন্ন হ'বে। সাধারণ ভাবে অনুরোধ বোঝাতে এক রকমের Intonation, আদেশ বোঝাতে আরেক রকম, কেবলমাত্র কোন statement বোঝাতে আরেক রকম Intonation হবে।

শ্রুতি এবং অভ্যাস ভিন্ন শুদ্ধ Intonation আয়ত্ত করা কঠিন। এ সম্বন্ধে দু'একটি নিয়ম মনে রাখা যেতে পারে :—

(১) যখন কোন কিছু সাধারণভাবে বোঝাতে হবে সেখানে প্রথমদিকে সাধারণভাবে সুরু করে শেষের দিকে স্বরটা একটু নীচু হয়ে যাবে—I shall not come to-morrow.

(২) যে সকল প্রশ্নের 'Yes' কিম্বা 'No' উত্তর হবে না, সেখানেও ঐ একই নিয়ম—How many are you present to-day ?

(৩) উত্তর যেখানে 'Yes' কিম্বা 'No' হবে সেখানে প্রশ্নবোধক বাক্যের শেষের দিকে স্বর একটু উঁচু হবে—Will you come again ? Have you got leave from the Headmaster ?

উচ্চারণ বিধি

ইংরেজীর পাঁচটি vowel—a, e, i, o, u এর কোন সময়ে short কোন কোন সময়ে long উচ্চারণ হয়। বাংলা কিংবা সংস্কৃতে 'ই', 'ঈ', 'উ', 'ঊ' 'এ', 'ঐ', 'ও', 'ঔ' প্রভৃতি বর্ণদ্বারা ধ্বনিটি হ্রস্ব কিংবা দীর্ঘ হবে সেটি বুঝিয়ে দেওয়া হয় (যদিও বাংলায় আমরা এই হ্রস্ব-দীর্ঘ বানান অনুসারে উচ্চারণ করি না ; যথা—নীলিমা, রীতি, কুলায়, কূল ইত্যাদি)। কিন্তু ইংরেজীতে vowel টির উচ্চারণ হ্রস্ব হলে হ্রস্ব এবং দীর্ঘ হলে দীর্ঘ উচ্চারণ করাই নিয়ম। এখন vowel গুলি বর্ণমালায় যেভাবে উচ্চারিত হয়, শব্দের অন্তর্ভুক্ত হলে তাদের উচ্চারণ সেরূপ না-ও হতে পারে। 'e' ইংরেজী বর্ণমালার পঞ্চম অক্ষর হিসেবে যে ভাবে উচ্চারিত হয় begin repeat প্রভৃতির ক্ষেত্রে কিন্তু 'i' এর মতো উচ্চারিত হচ্ছে ; আবার 'able' এর 'e' র কোন পৃথক উচ্চারণ হচ্ছে না। আবার কতকগুলি Consonant এর ধ্বনি যদিও অপরিবর্ত্তিত থাকে (যথা—p, b, t, d, f, k, l, m, n, r, v, s, z, h, w) তথাপি আর কতকগুলি আছে যেগুলিকে ঠিক শুদ্ধস্বর বলা যায় না। 'cat' উচ্চারণের বেলায় 'c' যেভাবে উচ্চারিত হচ্ছে 'cinema'র বেলাতে 'c' কিন্তু অন্যরূপ উচ্চারণ হচ্ছে। 'dog' এর 'g' এর যে উচ্চারণ 'gem' এর 'g' এর কিন্তু অন্য উচ্চারণ। 'sit' এর s এবং boys(z) এর 's' এর উচ্চারণেও কিন্তু তফাত হচ্ছে।

আবার ইংরেজীতে কতকগুলি ধ্বনি আছে, কিন্তু সেই ধ্বনিকে প্রকাশ করার উপযোগী বর্ণমালা নেই। 'Bat' 'The' 'Thin' এই তিনটি শব্দের প্রথমটিতে 'T' দ্বারা ঠিক souudটি বোঝাচ্ছে ; কিন্তু 'T ও h' মিলে যে sound হ'ল (দি অথবা থ) তাদের প্রকাশ করার উপযোগী অক্ষর কোথায় ? 'Shut', 'nation' প্রভৃতি 'শ' ধ্বনির প্রতীক ইংরেজী বর্ণমালায় নেই। 'Church' 'watch', 'match' প্রভৃতির 'ch' ধ্বনিরও কোন প্রতীক ইংরেজীতে নেই।

তাহলে সে দেশের লোক কি করে শুদ্ধ উচ্চারণ করে, কিংবা শুদ্ধ বানান করে ? তার উত্তর যে শুনে শুনে শুদ্ধ উচ্চারণ শেখে আর দেখে দেখে শুদ্ধ বানান শেখে ও লেখে। একথা সর্ব্বজনস্বীকৃত যে ইংরেজী উারণ ও বানান বিদেশীর পক্ষে এক মস্ত সমস্যা হয়ে দাঁড়ায়।

ইংরেজীর Vowel ও Diphthong sound গুলিকে বিশ্লেষণ করে

ভাষাবিদ্‌গণ এদের 21 soundsএ ভাগ করেছেন। এদের কতকগুলিকে Long sound এবং কতকগুলিকে Short sound বলে। যেখানে এক vowel soundএ আরম্ভ হয়ে অন্য vowel sound এ উচ্চারণটি শেষ হচ্ছে, তাকে Diphthong বলে (যেমন—day—dei ; table—teibl)। প্রত্যেকটি soundকে এক একটি সংখ্যাদ্বারা চিহ্নিত করা হয়েছে। Diphthong sound গুলিকে long sound হিসেবেই ধরা হয়।

নীচের sound গুলির সংখ্যা, বাংলা ধ্বনির সাথে তাদের মোটামুটি সাদৃশ্য এবং কিছু কিছু উদাহরণ দেওয়া হচ্ছে। বাংলা ধ্বনিদ্বারা সবক্ষেত্রে সঠিক ইংরেজী ধ্বনি প্রকাশ করা সম্ভব নয় ; এক্ষেত্রে কিছুটা আভাস দেওয়া হয়েছে মাত্র।

Sound	Long	Examples	Short	Examples	Remarks
No. 1	'ee'	**eat**, meet, **meat**, **see**; please, thease, read, teach, sweet, **feel**, hear, **clear**, deep, cheap,			অনেকটা বাংলা 'ঈ'র মত
No. 2			i	in, pin, **his**, **this**, **is**, Sun**day**, -(**di**), Mon**day**, (-**di**), **fish**, big, **sit**, **kill**, k**i**ng, kitchen,	অনেকটা বাংলা 'ই'র মত।
No. 3			e	pet, pen, men, friend, bend, send, hend, bed,	অনেকটা বাংলা 'এ'র মত।
No. 4			a	**bat**, bag, **bad**, **at**, man, cat, map, black, fat, mat, stand, thank,	অনেকটা বাংলা 'য়্যা'র মত।
No. 5	'ah'	far, father, fast, can't, shan't, branch,			অনেকটা বাংলা 'আ'র মত,সামান্যদীর্ঘ

Sound	Long	Examples	Short	Examples	Remarks
No. 6			o	top, shop, box, dog, on, of, God, pot, doctor, long, lot,	অনেকটা বাংলা 'অ'র মত ('ও' নয়)
No. 7	'aw'	short. lord, w l, all, saw, ball, morning, daughter			বাংলা 'অ'কে একটু জোর দিয়ে উচ্চারণ করলে যা হয় প্রায় সেই রকম
No. 8			$\overline{oo}$	good, foot. look, book	বাংলা 'উ'র মত অনেকটা
No. 9	$\overline{oo}$	food, soon, boot, fool, who, whom, whose, fruit, tooth, school, noon, moon			বাংলা 'ঊ'র মত অনেকটা
No. 10			u	hut but, mug, son, sun, brother	অনেকটা বাংলা 'আ'র মত (কিছুটা হ্রস্ব)
No. 11	$\overline{er}$	bird, sir. learn, serve, person, perfect			'r'এর উচ্চারণ হচ্ছে না এবং vowelটির উচ্চারণ দীর্ঘ হচ্ছে

Sound	Long	Examples	Short	Examples	Remarks
No. 12			$\bar{er}$	river, water, suger, father, either, neither, August, agree, admit, along about,	শেষের rএর পূর্ব্বে vowel থাকলে Diphthong soundটি প্রায় -অনুচ্চারিত 'আ'র মত। অন্যত্রও হতে পারে।
No. 13	a Diph-thong $\bar{e}$-i	table (teibl), day (dei). cake (keik), eight, paid, rain, face (feis), date, late (leit), gave (geiv), lady (leidi)			
No. 14	'o' Diph-thong $\bar{o}$-n	go (gou), no (nou), hope, road (roud), old (ould), soap (soup), told (tould)			
No. 15	'i' Diph-thong $\bar{a}$-i	I, my, thy, life (laif), fine (fain), Friday (fraidei) try (trai), time (taim), side (said)			বাংলা 'আই' উচ্চারণ করলে যে রূপ শোনায় অনেকটা সেই রকম
No. 16	'ow' Diph-thong $\bar{a}$-oo	cow (kau), town (taun), bow (bau), mouth (mauth), down (doun)			'আ' দিয়ে আরম্ভ করে 'উ'তে শেষ করলে যেমন শোনাবে

No. 17	Long	Examples	Short	Examples	Remarks
No. 17	'oi' Diph-thong a w-i	oil, boy, joy, avoid, spoil			'অ' দিয়ে আরম্ভ করে 'ই'তে শেষ করলে যেমন শোনাবে
No. 18	$\overline{\text{i-er}}$	dear, here, clear, ear, near, fear, cheer,			'ঈ' দিয়ে আরম্ভ করে 'আ'তে শেষ করলে যেমন শোনাবে
N8. 19	$\overline{\text{e-er}}$	chair, there, where, care, pair, air			'এ' দিয়ে আরম্ভ করে 'আ'তে শেষ করলে যা হয়
No. 2	$\overline{\text{or}}$	four. more, door, your			'অ'কে একটু দীর্ঘ করে উচ্চরণ করলে যা হবে
No. 21	$\overline{\text{oor}}$	tour, sure your, poor			'উ' দিয়ে আরম্ভ করে 'অ'তে শেষ করলে যেমন শোনাবে

উচ্চারণের কয়েকটি সাধারণ নিময় :—

(১) সাধারণতঃ যদি Vowel এর পরে 'r' থাকে এবং 'r'এর পরে Consonant থাকে, তবে সেই r উচ্চারিত হয় না এবং ঐ syllableটির উচ্চারণ দীর্ঘ হয় ; যেমন far (fa:) ; part (pa:t),

(২) 'r' এর পরে যদি আবার Vowel থাকে তবে অনেক ক্ষেত্রে ঐ 'r' পরের Vowel এর সঙ্গে যুক্ত হয়ে উচ্চারিত হয় ; যেমন—The riveris full.

(৩) 'The'র উচ্চারণ 'দি' ও 'দ্য' এর মাঝামাঝি। পরের শব্দটির প্রথমে যদি Vowel থাকে তবে অনেকে Theকে 'দি'এর মত করে উচ্চারণ করেন এবং Consonant থাকলে 'দ্য'এর মত উচ্চারণ করেন। The ink is black. The man is poor.

(৪) 'ee' 'ea' এক সাথে থাকলে সাধারণতঃ উচ্চারণ দীর্ঘ হয়—meat, sweet ; treat ; near ; feel, কিন্তু break, pleasant pleasure ; dreadful, bread ইত্যাদির বেলায় দীর্ঘ উচ্চারণ হয় না।

(৫) 'oo' কোন কোন ক্ষেত্রে short উচ্চারণ হয়, আবার কোন কোন ক্ষেত্রে long উচ্চারণ হয়।

Short 'oo'—good, foot, book, took, cook, look, football, wood, ইত্যাদি।

Long 'oo'—too, root, food, tooth, moon, choose, moon, noon, soon, fool, cool, school, proof, ইত্যাদি—

(৬) Singular কে Plural করতে সাধারণতঃ 's' -ves অথবা 'es' যোগ করা হয় ; কিন্তু pluralএর 's' অনেক ক্ষেত্রে 's' এর মত উচ্চারিত হয়, 'z' অথবা 'iz' এর মতও উচ্চারিত হয়।

	Singular	Plural
's' এর মত উচ্চারণ :—	Book	Books
	Cup	Cups
	Tub	Tubs
	Cot	Cots
'z' এর মত উচ্চারণ :—	Calf	Calves
	Wife	Wives
	Knife	Knives
'iz' এর মত উচ্চারণ :—	Boy	Boys (bɔiz)
	Box	Boxes (bɔksiz)

'is', 'his' এর 's' 'z' এর মত উচ্চারিত হবে।

(৭) 'and' এর উচ্চারণে একটু বৈশিষ্ট আছে। 'and' এর পরে যদি consonant থাকে তবে শেষের 'd'টি খুব স্পষ্ট উচ্চারণ করার প্রয়োজন হয়না ; কিন্তু 'and' এর পর Vowel থাকলে 'd'টি পরের Vowel এর সঙ্গে যুক্ত হয়ে উচ্চারিত হয়।

(৮) যেখানে double consonant থাকে সেখানে একটিকে অনর্থক জোর দিয়ে উচ্চারণ করার প্রয়োজন নেই। 'Happy'র উচ্চারণ Hap-py না করে একটি 'p' দিলে যে রকম উচ্চারণ হত তাই করলেই হবে। তেম্নি Mummy, Daddy, offer, happen, offend প্রভৃতির উচ্চারণেও এই একই নিয়ম। এসব ক্ষেত্রে accentটি বরং আগে দিতে হবে।

Stress and Intonation

ইংরেজী উচ্চারণের ব্যাপারে Stress ও Intonation এর কথা আগেই উল্লেখ করা হয়েছে। অভ্যাস ও শ্রুতির উপর নির্ভর করা ভিন্ন Stress ও Intonation আয়ত্ত করা কঠিন। বিচ্ছিন্ন শব্দের শুদ্ধ উচ্চারণ করতে পারলেও stress ও intonation এর শুদ্ধতা রক্ষা করা আমাদের পক্ষে কঠিন। তবে প্রথমে যেদিকে লক্ষ্য দেওয়া উচিত সেটি হ'ল বাক্যের অন্তর্গত যে অংশটুকু একসঙ্গে উচ্চারিত না হলে বিশেষ কোন অর্থ স্থূচিত হয় না, তাকে একসাথে উচ্চারণ করা। উদাহরণ স্বরূপ বলা যায় The book is **on the table** ; এখানে on, the, table এই তিনটি শব্দ মিলে একটি Phrase অথবা sense-group তৈরী হয়েছে। বিচ্ছিন্ন ভাবে থেমে থেমে এদের উচ্চারণ করলে অর্থবোধ হ'তে অসুবিধে হবে। সুতরাং পড়াশেখানোর সময় কোন sense-group যাতে একসাথে উচ্চারিত হয়, শিক্ষকমহাশয় সেদিকে দৃষ্টি দিবেন। শিক্ষকমহাশয় নিজেও পড়ার কালে সেদিকে লক্ষ্য রেখে পড়লে ছাত্রেরাও সেইভাবে পড়তে অভ্যস্ত হবে। নীচের উদাহরণগুলি লক্ষ্য করুন (নিম্নরেখ শব্দগুলি একসাথে উচ্চারিত হবে)।

a. You never drink tea <u>in the morning</u>.

b. Do you ever stand <u>on the bench</u> ?

c. Do you ever go to school <u>on Sunday</u> ?

শব্দের উচ্চারণ, Intonation, অধিগত করা সময় সাপেক্ষ, অভ্যাস সাপেক্ষ একথা পুর্ব্বেই বলা হয়েছে। প্রাথমিক স্তরে শিক্ষক মহাশয় যদি নিজের উচ্চারণে সতর্ক থাকেন এবং যথাসম্ভব শুদ্ধ উচ্চারণ করতে চেষ্টা করেন তবেই ছাত্রদের মধ্যে স্পষ্ট এবং শুদ্ধ উচ্চারণের ইচ্ছা জাগবে। আমরা আমাদের মাতৃভাষার উচ্চারণ সম্বন্ধেই সর্ব্বদা সতর্ক নই, এবং বিদেশী ভাষা শিক্ষার ব্যাপারেও এদিকটাকে আমরা অবহেলা করে থাকি। আমাদের মাতৃভাষার উচ্চারণ ব্যাপারেও আমাদের যেমন যত্ন নেওয়া দরকার, তেম্নি বিদেশী ভাষা শেখার কালেও সেদিকে যত্নবান্ হওয়া দরকার। *

আমাদের ভাষাতে কতকগুলি ইংরেজী শব্দ ঢুকে গেছে, সেগুলিকে আমরা মাতৃভাষার অন্তর্ভুক্ত করে নিয়েছি। টেবিল, চেয়ার, ফুটবল, ইষ্টিশান, ট্রেন, ট্রাম, 'গোল', শার্ট, কোট, প্যাণ্ট ইত্যাদি ইত্যাদি বহু শব্দ ইংরেজী থেকে আমরা বাংলায় নিয়ে নিয়েছি। কিন্তু এদের উচ্চারণকেও আমরা দিশী করে নিয়েছি।

'টেবিল' যখন বল্‌ছি, তখন তার আসল উচ্চারণ 'teibl'কে আমরা বিকৃত করে উচ্চারণ করছি ; 'ফুটবল'কে 'ফুডবল' বল্‌ছি, station কে ইষ্টিশান করে নিয়েছি। মুস্কিল হয় এই শব্দগুলিকেই যখন আবার তাদের ইংরেজীরূপে দেখি এবং উচ্চারণ করি। পূর্ব্বেই 'টেবিল' শিখেছি, এখন 'teibl' বল্‌তে গেলে একটু বাধোবাধো লাগে, তারপর পড়ার সময় যদি বা চেষ্টাচরিত্র করে 'teibl' বলি, বলার সময় পূর্বের অভ্যাসটি ছাড়তে পারি না। আর একবার ভুল শিখলে তাকে ছাড়া যে কত শক্ত সেটা আমরা সকলেই জানি। 'Unlearning is more difficult than learning'—এর প্রমাণ উচ্চারণের ক্ষেত্রে ভুরি ভুরি পাওয়া যায়।

আমাদের নিজস্ব বাংলা উচ্চারণও অনেক সময় আঞ্চলিক দোষদুষ্ট হওয়ায়, তার প্রভাব অনেক সময় ইংরেজী উচ্চারণকেও বিকৃত করে। একথা সত্য যে উচ্চারণ নিয়ে খুব বেশী ঘাঁটাঘাঁটি করা উচিত নয়। তবু একথা মনে রাখা ভাল যে শুদ্ধ উচ্চারণের দিকে সতর্ক দৃষ্টি না রাখলে, উচ্চারণ বিকৃত হতে হতে এমন এক পর্য্যায়ে আসবে যখন একের কথা অন্যের পক্ষে দুর্ব্বোধ্য হয়ে উঠবে।

ইংরেজী উচ্চারণ সম্বন্ধে কলিকাতা প্রেসিডেন্সি কলেজের শ্রদ্ধেয় অধ্যাপক সুপণ্ডিত ডঃ সুবোধচন্দ্র সেনগুপ্তের মত এইরূপ ঃ—

"আমার ধারণা যে উচ্চারণ সম্পর্কে মোটামুটি পারদর্শিতা অর্জ্জন করিলেই যথেষ্ট। এই মোটামুটি পারদর্শিতা বলিতে কি বুঝায়, তাহা একটু বিশদভাবে বলার চেষ্টা করা যাইতে পারে। প্রথমে মনে রাখিতে হইবে আমাদের বাঙ্গলা ভাষায় স্বরবর্ণের মাহাত্ম্য সমধিক। তাই এই ভাষায় লিখিত পদ্য (এবং গদ্যও) সুর করিয়া পড়িলে তাহার মাধুর্য্য প্রকাশিত হয়। কিন্তু ইংরেজী শব্দের প্রধান লক্ষণ উহার accent বা ঝোঁক। সুতরাং আমরা যেভাবে রামায়ণ মহাভারত পড়ি, সেই ভাবে ইংরেজী পড়িলে উৎকট শোনাইবে। Accent খুব সূক্ষ্মভাবে প্রকাশ করিতে পারি আর না পারি ইংরেজী শব্দ বিন্যাসের এই মৌলিক গুণ এবং বাঙ্গলা হইতে ইহার পার্থক্য স্মরণ রাখিয়া ইংরেজী পড়িলে মোটামুটি পারদর্শিতা লাভ করা যাইতে পারে। দ্বিতীয় যে বিষয় লক্ষ্য রাখিতে হইবে তাহা হইতেছে উচ্চারণের স্পষ্টতা। যে শব্দ উচ্চারণ করিতেছি তাহা যদি স্পষ্ট করিয়া উচ্চারণ করি তাহা হইলেই কথা বলার মুখ্য উদ্দেশ্য সাধিত হইল। তাহাতে যদি সম্পূর্ণ বিলাতী ঢঙ না-ই থাকে এবং তাহা যদি Phonetics প্রভৃতি শাস্ত্রের অনুগামী না হয় তাহা হইলে চিন্তিত হইবার কারণ নাই।

উপরিলিখিত নিয়ম মানিয়া লইলেও ইহা স্বীকার করিতে হইবে যে অনেক শব্দের একটি প্রচলিত বিশিষ্ট উচ্চারণ-রূপ আছে এবং তাহা গ্রহণ করাই বাঞ্ছনীয়। কিন্তু এইখানেও মোটামুটি শুদ্ধ উচ্চারণ করিলেই চলিবে, খুব সূক্ষ্ম পারদর্শিতার আলেয়ার পশ্চাতে ধাবিত হইলে সময় ও শক্তির অপব্যবহার হইবে মাত্র।

কতকগুলি শিক্ষোপকরণ

যে কোন বিষয় পড়ানোর জন্যই কিছু না কিছু শিক্ষোপকরণের প্রয়োজন হয়। ইংরেজীর শিক্ষকের জন্য নিশ্চয়ই উপকরণ ও প্রদীপনের প্রয়োজন আছে, বরং একটু বেশী পরিমাণেই আছে; তার কারণ প্রথম শিক্ষার্থীদের কতকগুলি বস্তুর সাথে প্রত্যক্ষ পরিচয়ের প্রয়োজন হবে। মাতৃভাষা শিক্ষাদান ব্যাপারে এইরূপ সাধারণ বস্তুর সাথে প্রত্যক্ষ পরিচয়ের ততটা প্রয়োজন হয় না। নিম্নে এইরূপ কতকগুলি প্রয়োজনীয় উপকরণের বিষয় বলা হ'ল :—

1. **Pictures** :—ছবি বলতে যেন এখানে রংবেরংএর দামী ছবির কথা চিন্তা না করি। খবরের কাগজ থেকে কাটা ছবি— Cycle, Radio, Ball, flower, man, woman, boy, girl, tree, ইত্যাদি (অর্থাৎ কোন না কোন বস্তুর, প্রাণীর বা মানুষের ছবি)। এগুলির সাহায্যে বস্তুর নাম এবং তাদের সম্বন্ধে কিছু কিছু বর্ণনা শেখানো যাবে। ভাল ছবি যেখানে দেখানো সম্ভব সেখানে দেখানো উচিত।

2. **Real Objects** :—এর একটি তালিকা "মৌখিকস্তরে" দেওয়া হয়েছে। সবগুলি জিনিষের নাম শেখানোর প্রথমেই প্রয়োজন নেই; ধীরে ধীরে এগুলো শেখানো যাবে। যতগুলি সম্ভব এই তালিকার জিনিষগুলি ক্রমে ক্রমে শ্রেণীতে এনে রাখার চেষ্টা করা দরকার।

3. **Word Cards** :—Word গুলো লেখার জন্য একটু শক্ত কাগজের প্রয়োজন হয়। পুরনো Post Card এর উপর সাদা কাগজ সেঁটে তার উপর word গুলো লেখা চলে; দরকার মত Post Cardটিকে কেটে দু'ভাগ কিংবা তিন ভাগ করে নেওয়া চলে। এক পিঠে ছবি, উল্টো পিঠে wordটি এমন word card কিনতেও পাওয়া যায়।

4. **Sentence Cards** :—এর জন্যও শক্ত কাগজ ব্যবহার করতে পারলে ভাল হয়। নতুবা Pasteboard size করে কেটে তার উপর সাদা কাগজ সেঁটে sentenceগুলি লেখা যায়।

5. **Brush** :—একটু মোটা ধরণের brush দিয়ে লিখলে লেখাগুলো মোটা হবে এবং দূর থেকে দেখা যাবে; কলম দিয়ে লিখলে তা হবে না।

6. **Coloured chalk** :—কয়েক রকমের রঙ্গীন চক ব্যবহার করতে পারলে

কোন বিশেষ শব্দ কিংবা বাক্যাংশকে ছাত্রদের সামনে স্পষ্ট করে তোলা যায়।

The book is on the table (to be written in coloured chalk)
The pen is in the bag (Do)
The pencil is in the box (Do)

শিক্ষক যদি ছবি আঁকতে পারেন, তবে রঙীন চকের সাহায্যে Blackboardএ ছোট ছোট ছবি এঁকে তাদের সম্বন্ধে lesson দিতে পারেন।

7. **Name Cards** :—প্রত্যেক ছাত্রের জন্য তার নামের একখানি কার্ড লিখে পিন দিয়ে তার জামায় সেঁটে দেওয়া যেতে পারে। প্রথম কয়েকদিন তারা এটি বুকে ঝুলিয়ে রাখবে। এতে করে নিজের নামের বানান ও অপরের নামের বানানের সাথেও পরিচয় ঘটবে এবং I am ..(Kamal), You are...(Ajoy) প্রথম দিককার এই pattern গুলি শিখতে সাহায্য করবে।

8. **Flannelgraph**:—Flannel অথবা খদ্দর কিংবা অন্য কোন অমসৃণ কাপড়কে একটি Frameএ আটকে নিলেই এটি একটি flannelboard হ'ল। কোন লেখা কিংবা ছবিকে যদি সরিয়ে সরিয়ে দেখাতে হয়, তবে এই aidটি খুব কাজে লাগে। লেখা কাগজটি কিংবা ছবির পিছনে শিরীষ কাগজের টুকরো গঁদ দিয়ে এঁটে নিতে হবে ; শিরীষ কাগজের rough surfaceটি যেন বাইরের দিকে থাকে। এখন শিরীষ আঁটা ঐ কাগজটি flannelboard এর rough surfaceএর উপরে একটু চেপে বসিয়ে দিলে সেটি আর পড়ে যাবে না, এঁটে থাকবে।

যেখানে কোন একটি sentence patternএর content word বদলে নূতন sentence শেখানোর প্রশ্ন আসবে, তখন flannelgraphকে কাজে লাগানো যাবে e.g.

The | book | | is | | on | | the | | table |

এই sentenceটির 'book' কথাটির জায়গায় 'box' কথাটি ব্যবহার করা হবে। 'book' লেখা টুকরোটিকে flannelgraph থেকে তুলে নিয়ে তার জায়গায় 'box' কথাটা জুড়ে দিলেই নূতন আরেকটা sentence হয়ে গেল। ছেলেরা এম্নি ভাবে নূতন নূতন word জুড়ে নূতন নূতন sentence তৈরী করতে বা পড়তে পারে।

9. **Calendar**—সংখ্যা ও দিন তারিখ মাস প্রভৃতি শেখানোর জন্য classএ

একখানি Calendar থাকা চাই। রোজকার দিন ও তারিখ শেখানোর পক্ষে একখানি Calendar অপরিহার্য্য।

10. **Cardboard clock** :—বেশ বড় একটি ঘড়ি, ঘণ্টা মিনিটের কাঁটাসহ শক্ত কার্ডবোর্ড দিয়ে তৈরী করে নিতে হবে (কিনতেও পাওয়া যায়)। Time, hour, minute, প্রভৃতি শেখাতে গেলে এর ব্যবহার অপরিহার্য্য।

11. **Blackboard** :—Blackboardকে যতপ্রকারে সম্ভব এবং যতবেশী সম্ভব ব্যবহার করতে হবে। এখন পর্যান্ত সাধারণ বিদ্যালয়ে Blackboardই একমাত্র Visual teaching aid ; এটিকে বাদ দিলে শিক্ষকের তূণে কথা ছাড়া আর অন্য অস্ত্র থাকে না। Blackboard এর লেখাটি যেন খুব স্পষ্ট হয় শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। ধীরে ধীরে গোটা গোটা অক্ষর লিখতে হবে, জড়ানো হাতের লেখা—বিশেষ করে ইংরেজী—প্রথম শিক্ষার্থীকে সাহায্য না করে তার অসুবিধেরই সৃষ্টি করবে।

12. **Nursery Rhymes** :—লেখা এবং ছবি সম্বলিত কয়েকখানি Chart শ্রেণীতে ঝুলিয়ে রাখা আবশ্যক। এগুলি যেন খুব উঁচুতে ঝোলানো না হয় ; ছেলেদের চোখের সাম্‌না-সাম্‌নি পড়ে (eye-levelএ) এগুলো এই ভাবে ঝোলানো থাকবে, যাতে করে ছেলেদের চোখে পড়ে এবং যখন খুসী তারা পড়তে পারে।

একখানি Chart দশ-পনের দিনের বেশী ঝুলিয়ে না রাখাই ভাল। দশ-পনের দিন পর এখানি সরিয়ে নিয়ে এর জায়গায় অন্য আরেকখানি Chart ঝুলিয়ে দিতে হবে।

13. **Charts Showing Colours** :—

বিভিন্ন রংএর সাথে এবং তাদের ইংরেজী নামের সাথে পরিচয় করানোর জন্য বিভিন্ন রং এবং তাদের নাম লেখা একখানি Chart শ্রেণীতে ঝোলানো থাকবে। Red, white, yellow, green, blue (violet, indigo, orange প্রথমে না শেখালেও চলবে) এবং ঐ রং বিশিষ্ট বস্তুর নামসহ এক একটি বাক্য ঐ Chartএ লেখা থাকবে। পরে শিক্ষক সাতটি রংএর আদ্যক্ষর বিশিষ্ট Vibgyor (v = violet ; i = indigo ; b = blue; g = green ; y = yellow ; o = orange ও r = red) শব্দটিও শিখিয়ে দিতে পারেন।

14. **Matchboxes** :—

পুরানো দেশলাইয়ের বাক্স কাগজে আঠা দিয়ে মুড়ে তা দিয়ে ঘরবাড়ী, ট্রেণ ইত্যাদি যেমন তৈরী করা যায়, তেমি বিভিন্ন বাক্সে কিছু Noun words

লেখা Card, Verb লেখা Card, কিছু Pronouns, কিছু Prepositions রাখা যেতে পারে। যে শব্দগুলি শেখা হয়ে গেছে, সেগুলি এই ভাবে লিখে তাদের পিছনে একটু শিরীষ কাগজ আঠা দিয়ে সেঁটে রাখলে flannelgraphএ এগুলো বসিয়ে নূতন নূতন sentence তৈরী করা যাবে। ছেলেরা লেখা শিখে গেলে তারা নিজেরাই এম্নি বাক্স ও কার্ড তৈরী করতে পারবে। কার বাক্সে কতগুলি শব্দ আছে তার একটা প্রতিযোগিতা হ'তে পারে। দলে ভাগ হয়ে ঐ Cardগুলি দিয়ে sentence-making খেলা ও খেলতে পারে। প্রথম দলের একজন তার বাক্স থেকে একটি word বের করল 'you', অন্য দল তার সাথে যোগ করল are, প্রথম দল এর পর যোগ করল a, দ্বিতীয় দল যোগ করল—boy/girl/teacher ; এম্নি ভাবে নানারকমের sentence তৈরী হ'তে পারে। শিক্ষক মহাশয় কি ভাবে খেলতে হবে সেটি দেখিয়ে দিলে ছাত্র-ছাত্রীরা এই খেলার প্রচুর শিক্ষা ও আনন্দ পাবে।

15. Matchstick drawings :—

শিক্ষক যদি বোর্ডে ছবি এঁকে তাঁর বক্তব্য স্পষ্ট করতে পারেন, তবে সেটি যেমন উপভোগ্য ও শিক্ষণীয় হয়, এমন আর কিছুতেই হয় না। পূর্ব্বেই বলা হয়েছে এর জন্য শিক্ষককে বড় আর্টিষ্ট হতে হবে না। মাত্র কয়েকটি কৌশল আয়ত্ত করলেই তিনি কতকগুলি প্রয়োজনীয় জন্তু-জানোয়ার, পাখী, মানুষ, ঘরবাড়ী, প্রভৃতির ছবি এঁকে পাঠটিকে চিত্তাকর্ষক ও জীবন্ত করে তুলতে পারবেন।

Match-stick drawing অর্থাৎ শুধু লাইন দিয়ে কোন জীবজন্তু গাছপালা, ঘরবাড়ী, প্রভৃতি খুব তাড়াতাড়ি বোর্ডে এঁকে দেখানো যায় এবং তার উপর পাঠ দেওয়া যায়। যা আঁকা হবে সেটি পুরো ছবি হওয়ার দরকার নেই (তা আঁকাও অধিকাংশ শিক্ষকের পক্ষে অসম্ভব), ছবির একটু আভাস হলেই চলবে। যিনি ভাল আঁকতে পারেন, তিনিও যদি অনেক সময় ধরে বোর্ডে সুন্দর একটি ছবি আঁকেন, তা হলে ছেলেদের মনোযোগ ছবির দিকেই আকৃষ্ট হবে বেশী, যে কথাটি কিংবা বাক্যটি বোঝানোর জন্য ছবিটি আঁকা হ'ল, তা থেকে বরং মনোযোগ অন্যদিকে চলে যাবার সমূহ সম্ভাবনা।

'with' ও 'without' এই structural points দুটি বোঝানোর জন্য শিক্ষক বোর্ডে হাতল শুদ্ধ চেয়ার এঁকে শেখাতে পারেন—

This is a chair with handles.

আবার হাতল দুটি মুছে দিয়ে বলতে পারেন—

This is a chair without handles.

টুপীওয়ালা একটি মানুষ এঁকে শেখাতে পারেন—


This is a man with a hat on.

টুপীটি মুছে দিয়ে বলতে পারেন—


This is a man without a hat.

খুব সহজ উপায়ে কি ভাবে কতকগুলি জীবজন্তু, গাছপালা, বাড়ীঘর প্রভৃতির আভাস দেওয়া যেতে পারে নীচে তার কতকগুলি উদাহরণ দেওয়া হ'ল। যে কোন 'অনার্টিষ্ট' শিক্ষকও একটু চেষ্টা করলে এরকম 'আর্টিষ্ট' হতে পারেন বলে মনে হয়।


1. A man is standing.




2. A man is running.




3. A man is sleeping.




4. A man is writing.



5. A man is going from the chair to the table.



6. A boy is kicking the ball.



অল্প কিছু দিন অভ্যাস করলেই যে কোন শিক্ষক বোর্ডে এই জাতীয় 'ছবি' আঁকতে পারবেন। মাছ, ফুল, লতা, পাতা, পাখী, এদের একটা আভাস দেওয়াও খুব কঠিন নয়; অথচ এই সব ছবি পাঠটিকে যে কতখানি প্রাণবন্ত এবং প্রাঞ্জল করে তুলতে পারে তার সাক্ষ্য যে কোন অভিজ্ঞ শিক্ষকই দিতে পারবেন।

———

ইংরেজী শিক্ষকের প্রতি

ইংরেজীর যিনি শিক্ষক হবেন—বিশেষতঃ নীচের শ্রেণীতে—তাঁর কতকগুলি দিকে লক্ষ্য রাখা উচিত :—

১) তিনি সারা বৎসরের জন্য একটি পরিকল্পনা নিয়ে কাজ সুরু করবেন। ইংরেজীর ব্যাপারে—বিশেষ করে প্রথম দুই বৎসর—পরিকল্পনার বিশেষ প্রয়োজন, এই কারণে যে এই সময় ইংরেজী ভাষায় কতকগুলি বাক্-রীতির (Sentence pattern) সাথে ছেলেদের ক্রমশঃ পরিচিত করাতে হবে। এই ক্রম-ভঙ্গ হ'লে ছেলেদের অগ্রগতিতে বাধা পড়বে এবং কিছুটা অসুবিধের সৃষ্টি হবে।

২) প্রথম দিকের Oral Lesson গুলি কতকগুলি বস্তুর নাম শেখানো, কয়েকটি প্রশ্নের সাথে পরিচিত করানো (what, where, when, which, ইত্যাদি দ্বারা আরম্ভ করা হয় যেগুলি), কয়েকটি প্রয়োজনীয় ক্রিয়াপদ' কয়েকটি preposition এর মধ্যেই সীমাবদ্ধ থাকবে।

৩) Oral Lesson গুলি যাতে monotonous (একঘেয়ে) না হয়, তার জন্য শিক্ষককে কিছু কিছু অপ্রয়োজনীয় কথাও হয়তো বলতে হ'তে পারে। সব কথাগুলো যে ছেলেরা বুঝবে, এমন না-ও হ'তে পারে। তবু একটা atmosphere তৈরী করার জন্য কিছু অবতারণা করে না নিলে, পাঠটি মনোজ্ঞ হওয়ার সম্ভাবনা কম।

সুতরাং প্রথম class এ ঢুকেই Good morning children or Good afternoon, children বলে তিনি নিজের আসনে বসলেন। তারপর যদি Roll-call করার প্রয়োজন থাকে, তবে তিনি সেটি করে নেবেন। এখানে শিক্ষক ছেলেদের নাম অথবা Roll ডাকবেন এবং ছেলেরা present sir, yes, sir বলে যাবে, এটি একটি একঘেয়ে ব্যাপার। এই Roll callটিতে একটু বৈচিত্র্য আনার জন্য শিক্ষক মাঝে মাঝে ছেলেদের কিছু বলতে বা করতে বলতে পারেন। :—

If Roll 4 is present, let him stand up.

If Roll 15 is present, let him raise his hand.

Roll 18, where are you ?

Roll 24 is here, isn't he ?

Is Roll 27 present or absent ?

If Roll 30 is present, let him stand up and then sit down. *

রোজই এমন করতে হবে, তা নয় ; তবে মাঝে মাঝে এরূপ করলে ছেলেরা যে শুধু আনন্দ পাবে, তা নয়, কয়েকদিন অভ্যাসের পর কয়েকটি sentence এর সাথেও তারা পরিচিত হবে।

শিক্ষক তাঁর তূণে কতকগুলি বাছাই করা প্রশ্ন রাখতে পারেন, যেগুলি তিনি মাঝে মাঝে ব্যবহার করতে পারেন :—

What's your name ?

Where do you live ?

How old are you ?

How many brothers and sisters are you ?

How tall are you ?

How much do you weigh ?

What's the time now ?

How many students are there in this class ?

What's your roll number, please ?

How many are you present to-day ?

What day of the week is it ?

What month is it ?

What was yesterday ?

What day is to-morrow ?

Were you present yesterday ?

Did you come to school yesterday ?

When does our school begin ?

When does our school close ? etc. etc.

এগুলির উত্তর ছেলেরা প্রথমে দিতে না পারলে তিনি-ই প্রথম উত্তর দিয়ে তারপর তাদের দিয়ে কয়েকবার উত্তরটি বলাবেন। দুচারদিন অভ্যাস করলেই

---

* Faucett এর The Teaching of English Abroad এ এইরূপ কতকগুলি উদাহরণ আছে। শিক্ষক ইচ্ছা করলে এরূপ আরও কতকগুলি direction তৈরী করে নিতে পারেন।

উত্তরগুলি আয়ত্তে এসে যাবে। * রোজই কিংবা সকল ছেলেকেই যে এই প্রশ্নগুলি করতে হবে, এমন নয়। প্রথম কয়েকদিন এই প্রশ্ন থেকে গুটিকতক প্রশ্ন ও উত্তর ক্রমান্বয়ে শিখিয়ে পরে মাঝে মাঝে প্রশ্নগুলি করতে হবে।

প্রশ্ন করার ধরণও মাঝে মাঝে পাল্‌টে দিয়ে নূতন ধরণ introduce করা যায়।

What's this ? Who's that ? Is thls a book ? এ ধরণের প্রশ্ন প্রথমদিকে কয়েকদিন চলবে। এর পর এই formটিকে পাল্‌টে—

Ram, tell me what this is.

(" " ") who that is.

(" " ") whether this is a stone

উত্তর যদিও উভয় প্রকার প্রশ্নের ক্ষেত্রে একই হবে, তবু ছেলেরা প্রশ্নের একটি নূতন ধরণের সাথে পরিচিত হবে।

শিক্ষক এক ছেলেকে দিয়ে অন্য ছেলেকে প্রশ্ন করাতে পারেন।

Ramen, ask Jatin what this is.

Jatin, ask Ramen what this is.

শিক্ষক এক ছেলেকে দিয়ে অন্য ছেলেকে command করতেও বলতে পারেন ; এতে করে sentenceএর Imperative structure এর সাথে ভাল পরিচয় হবে।

Teacher. Purabi, ask Shyamal to come here.

Purabi. Syamal, go to the teacher.

Teacher. Asit, ask Bappa to lend you his pencil.

Asit. Bappa, lend me your pencil, please.

Imperative formগুলি শিক্ষক classএ শিখিয়ে নিয়ে তারপর variation হিসেবে এগুলিকে classএ introduce করতে পারেন।

---

* Classroom orders, in all lessons, may be given in English, not in the mother-tongue. The children will translate at first, but very soon they will accept the English order without any trouble, From.—"The Teaching of English abroad" by F. G. French.

আবার অনেক সময় প্রশ্নের সঙ্গে একটি tag যোগ করে প্রশ্ন করা যায়। যেমন—

Are you Jatin ? এ না বলে

You are Jatin, aren't you ? এও বলা যায়। উত্তর একই হবে, "yes, I am."

Examples :—To-day is the 15th of September, isn't it ?
Santanu hasn't come to-day, has he ?
You are ill, are you ?
It is a fine day today, isn't it ?
Our boys played a nice game yesterday, didn't they ?

শিক্ষক নিজের দিকে দৃষ্টি আকর্ষণ করার জন্য বলতে পারেন—

Look here, children.
Just see what I am doing,
I am now going to tell you something.
I am going to tell you a nice story to-day.
I am going to show you a nice picture to-day.
Class, see what I am doing. etc. etc.

এ সব কথাগুলো শিক্ষকের জিহ্বাগ্রে থাকবে, যখনই প্রয়োজন হবে. এগুলোক ব্যবহার করবেন।

Palmer তাঁর The teaching of Oral Englishএ question and answer pattern শেখানোর বেলায় শিক্ষককে একই জাতীয় প্রশ্ন এমন ভাবে করতে বলছেন যাতে ছেলেরা বিন্দুমাত্র দ্বিধা না করে উত্তরটি দিতে পারে।

Is this a book ? Yes, it is.
Is this a pencil ? No, it isn't.
Is this a pen ? Yes, it is.
Is this a duster ? No it isn't.

'Yes', 'No', 'Yes', 'No'—উত্তরগুলি যেন automatic হয়ে যায়। Military drillএর সাথে তিনি এই জাতীয় drillingএর তুলনা করে বলছেন—"It is comparable to the commands and movements of military

drill in which the succession of movements is carried out inperfect order and with machine-like accuracy."

৪। **শিক্ষকের প্রস্তুতি**—প্রতিটি Lessonএর জন্য শিক্ষকের পূর্ব্ব প্রস্তুতি প্রয়োজন। বিদেশী ভাষা বলে ইংরেজী পাঠদানের জন্য শিক্ষকের নিজস্ব প্রস্তুতি একটু বেশীরকমই প্রয়োজন।

প্রথমেই শিক্ষককে স্থির করে নিতে হবে তিনি কি নূতন জিনিষ শেখাতে যাচ্ছেন। এটিকে তাঁর Lessonএর **Aim** বলা যেতে পারে।

নূতন জিনিষটি শেখাতে যাওয়ার পূর্ব্বেই শিক্ষককে জেনে নিতে হবে ছেলেরা কতদূর এগিয়ে রয়েছে। শিক্ষককে তার জন্য Notes রাখতে হবে যা দেখে তিনি classএর progressএর কথা মনে রাখতে পারেন।

New words, Sentence-structures যা কিছু শেখানো হ'বে শিক্ষক তার একটি সংক্ষিপ্ত Note রাখবেন তাঁর Note Bookএ। যখন কোন অনুমোদিত বই (Reader) পড়াবেন, সেখানেও এই Note রাখার প্রয়োজন আছে।

এর পর শিক্ষক পাঠটির নূতন বিষয়ের দিকে ছেলেদের মনোযোগ আকর্ষণ কি করে করবেন সেটি চিন্তা করে নেবেন।

Teaching aids হিসেবে **Blackboard, Chalk, Flannel-graph, Flash Card, Pictures, Objects, Models,** কোন্ কোন্ aidএর প্রয়োজন হবে সেগুলি জোগাড় করে রাখবেন। প্রথম দিকে কতকগুলি জীব-জন্তুর ছবি, ফলফুলের ছবি, কতকগুলি বস্তু শ্রেণীতে রাখা উচিত। এইগুলিকে দেখিয়ে কতকগুলি Oral Lessons গড়ে তোলা সম্ভব হ'বে।

(৫) **প্রতিটি Lesson যাতে Active Lesson হয়, অর্থাৎ ছেলেদের যাতে কিছু করণীয় থাকে এবং বক্তব্য থাকে সেদিকে শিক্ষক লক্ষ্য রাখবেন।** শিক্ষকের শেখানো কথা আবৃত্তি করা ছাড়াও ছাত্রেরা—

১) একে অন্যকে প্রশ্ন করতে পারে ;

২) কোন কিছু করে সেটা বলতে পারে ;

৩) দু'জনে প্রশ্নোত্তরের মাধ্যমে একটি dialogue গড়ে তুলতে পারে ;

(Ram—Did you come to school yesterday, Robin ?

Robin—No, I didn't.

Ram—Were you ill ?

Robin—No, my mother is ill ; so I didn't come to school yesterday) etc.

৪) **বোর্ডে লিখতে পারে ;**

৫) **বোর্ডে কিংবা খাতায় আঁকতে পারে ;**

৬) **বোর্ডের কিংবা খাতায় আঁকা ছবির নীচে দুচার কথা লিখতে পারে ;**

৭) **বোর্ডের লেখা দেখে নিজেদের খাতায় সেটি লিখে রাখতে পারে ;**

৮) **ছবির বই দেখতে পারে ;**

৯) **নিজেরা ছবির বই তৈরী করে নিতে পারে এবং ছবি সম্বন্ধে দুচার কথা লিখতে পারে ;**

১০) **প্রত্যেক দিনের মুখে মুখে শেখা একটি দু'টি sentence দিয়ে নিজেদের পড়ার বই তৈরী করে নিতে পারে ;**

১১) **ছোট্ট একখানি খাতায় প্রত্যেক দিনের শেখা শব্দগুলি দিয়ে একটী Dictionary তৈরী করতে পারে ;** (কি ভাবে Alphabetically সাজাতে হবে শিক্ষক মহাশয় শিখিয়ে দিলে দ্বিতীয়বর্ষে এটি সম্ভব)

১২) কোন কাজকে অবলম্বন করেও কিছু ইংরেজী মুখে মুখে শেখানো সম্ভব । খাম তৈরী করতে শেখানো, Paper-folding, doll making, actual measurements, weighing, buying and selling, make-believe plays (Doctor and Nurse, The policeman and the thief, The post-office etc.) ইত্যাদিকে অবলম্বন করে মুখে মুখে দুচারটি করে Sentence শেখালে সেগুলি যেমন অর্থবোধক হবে, তেম্নি পরের দিকে যখন ঐ সকল বিষয় সম্বন্ধে পাঠ্যপুস্তকে পড়বে, তখন সেগুলির অর্থবোধ সহজ হ'বে ।

১৩) পাঠ্য পুস্তক পড়ানোর পূর্ব্বে, মুখে মুখে কতকগুলি শব্দ ও বাক্যের সঙ্গে পূর্ব্বোক্ত প্রকারে পরিচিত করা অবশ্য কর্ত্তব্য মনে রাখতে হ'বে ।

১৫) Graded Primer কিংবা Reader হলে Lesson গুলি পরপর পড়ানোই উচিত ; মাঝখান থেকে বাদ দিলে কতকগুলি useful structures এর সাথে পরিচয় অসমাপ্ত থেকে যাবে, ফলে পরবর্ত্তী Lesson পড়াতে অসুবিধে হতে পারে ।

১৬) শিক্ষক নিজে ইংরেজী পড়ার অভ্যাস বজায় রাখার চেষ্টা করবেন। ইংরেজী খবরের কাগজ, গল্পের বই, ছোট নাটক প্রভৃতি পড়ার অভ্যাস রাখবেন।

পূর্বকথার পুনরাবৃত্তি করেই শেষ করি। আমাদের হাতে ইংরেজী পড়ানোর জন্য সময় কম ; অথচ এই অল্প সময়ের মধ্যেই কেমন করে যেটুকু পড়ার সেটুকু ভাল করে পড়াতে পারি সেই কথা চিন্তা করতে হবে। পরিকল্পনা স্থির করে স্থিরভাবে অগ্রসর হওয়া ছাড়া উপায় নেই। সব শিক্ষক কোন একটি বিশেষ পদ্ধতিকে মেনে না-ও নিতে পারেন ; তবে তিনি যে পদ্ধতি-ই অনুসরণ করুন, তিনি নিশ্চয়ই স্বীকার করবেন কোন একটি পদ্ধতির দ্বারা সব সমস্যার সমাধান করা যায় না। সে ক্ষেত্রে যে পদ্ধতির তিনি অনুসরণ করতে চান্. সেটি করুন, কিন্তু অন্যান্য পদ্ধতির মধ্যে যেটুকু তিনি গ্রহণযোগ্য মনে করবেন সেটুকু গ্রহণ করতে বিন্দুমাত্র দ্বিধা করবেন না। সদা জাগ্রত কৌতূহল, অফুরন্ত জিজ্ঞাসা ও উন্মুক্ত মানসিকতাই কৃতী শিক্ষকের সর্ব্বশ্রেষ্ঠ পরিচয় এবং ইংরেজী শিক্ষকের পক্ষে এগুলি শুধু প্রয়োজনই নয়, অপরিহার্য্যও বটে।

শুদ্ধিপত্র

অশুদ্ধ	পৃষ্ঠাসংখ্যা	লাইন	শুদ্ধ
সংহিত	১	১১	সংহতি
বিশ্বভারতীয়	২	১৬	বিশ্বভারতীর
জাতীর	৩	৭	জাতির
(৬)	২৬	৯	'শেখাব'র পরে হবে।
Structure	২৬	৯	কথাটি থাকবে না।
সমচীন	২৭	১৩	সমীচীন
হইল	২৭	১৬	হল
'Introduction	৩৭	—	Introductory
pened	৪৪	২৭	I Opened
Sffron	৪৬	১৩	Saffron
Corrnt	৪৬	২৭	Correct
হনে	৫১	৯	হবে
3 (releted)	৫৪	১০	related
cigarattee	৫৫	২৫	cigarette
উল্টে	৬৩	৮	উল্টো
Michaee	৭২	ফুটনোট	Michael
চিনিতে	৮০	৭	চিনতে
They	৮৩	৪	The
ugh	৯৪	৭	এর 'ugh'
Objictize	১০৪	৮	Objective
to the 300 to a river	১০৪	২৭	to the Zoo, to a river
our post offide			our Post Office
উারণ	১০৯	২৯	উচ্চারণ